# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Ashar 12, 1433 Bangla, June 26, 2026, Friday, No. 171, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has invited Chinese companies to extend their value chain into Bangladesh to co-author the next great Asian economic miracle in the country. [R. Today: 16]

Bangladesh and China have signed 13 memorandums of understanding (MoUs) and 2 agreements to strengthen bilateral relations between the two countries. [R. Today: 14]

Home minister has said, nearly 82 lakh people in country were addicted to various types of drugs - added that initiatives have been taken to provide arms to drug control officials. [R. Today: 16]

Education Minister has informed that HSC examinations will be held with uniform question papers across country's nine general education boards to reduce inequality in education system. [R. Today: 17]

India has announced the resumption of tourist visas for Bangladeshi nationals after nearly two years, with applications set to open from Sunday. [BBC: 08]

Government will launch National Vitamin A Plus Campaign across country on June 28, aiming to provide Vitamin A supplements to nearly 24 million children. [Jago FM: 27]

According to a survey by TIB, Bangladeshis paid an estimated Tk12,633 crore in bribes across public and semi-public service sectors during first year of interim government. [R. Today: 14]

Nine more children have died of measles-like symptoms across the country. [R. Today: 15]

At least 164 people have been killed after two major earthquakes shook in Venezuela. [BBC: 10]

Price of oil has fallen to levels not seen since before Iran war as traffic through key Strait of Hormuz shipping route gradually resumes. [BBC: 31]

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**আষাঢ় ১২, বাংলা ১৪৩৩, জুন ২৬, ২০২৬, শুক্রবার, নং- ১৭১, ৫৬তম বছর**

# শিরোনাম

পরবর্তী এশীয় অর্থনৈতিক বিস্ময় রচনায় অংশীদার হতে চীনা বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [রে. টুডেঃ ১৬]

চীন ও বাংলাদেশের মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদারে ১৩টি সমঝোতা স্মারক এবং ২টি চুক্তি সই হয়েছে। [রে. টুডেঃ ১৪]

দেশের ৮২ লাখ মানুষ বিভিন্ন ধরনের মাদকে আসক্ত বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী - তিনি বলেন, এজন্য মাদক নিয়ন্ত্রণ কর্মকর্তাদের অস্ত্র দেওয়ার উদ্যোগ নেয়া হয়েছে। [রে. টুডেঃ ১৬]

দেশের শিক্ষা ব্যবস্থায় বৈষম্য দূর করতে ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে `একক ও অভিন্ন, প্রশ্নপত্রে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে --- জানিয়েছেন শিক্ষামন্ত্রী। [রে. টুডেঃ ১৭]

বাংলাদেশি নাগরিকদের জন্য প্রায় দুই বছর পর আবার ট্যুরিস্ট ভিসা চালুর ঘোষণা দিয়েছে ভারত; ভিসার আবেদন করা যাবে ২৮ জুন থেকে। [বিবিসিঃ ০৮]

আগামী ২৮ জুন সারাদেশে জাতীয় ভিটামিন `এ, প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে - দেশের প্রায় ২ কোটি ৪০ লাখ শিশুকে ভিটামিন `এ, ক্যাপসুল খাওয়ানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ। [জাগো এফএমঃ ২৭]

টিআইবি জানিয়েছে, ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের এক বছরে দেশের বিভিন্ন সরকারি ও আধা-সরকারি সেবাখাতে মোট ১২ হাজার ৬৩৩ কোটি টাকার ঘুষ লেনদেন হয়েছে। [রে. টুডেঃ ১৪]

দেশে হামের উপসর্গ নিয়ে আরও নয় শিশুর মৃত্যু। [রে. টুডেঃ ১৫]

ভেনেজুয়েলায় ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ১৬৪ জনে দাঁড়িয়েছে। [বিবিসিঃ ১০]

হরমুজ প্রণালী দিয়ে ট্যাংকার চলাচল ধীরে ধীরে স্বাভাবিক হওয়ায় বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম যুদ্ধের আগের পর্যায়ে নেমে এসেছে। [বিবিসিঃ ৩১]

# বিবিসি

## ব্রিকসে যোগ দিতে চীনের সমর্থন পাবে বাংলাদেশ, দুই দেশের ১৩ সমঝোতা স্মারক স্বাক্ষর

ব্রিকসে বাংলাদেশ যুক্ত হওয়ার বিষয়ে চীন ইতিবাচক ভূমিকা রাখবে বলে জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন। দুই দেশের প্রধানমন্ত্রীর বৈঠকে এ বিষয়ে আলোচনা হয়েছে বলে জানান তিনি। বৃহস্পতিবার চীনের বেইজিং-এ ওই বৈঠক শেষে বাংলাদেশের প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন সেখানে এক ব্রিফিংয়ে এই কথা জানান। তিনি বলেন, "আমাদের (বাংলাদেশের) ব্রিকসে সম্পৃক্ততার বিষয়ে আলোচনা হয়েছে এবং ব্রিকসে বাংলাদেশের সংযুক্তি হওয়ার ক্ষেত্রে ওনারা (চীন) ইতিবাচক ভূমিকা রাখবেন, সেটি বলেছেন।„ উল্লেখ্য, ব্রিকস হলো উদীয়মান অর্থনীতির পাঁচটি দেশ। ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন এবং সাউথ আফ্রিকার প্রথম অক্ষরের সমন্বয়ে নামকরণ করা একটি জোট এই ব্রিকস। সবশেষ ২০১০ সালে দক্ষিণ আফ্রিকা অন্তর্ভুক্ত হবার আগে এটি 'ব্রিক' নামে পরিচিত ছিল। মূলত উন্নয়নশীল অথবা সদ্য শিল্পোন্নত এই দেশগুলোর অর্থনৈতিক প্রবৃদ্ধি বেশ উর্ধ্বমুখী। সেইসাথে আঞ্চলিক ও আন্তর্জাতিক ঘটনাবলীর উপর তাদের উল্লেখযোগ্য প্রভাব রয়েছে। তাই এই জোটকে বেশ প্রভাবশালী বলে মনে করেন অর্থনীতিবিদরা। চীনের স্থানীয় সময় বিকেল পাঁচটায় চীনের প্রিমিয়ার বা প্রধানমন্ত্রী লি কিয়াং-এর সঙ্গে ঐতিহাসিক গ্রেট হলে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের এক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে দুই দেশের মধ্যে বিভিন্ন বিষয়ে ১৩টি সমঝোতা স্মারক (মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং) স্বাক্ষরিত হয়েছে। একইসঙ্গে তিস্তা মহাপরিকল্পনা, বাণিজ্য, বিনিয়োগসহ নানা বিষয়ে বাংলাদেশ ও চীনের প্রধানমন্ত্রীর মধ্যে আলোচনা হয়েছে বলে জানান মাহদী আমিন।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মি. আমিন বলেন, "তিস্তা প্রজেক্টের বিষয়ে আমাদের একটা মহাপরিকল্পনা রয়েছে। যেটা বিএনপির নির্বাচনি ইশতেহারে রয়েছে। তার আলোকে এই মহাপরিকল্পনার প্ল্যানিং স্টেজ থেকে শুরু করে, যেখানে প্রয়োজন চীন আমাদের টেকনিক্যাল সাপোর্ট প্রোভাইড করবে।„ "তাদের যে জ্ঞান রয়েছে, তার ওপর ভিত্তি করে আমাদের প্রজেক্ট ডিফাইন করা, প্ল্যানিং করা, এক্সিকিউশন সব জায়গায় তারা ধারাবাহিকভাবে ইনভলভ হবে বলে আগ্রহ প্রকাশ করেছে। জয়েন্ট ফিজিব্যালিটি স্টাডি করাটা খুব প্রয়োজন। এতো বড়ো একটা প্রজেক্টের জয়েন্ট ফিজিব্যালিটি স্টাডির ক্ষেত্রে বাংলাদেশের সাথে চীন কাজ করতে চায়,„ বলেন মি. আমিন। এছাড়া, রোহিঙ্গা প্রত্যাবাসনের ক্ষেত্রেও প্রয়োজনে চীন সহযোগিতা করবে বলে জানিয়েছেন, বলেন তিনি। "মায়ানমারের সাথে যদি কোনো ডায়লগ করার দরকার হয়, স্পেশালি রোহিঙ্গা প্রত্যাবাসনের জন্য যেটা আমরা সবসময় বলছি যে, ভলান্টারি সেইফ এবং ডিগনিফাইড রিপ্যাট্রিয়েশন চাই সেক্ষেত্রে চীন বলেছে, তারা ফ্যাসিলিটেট করতে চায়,„ বলেন প্রধানমন্ত্রী কার্যালয়ের মুখপাত্র। এছাড়াও সড়ক, টানেলসহ নানা অবকাঠামো নির্মাণে চীন ভূমিকা রাখবে বলে বৈঠকে আলোচনা হয়েছে। একইসঙ্গে কর্মসংস্থান তৈরি, বাণিজ্য ও বিনিয়োগ বাড়াতে নানা পদক্ষেপের বিষয়েও দুই দেশের প্রধানমন্ত্রীর আলোচনা হয়েছে বলে জানান তিনি।

### প্রধানমন্ত্রীর চীন সফরে যেসব বৈঠক ও আলোচনা

তিস্তা মহাপরিকল্পনাসহ বাংলাদেশের বিভিন্ন নদী ব্যবস্থাপনা, বন্যা ঝুঁকি মোকাবিলা, নদী খনন, নদীভাঙন রোধ এবং সেচ ও নৌ-নেভিগেশন উন্নয়নে সহযোগিতা বাড়ানোর বিষয়ে ঐকমত্য হয়েছে বাংলাদেশ ও চীন। বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের এই রাষ্ট্রীয় সফরে বৃহস্পতিবার চীনের পানি সম্পদ মন্ত্রী লি গুয়োয়িংয়ের সাথে এক বৈঠকে এসব বিষয়ে দুই দেশ ঐকমত্য হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছেন। নদী ব্যবস্থাপনাসহ এই খাতে একসাথে কাজ করা, গবেষণা, প্রশিক্ষণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে সহযোগিতার আগ্রহ প্রকাশ করেছেন চীনের পানি সম্পদ মন্ত্রী। প্রধানমন্ত্রী তারেক রহমান মালয়েশিয়ায় তার প্রথম বিদেশ সফরের পর চীনের প্রধানমন্ত্রীর আমন্ত্রণে বুধবার দেশটিতে সফর করছেন। প্রধানমন্ত্রীর উপদেষ্টা মি. আমিন বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, চীনের স্থানীয় সময় বিকেল পাঁচটায় চীনের প্রধানমন্ত্রী লি কিয়াং-এর সঙ্গে ঐতিহাসিক গ্রেট হলে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের এক বৈঠক অনুষ্ঠিত হয়। ওই বৈঠকে দুই দেশের মধ্যে বিভিন্ন বিষয়ে ১৩টি সমঝোতা স্মারক (মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং) স্বাক্ষরিত হয় বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর মুখপাত্র। এক বিবৃতিতে মি. আমিন বলেছেন, "এগুলো চীন-বাংলাদেশ সম্পর্ককে আরো জোরদার করার পথে প্রভাবক হবে বলে আশা করছি।„ বৃহস্পতিবার বিকেলের বৈঠকের পরে চীনের প্রধানমন্ত্রীর আয়োজিত একটি রাষ্ট্রীয় ভোজে অংশ নেন প্রধানমন্ত্রী তারেক রহমান ও তার সফরসঙ্গীরা।

এছাড়া, শুক্রবার চীনের স্থানীয় সময় সকাল সাড়ে দশটায় অর্থাৎ বাংলাদেশ সময় সকাল সাড়ে আটটায় দেশটির প্রেসিডেন্ট শি জিনপিং-এর সঙ্গে সাক্ষাৎ করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রধানমন্ত্রীর উপদেষ্টা মি. আমিন, এই বেইজিং সফরের উদ্দেশ্য সম্পর্কে বলেন, "বেইজিং-এ বাংলাদেশের প্রধানমন্ত্রীর এই সফরের উদ্দেশ্য হলো বাংলাদেশের ভূ-রাজনৈতিক ও কৌশলগত অবস্থান, ভারসাম্যপূর্ণ পররাষ্ট্রনীতি, বাংলাদেশে চীনা বিনিয়োগ বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, দ্বিপাক্ষিক বাণিজ্যের প্রসার, জনগণের সঙ্গে জনগণের সম্পর্ক জোরদার করা এবং শিক্ষা, সংস্কৃতি,

তথ্যপ্রযুক্তি ও স্বাস্থ্যসহ জনস্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে দুই দেশের মধ্যে আরও কার্যকর সহযোগিতা প্রতিষ্ঠা কর।„ এর আগে, ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের আমন্ত্রণে প্রথমে চীনের দালিয়ানে যান প্রধানমন্ত্রী। সেখানে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম আয়োজিত ”অ্যানুয়াল মিটিং অব দ্য নিউ চ্যাম্পিয়নস„ সম্মেলনে অংশগ্রহণ করেন তিনি। এ সম্মেলনে বিশ্বের বিভিন্ন দেশের বিশিষ্ট ব্যক্তি এবং সাতটি দেশের প্রধানমন্ত্রী অংশগ্রহণ করেছেন। যে-সব দেশের প্রধানমন্ত্রীরা এই অনুষ্ঠানে অংশ নেন, তাদের মধ্যে ছিল চীন, দক্ষিণ কোরিয়া, মন্টিনিগ্রো, মঙ্গোলিয়া, গিনি এবং কাজাখস্তান। এছাড়া ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের প্রেসিডেন্ট ও সিইও বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন।

**বিনিয়োগের যে-সব বৈঠক**

বাংলাদেশে বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্য নিয়ে এরই মধ্যে বৃহস্পতিবার সকালে চায়না কাউন্সিল ফর দ্য প্রমোশন অফ ইন্টারন্যাশনাল ট্রেড (সিসিপিআইটি) এবং বিডার যৌথ উদ্যোগে 'ইনভেস্ট বাংলাদেশ' নামে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। এই অনুষ্ঠানে চীনের প্রথম সারির ব্যবসা প্রতিষ্ঠানের ৮০ জন শীর্ষ কর্মকর্তা ও মালিক উপস্থিত ছিলেন বলে জানিয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মি. আমিন জানান, বাংলাদেশে কীভাবে বিনিয়োগ বৃদ্ধি করা যায়, বিনিয়োগের ক্ষেত্রে সরকারের অবস্থান কী এবং কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে ব্যবসায়িক নেতৃবৃন্দের সামনে এই অনুষ্ঠানে তুলে ধরেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একইসঙ্গে চীনা প্রতিষ্ঠানগুলো তাদের প্রত্যাশা, পরিকল্পনা এবং বিনিয়োগ-সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য-উপাত্ত বাংলাদেশের প্রধানমন্ত্রীর সামনে উপস্থাপন করেন। চীনা বিনিয়োগকারীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, ”অর্থনৈতিক ও প্রশাসনিক সংস্কারের মাধ্যমে বাংলাদেশ উৎপাদন ও শিল্প খাতের নতুন গন্তব্য হিসেবে একটি প্রতিযোগিতামূলক, নির্ভরযোগ্য ও লাভজনক অংশীদার হতে পারে।„ প্রধানমন্ত্রী জানান, বিনিয়োগবান্ধব পরিবেশ নিশ্চিত করতে সরকার ১৮০ দিনের বিশেষ কর্মপরিকল্পনা বাস্তবায়ন করছে। একইসঙ্গে আনোয়ারা ও মোংলায় অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন, চীনে বাংলাদেশের প্রথম ইনভেস্টমেন্ট অফিস স্থাপন এবং অগ্রাধিকারপ্রাপ্ত বিভিন্ন খাতে বিশেষ প্রণোদনা প্রদানের উদ্যোগ নেওয়া হয়েছে। বিনিয়োগকারীদের ১৫ দিনের কম সময়ের মধ্যে নতুন লাইসেন্স দেওয়া হবে বলেও জানিয়েছেন প্রধানমন্ত্রী। চীনের বেশ কয়েকটি বড় শিল্পগোষ্ঠীর শীর্ষ কর্মকর্তারা এই সফরে তারেক রহমানের সাথে সাক্ষাৎ করেন বলেও বিবৃতিতে জানানো হয়েছে। এছাড়া, চায়না ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট কো-অপারেশন এজেন্সি, চায়না রেলওয়ে কনস্ট্রাকশন করপোরেশন, চায়না রোড অ্যান্ড ব্রিজ করপোরেশনসহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধান, বিনিয়োগকারী, মন্ত্রীসহ বিভিন্ন ব্যক্তিরা প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা মি. আমিন। এছাড়াও বেইজিংয়ের দিয়াওইউতাই অতিথি ভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে দেশটির কমিউনিস্ট পার্টির আন্তর্জাতিক বিভাগের মন্ত্রী লিউ হাইক্সিংয়ের পার্টি-টু-পার্টি বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে বাংলাদেশ ও চীনের মধ্যে দীর্ঘমেয়াদি অর্থনৈতিক সহযোগিতা, টেকসই প্রবৃদ্ধি ও পারস্পরিক সমৃদ্ধির লক্ষ্যে আরো ঘনিষ্ঠ অংশীদারত্ব গড়ে তোলার আহ্বান জানান বাংলাদেশের প্রধানমন্ত্রী। এই বৈঠকে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বা বিএনপির সাথে চীনা কমিউনিস্ট পার্টির একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় বলে সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা। মি. আমিন বলেন, ”বাংলাদেশ-চীন সম্পর্ককে বহুমাত্রিক ক্ষেত্রে আরও গভীর করতেই এই সফর। কৌশলগত সহযোগিতা থেকে শুরু করে বাণিজ্য, বিনিয়োগ ও কর্মসংস্থান, এবং উন্নয়ন প্রকল্প থেকে জনগণের সঙ্গে জনগণের সম্পর্ক, সব ক্ষেত্রেই দুই দেশের দ্বিপাক্ষিক সম্পৃক্ততা নতুন উচ্চতায় পৌঁছাবে।„ এর আগে, এই রাষ্ট্রীয় সফরের প্রথম পর্বে মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর আমন্ত্রণে বাংলাদেশের প্রধানমন্ত্রী মালয়েশিয়া সফর করেছিলেন।

(বিবিসি ওয়েব পেজ : ২৫.০৬.২০২৬ নারগীস)

## লা গুয়াইরায় একশোরও বেশি ভবন ভূমিকম্পে ধসে পড়েছে : জাতিসংঘ

ভেনেজুয়েলার লা গুয়াইরাতে একশোরও বেশি ভবন ভূমিকম্পে ধসে পড়েছে বলে জানিয়েছে জাতিসংঘের মানবিক বিষয়ক সমন্বয় কার্যালয়। দেশটির অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট দেলসি রদ্রিগেজ জাতিসংঘের নগরাঞ্চলে অনুসন্ধান ও উদ্ধার কাজ চালাতে সকল দলকে মোতায়েন করার অনুমতি দিয়েছেন। যাতে তারা উদ্ধারের কার্যক্রমে আসা অন্যান্য দলগুলোকে লজিস্টিক ও অন্যান্য সহায়তা দিতে পারে। সর্বশেষ আপডেটে বলা হয়েছে, আন্তর্জাতিক দলগুলো প্রধান কেন্দ্র বা ফোকাস এলাকা হিসেবে লা গুয়াইরা এবং কারাকাসের ওপর মনোযোগ দেবে। অন্যদিকে ভেনেজুয়েলার অন্যান্য সকল এলাকা সিভিল প্রটেকশন বা নাগরিক সুরক্ষা এবং স্থানীয় দলগুলোর মাধ্যমে সামলানো হচ্ছে। রদ্রিগেজ এর আগে জানিয়েছিলেন, লা গুয়াইরাতে ডজন ডজন ভবন ধসে পড়েছে। তিনি এটিকে দেশের সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত রাজ্য হিসেবে বর্ণনা করেন এবং একে একটি দুর্যোগপূর্ণ এলাকা বলে ঘোষণা করেন।

(বিবিসি ওয়েব পেজ : ২৫.০৬.২০২৬ নারগীস)

## বাংলাদেশ-মিয়ানমার সীমান্তে মাইন আতঙ্কের শেষ কোথায়?

বাংলাদেশ-মিয়ানমার সীমান্তবর্তী এলাকায় মাইন বিস্ফোরণে একের পর এক হতাহতের ঘটনা, সীমান্ত ঘেঁষা অঞ্চলে বসবাসরত বাংলাদেশের নাগরিকদের কাছে আতঙ্কের কারণ হয়ে দাঁড়িয়েছে। মাইন বিস্ফোরণে হতাহতের এসব

ঘটনায় সীমান্তের ওপারে মিয়ানমারে চলমান অস্থিরতার প্রভাব ছড়িয়ে পড়ছে বাংলাদেশেও। নিজ ভূখণ্ডে থেকেও অন্য দেশে চলা যুদ্ধে হতাহত হচ্ছেন বাংলাদেশের অনেক নাগরিক। মিয়ানমার সীমান্ত ঘেঁষা বাংলাদেশের নাইক্ষ্যংছড়ি ও উখিয়া এলাকার বাসিন্দারা বলছেন, প্রতিবেশী দেশের অভ্যন্তরীণ যুদ্ধ পরিস্থিতি দীর্ঘদিন ধরেই তাদের অশান্তির কারণ হয়ে উঠেছে। বুধবার বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম সীমান্ত এলাকায় স্থলমাইন বিস্ফোরণে নিহত হয়েছেন এক বাংলাদেশি যুবক। এর কদিন আগেই একই সীমান্তে মৃত্যু হয় আরেকজনের। গত ২৪ মে নাইক্ষ্যংছড়ির ভালুকিয়া এলাকায় মাইন বিস্ফোরণে একজন রোহিঙ্গা নাগরিকসহ চারজন নিহত হন। এছাড়া টেকনাফের সীমান্তবর্তী এলাকা থেকে জেলেদেরকে অপহরণের মতো ঘটনাও ঘটছে। এমন পরিস্থিতিতে সীমান্ত এলাকায় বসবাসরত বাংলাদেশিদের নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠেছে। সীমান্তবর্তী এলাকায় নিরাপত্তা নজরদারি এড়িয়ে এত মাইন আসলো কীভাবে? এই প্রশ্নও সামনে আসছে। মিয়ানমারের অভ্যন্তরীণ যুদ্ধ পরিস্থিতি এবং আন্তর্জাতিক রাজনীতির নানা সমীকরণ বাংলাদেশ-মিয়ানমার সীমান্তে বেশ জটিল পরিস্থিতি তৈরি করেছে বলেই মনে করেন নিরাপত্তা বিশ্লেষকদের অনেকে। তারা বলছেন, সীমান্ত এলাকায় মাইন বা বিস্ফোরক ব্যবহারের ক্ষেত্রে জেনেভা কনভেনশনে থাকা আন্তর্জাতিক নিয়মনীতিও বাংলাদেশ-মিয়ানমার সীমান্তে মানা হচ্ছে না। সীমান্ত এলাকায় নিজেদের উপস্থিতি বাড়ানোর মাধ্যমে পরিস্থিতি মোকাবিলার চেষ্টা করা হচ্ছে বলে জানিয়েছে বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী- বর্ডার গার্ড বাংলাদেশ বা বিজিবি। আর ক,দিন আগেই মিয়ানমার সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের উদ্যোগের কথা জানিয়েছেন বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি জানিয়েছেন, নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি সীমান্ত হত্যা, অনুপ্রবেশ, মাদক, অস্ত্র, গোলাবারুদ, আন্তঃসীমান্ত বিভিন্ন অপরাধ শূন্যের কোঠায় নামিয়ে আনতে সমন্বিত পদক্ষেপ নিয়েছে বিজিবি। এদিকে, সীমান্ত পরিস্থিতি ও রোহিঙ্গা সংকট সমাধানে তিন ধাপে কূটনৈতিক তৎপরতা চালানো হচ্ছে বলে জানিয়েছে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়।

**ঝুঁকি বাড়ছে অরক্ষিত সীমান্তে**

মিয়ানমারের জান্তা বাহিনীর সঙ্গে বিরোধীদের যুদ্ধ শুরুর পর থেকে মাইন বিস্ফোরণ কিংবা ওপার থেকে ছোড়া গোলার আঘাতে বাংলাদেশি নাগরিকদের হতাহতের ঘটনা ঘটছে। সীমান্ত এলাকায় বসবাসরত বাংলাদেশি নাগরিকদের অনেকেই বলছেন, চোরাচালান কিংবা মাদক কারবারিদের বিরুদ্ধে সীমান্ত পাড়ি দেওয়ার অভিযোগ থাকলেও সম্প্রতি মাইন বিস্ফোরণের যে ঘটনাগুলো ঘটেছে, তার অধিকাংশই বাংলাদেশ ভূখণ্ডের ভেতরে। অর্থাৎ নিজ দেশের ভূখণ্ডে থেকেও হতাহতের শিকার হচ্ছেন অনেক বাংলাদেশি নাগরিক। বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার ঘুমধুম সীমান্তে বুধবার মাইন বিস্ফোরণে গুরুতর আহন হন বাংলাদেশি যুবক মোহাম্মদ শফি। পরে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে মৃত্যু হয় তার। নিহতের পরিবারের দাবি, বাংলাদেশ সীমান্তের ভেতরে ঘুমধুমের একটি পাহাড়ি এলাকায় কৃষি জমিতে কাজ করতে গিয়ে মাইন বিস্ফোরণের ঘটনায় আহত হয় সে। নাইক্ষ্যংছড়ি সীমান্ত এলাকার ৪১ নম্বর সীমান্ত পিলার এলাকায় কাজ করতে গিয়ে ওই ব্যক্তি আহত হন বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন, বিজিবি ৩৪ ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল এস এম খায়রুল আলম। তবে ঘটনাটি বাংলাদেশ সীমান্তের ভেতরে, নাকি শূন্য রেখায় ঘটেছে- এ বিষয়টি নিশ্চিত করতে পারেননি তিনি। ”স্থানীয়রা আমাদেরকে জানিয়েছেন যে, নিহত ব্যক্তি আমাদের সীমান্তের ভেতরেই আহত হয়েছেন, কিন্তু আমরা এখনও নিশ্চিত হতে পারিনি, দুর্গম পাহাড়ি ওই এলাকায় আমাদের টিম কাজ করছে,„ বিবিসি বাংলাকে বলেন মি. আলম। বিজিবির এই কর্মকর্তা বলছেন, বাংলাদেশ-মিয়ানমার সীমান্তের পাহাড়ঘেরা ওই অংশে কাঁটাতারের বেড়া না থাকায় সাধারণভাবে সীমান্তরেখা বোঝা কঠিন। এর ফলে ভৌগোলিক অবস্থানের সুযোগ নেওয়ার চেষ্টা করে অনেক গোষ্ঠী। এমনকি যখন থেকে মিয়ানমারের অভ্যন্তরীণ সংঘাত শুরু হয়েছে, তখন থেকেই ঘুমধুমসহ দুর্গম সীমান্ত এলাকাগুলোতে বিভিন্ন গোষ্ঠী তৎপরতা বাড়ানোর চেষ্টা করেছে। ”ওই সময় তাদের ফেলে যাওয়া অস্ত্র কিংবা বিস্ফোরক ওইসব এলাকায় থাকতে পারে। সীমান্তের অরক্ষিত অংশে সাধারণ মানুষের চলাচল বন্ধ করতে সচেতনতামূলক কর্মসূচি চালাচ্ছি আমরা,„ বিবিসি বাংলাকে বলেন মি. আলম। এক্ষেত্রে বাংলাদেশ সীমান্তে দ্রুত কাঁটাতারের বেড়া দিয়ে সীমান্ত সুরক্ষিত করার কথা বলছেন নিরাপত্তা বিশ্লেষক ড. নাসির উদ্দিন আহাম্মেদ। তিনি বলছেন, মিয়ানমারের সঙ্গে সীমান্তের বেশিরভাগ এলাকায় পাহাড় এবং জঙ্গল ঘেরা হওয়ায় এসব এলাকার যোগাযোগ ব্যবস্থা ভালো নয়। ফলে বিভিন্ন সশস্ত্র গোষ্ঠী ওই এলাকাগুলোকে তাদের যাতায়াতের রুট হিসেবে ব্যবহারের চেষ্টা করে। ”বিজিবির সক্ষমতা আগের থেকে অনেক বাড়ানো হয়েছে, সীমান্ত এলাকায় নজরদারিও জোরদার করেছে বিজিবি, কিন্তু পাহাড় ঘেরা দুর্গম ওইসব এলাকায় দিনরাত সবসময় নজরে রাখা কঠিন কাজ,„ বিবিসি বাংলাকে বলেন মি. আহাম্মেদ।

**ঝুঁকি জেনেও সীমান্তে কেন?**

মিয়ানমারের অভ্যন্তরীণ সংকট শুরুর পর থেকেই দেশটির সাথে সীমান্তে বাংলাদেশি নাগরিক হতাহতের ঘটনা থামানো যাচ্ছেনা কেন? এক্ষেত্রে সীমান্ত এলাকায় মাদক চোরাচালানসহ নানা অপকর্মের অভিযোগ যেমন রয়েছে, তেমনি সীমান্তে কাজ করতে গিয়ে অনেক সাধারণ মানুষের হতাহতের ঘটনাও সামনে আসছে। মিয়ানমারে অস্থিরতার সুযোগে

সীমান্তবর্তী এলাকায় মাদক চোরাচালান বেড়েছে বলেও জানান বান্দরবানের স্থানীয় সংবাদকর্মী রতন কুমার দে। তিনি বলছেন, ”মাদক কিংবা চোরা কারবারিদের চলাচল আছে, কিন্তু মাইন বিস্ফোরণে যারা নিহত হচ্ছেন তাদের অনেক সাধারণ মানুষ, নিজের জমিতে কাজ করতে গিয়ে হতাহত হয়েছেন।„ এছাড়া পাহাড় ঘেরা অনেক এলাকায় কাঁটাতারের বেড়া না থাকায় ভুল করেও অনেকে সীমান্তের ওপারে চলে যান বলেও জানান তিনি। ঘুমধুম ইউনিয়নের প্রশাসক রিমন রুদ্র বলছেন, ”নিজেদের জমি থেকে ফসল সংগ্রহ করবে, সেখানে মাইনের আঘাতে হতাহত হচ্ছে। গত মাসেও বাংলাদেশ সীমান্তের ভেতরে নিজেদের জমিতে কাজ করতে গিয়ে তিনজন নিহত হয়েছেন।„ মি. রুদ্র জানান, স্থানীয়দের নিরাপত্তার স্বার্থে সীমান্তবর্তী দুর্গম পাহাড়ি এলাকায় চলাচলের ক্ষেত্রে সতর্ক থাকতে বলেছে বিজিবি। সীমান্তের অরক্ষিত এলাকায় না যেতে স্থানীয় পর্যায়ে নানা ধরনের সচেতনতামূলক কর্মকাণ্ড চালানো হচ্ছে বলে জানান, বান্দরবানের জেলা প্রশাসক মো. সানিউল ফেরদৌস। তিনি বলছেন, বিজিবির মাধ্যমে যে-সব এলাকায় কৃষি জমি আছে সেসব এলাকায় সচেতনতামূলক কর্মসূচি চালাচ্ছে বিজিবি। ”সীমান্তের পাঁচ কিলোমিটার পর্যন্ত এলাকা যেহেতু বিজিবির নিবীড় তত্ত্বাবধান করে, ওই এলাকায় সাধারণ প্রশাসনের সরাসরি খুব বেশি কিছু করার নেই,„ বিবিসি বাংলাকে বলেন তিনি।

**সমাধানের পথ কী?**

গত কয়েক বছর ধরে বাংলাদেশ মিয়ানমার সীমান্তে স্থল মাইন বিস্ফোরণে হতাহতের ঘটনা ঘটছে। বিশেষ করে ২০১৭ সালে রোহিঙ্গা সংকটের সময়ে স্থল মাইন বিস্ফোরণের খবর বেশি আসতে শুরু করে। নিরাপত্তা বিশ্লেষক ড. নাসির উদ্দিন আহাম্মেদ বলছেন, বাংলাদেশ এবং মিয়ানমারের সীমান্ত এলাকা নদী, পাহাড় এবং সমতল মিশ্রিত দুর্গম এলাকা, যেখানে যাতায়াত ব্যবস্থাও কঠিন। বিবিসি বাংলাকে তিনি বলছেন, ”ওই সীমান্তটা আসলে কার নিয়ন্ত্রণে এটা বলা বেশ কঠিন। কারণ সীমান্তের এই অংশে মিয়ানমারের সরকারি বাহিনীকে সরিয়ে আরাকান আর্মি নিয়ন্ত্রণ নিয়েছে।„ ”এখানে দেশটির কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণ নেই। আবার আরাকান আর্মির বিরুদ্ধেও স্বাধীনতাকামী সংগঠন, জঙ্গি সংগঠন, বিদ্রোহী সংগঠনসহ নানা নামে তৎপর আছে অনেক গোষ্ঠী,„ বলেন তিনি। ফলে সীমান্তে মূলত কারা মাইন পুঁতে রাখছে, বিষয়টি চিহ্নিত করা বেশ কঠিন বলেই মনে করেন মি. আহাম্মেদ। তিনি বলছেন, জেনেভা কনভেনশন অনুযায়ী সীমান্ত এলাকায় মাইন স্থাপনের নির্ধারিত নিয়ম থাকলেও প্রচলিত বাহিনী না থাকায় এই সীমান্তে বিষয়টি ভিন্ন। ”মাইন পাতা হলে আলাদা করে জায়গাটাকে চিহ্নিত করে দিতে হয়। কারণ মাইনের উদ্দেশ্য হলো শত্রু আক্রমণকে ধীর করে দেওয়া। কিন্তু এখানে শত্রু অজানা, জেনেভা কনভেনশন মানার কোনো বিষয়ও এখানে নাই,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। মিয়ানমারের অভ্যন্তরীণ পরিস্থিতিতে জড়িত যে-কোনো পক্ষ নিজেদেরকে নিরাপদ রাখতেও মাইন পেতে রাখতে পারে বলেও মনে করেন এই বিশ্লেষক। তিনি বলছেন, ”আমরা কোনো কোনো গোষ্ঠীকে সীমান্ত পার করে বাংলাদেশ অংশে চাঁদাবাজি করতে শুনেছি, বৈশাখি অনুষ্ঠানেও অস্ত্রসহ যোগ দেওয়ার ছবি গণমাধ্যমে এসেছে। কিন্তু কখনও শুনেছেন যে মাইন বিস্ফোরণ হয়ে তাদের কোনো ক্ষতি হয়েছে?„ বিজিবিকে সীমান্তের ওই অংশে অভিযান চালাতে হলে এই মাইন জোনগুলো পার করেই এগোতে হবে বলেও মনে করেন মি. আহাম্মেদ। ”তার মানে যারা মাইনগুলো পাতছে, তারা খুব সচেতনভাবেই এগুলো বিভিন্ন অংশে বসিয়েছে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। এক্ষেত্রে সীমান্তে গোয়েন্দা নজরদারি বাড়ানোর কথা বলছেন এই নিরাপত্তা বিশ্লেষক। এছাড়া বাংলাদেশের সীমান্ত এলাকায় কাঁটাতারের বেড়া দেওয়ার যে উদ্যোগ সরকার নিয়েছে সেটিও দ্রুত বাস্তবায়নের কথা বলছেন তিনি।

এদিকে, মিয়ানমার ইস্যুতে তিনটি বিষয়কে সামনে রেখে কূটনৈতিক তৎপরতা চালানো হচ্ছে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মিয়ানমার অনুবিভাগের মহাপরিচালক মো. তৌফিক উর রহমান। তিনি বলছেন, ”তাদের ওখান থেকে মাঝে মাঝে গুলি বা বিস্ফোরক আসে বা মাইন অবিস্ফোরিত থাকে, এ সব ব্যাপারে আমরা মিয়ানমার দূতাবাসে, ঢাকায় যারা আছেন এবং ইয়াঙ্গুনে আমাদের যে দূতাবাস, তার মাধ্যমে তাদের সরকারের কাছে আমাদের কনসার্নগুলো পৌঁছে দেই।„ মিয়ানমারের অভ্যন্তরীণ সমস্যা ঠিক না হলে বাংলাদেশের সীমান্ত, ঘরে তৈরি জটিলতা কিংবা রোহিঙ্গা সমস্যা সমাধান হওয়া কঠিন বলেও জানান পররাষ্ট্র মন্ত্রণালয়ের এই কর্মকর্তা। এক্ষেত্রে আন্তর্জাতিক পরিসরে জনমত গঠন, রোহিঙ্গা ইস্যুতে বিভিন্ন মানবাধিকার সংগঠনের সঙ্গে আলোচনা এবং কূটনৈতিক ফোরামে বাংলাদেশের অবস্থান তুলে ধরা- এই তিনটি বিষয়কে গুরুত্ব দিচ্ছে বাংলাদেশ। মি. রহমান বলছেন, ”অনেক সময় ফান্ড সংকুচিত হয়, এ নিয়েও আমাদের ক্যাম্পেইন চালাতে হয়। আমাদের প্রায়োরিটি এজেন্ডার সঙ্গে সহায়ক দাতা সংস্থাগুলোর চিন্তা অনেক সময় ভিন্ন হয়, সেটি নিয়েও কাজ করতে হয়।„ এছাড়া রোহিঙ্গা জনগোষ্ঠীকে বাস্তুচ্যুত করা এবং তাদের ওপর নির্যাতন করার পেছনে কারা দায়ী, সেই বিষয়টাও কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে তুলে ধরে বাংলাদেশ। ”আন্তর্জাতিক আদালতে তাদের বিরুদ্ধে মামলা চলমান, পৃথিবীর অনেক দেশ, সচেতন নাগরিক বা মানবাধিকার সংগঠন মামলা করেছেন, এসব বিষয়েও আমাদের কাজ করতে হয়। যাতে এই দিকগুলো সচল থাকার মধ্যদিয়ে মিয়ানমার কর্তৃপক্ষ একটা চাপে থাকে,„ বলেন তিনি।

(বিবিসি ওয়েব পেজ : ২৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## ইমেরিটাস অধ্যাপক নিয়োগ বাতিলের সিদ্ধান্তকে 'নিন্দনীয়', 'অসম্মানজনক' বললেন ডা. আবদুল্লাহ

ইমেরিটাস অধ্যাপক হিসেবে বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক ডা. এ বি এম আবদুল্লাহর আজীবন নিয়োগ বাতিল করা হয়েছে। একইসঙ্গে ওই পদের বিপরীতে তার তোলা সব সম্মানী ও ভাতা ফেরত দেওয়ার নির্দেশ দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বৃহস্পতিবার এ সংক্রান্ত চিঠি হাতে পেয়েছেন বলে বিবিসি বাংলাকে নিশ্চিত করেছেন অধ্যাপক আব্দুল্লাহ। "এটা অত্যন্ত একটা অসম্মানজনক। এটা অত্যন্ত নিন্দনীয়, অসম্মানের। এটা অশোভন একটা কাজ করছে এরা,„ বলেন অধ্যাপক আব্দুল্লাহ। ২০২২ সালে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই চিকিৎসককে আজীবনের জন্য 'ইমেরিটাস অধ্যাপক, পদে নিয়োগ দিয়েছিলেন। মেডিসিনের সুপরিচিত এই চিকিৎসক বিবিসি বাংলাকে বলেন, "সাধারণত আজীবনের জন্য দেওয়া হয়। সম্মানীত পোস্ট এটা, এটাতো কোনো চাকরি-বাকরি না। আফটার রিটায়ারমেন্ট প্রিভিয়াস ব্যাকগ্রাউন্ড দেখে দেয়। আমাদের বাংলাদেশ ইউনিভার্সিটিতে আমিই প্রথম। অন্য ইউনিভার্সিটিতেও আছে।„ তিনি জানান, এই পদে কোনো বেতন-ভাতা দেওয়া হয় না, একটা অনারেরিয়াম দেওয়া হয়। বেশ ক্ষোভের সাথেই অধ্যাপক আব্দুল্লাহ বলেন, "বাতিলটাও করতে পারে না, এটা অন্যায়, অযৌক্তিক। আর টাকা ফেরত চেয়েছে, এটা আরো অযৌক্তিক। দুইটার কোনোটাই করতে পারে না তারা। করছে আর কি, গায়ের জোরে।„ তাকে "আত্মপক্ষ সমর্থণের কোনো সুযোগ দেওয়া হয়নি„ বলেও উল্লেখ করেন তিনি। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ থেকে তাৎক্ষণিক বক্তব্য পাওয়া যায়নি।(বিবিসি ওয়েব পেজ : ২৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## মুদি দোকান করের আওতায় আনা কি সম্ভব?

বাংলাদেশের অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী জাতীয় সংসদে জানিয়েছেন, মুদি দোকানের মতো কিছু ব্যবসায়িক খাতকে আগামী অর্থবছর থেকেই করের আনার পরিকল্পনা করছেন তারা। যদিও দেশজুড়ে ছড়িয়ে ছিটিয়ে থাকা লাখ লাখ মুদি দোকানকে কীভাবে করের আওতায় আনা হবে-তার ব্যাখ্যা কিংবা পরিকল্পনা এখনো রাজস্ব বিভাগ কিংবা অর্থ মন্ত্রণালয় প্রকাশ করেনি। অর্থমন্ত্রী আগামী অর্থবছরের বাজেট প্রস্তাবনায় যা বলেছেন, তার ভিত্তিতে রাজস্ব বিভাগের কর্মকর্তারা ধারণা দিচ্ছেন যে, মুদি দোকান বা এমন ধরনের খাতগুলোকে প্যাকেজ ভ্যাটের আওতায় আনার চিন্তা-ভাবনা চলছে। যদিও এ ধারণাটি বর্তমান ভ্যাট আইনের সাথে সাংঘর্ষিক কারণ সবশেষ প্রণীত ভ্যাট আইনে সর্বোচ্চ ত্রিশ লাখ টাকা পর্যন্ত বার্ষিক বিক্রয় হয় এমন প্রতিষ্ঠানকে টার্নওভার কর ও ভ্যাট থেকে রেহাই দেয়া হয়েছে। বেসরকারি সংস্থা সিপিডির গবেষণা পরিচালক অর্থনীতিবিদ ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম অবশ্য বলছেন, তার ধারণা সরকার প্যাকেজ ভ্যাট প্রচলনের দিকেই যাচ্ছে এবং তার মতে, উদ্যোগটি যৌক্তিক ও প্রয়োজনীয়। "অর্থনীতির স্বার্থেই মুদি দোকান বা এ ধরনের অনানুষ্ঠানিক খাতগুলোকে করের আওতায় আনার চিন্তা যৌক্তিক। শুরুতে গুচ্ছ বা প্যাকেজ সিস্টেম হলেও পর্যায়ক্রমে সারাদেশেই এ ধরনের ব্যবসা প্রতিষ্ঠানকে ডিজিটালাইজেশনের আওতায় এনে একটি সিস্টেম দাঁড় করাতে পারলে অর্থনীতি উপকৃত হবে,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

### কী বলেছেন অর্থমন্ত্রী

আজ বুধবার জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে মুদি দোকান, বিউটি পার্লার, রেস্তোরাঁসহ ১৬ ধরনের ব্যবসায়িক খাতকে নতুন অর্থবছরে ভ্যাটের সুনির্দিষ্ট করের আওতায় আনার পরিকল্পনার কথা জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। সংসদে উত্থাপিত প্রশ্নোত্তর অনুযায়ী, ২০২৬-২৭ অর্থবছরে যে-সব ব্যবসায়িক খাতকে ভ্যাটের সুনির্দিষ্ট করের আওতায় আনার পরিকল্পনা রয়েছে, সেগুলো হলো- মুদি দোকান, তৈরি পোশাক বা কাপড় বিক্রেতা, কনফেকশনারি, কসমেটিক্সের দোকান, প্লাস্টিক ও সিরামিকের গৃহস্থালি পণ্য এবং জুতার দোকান, হার্ডওয়্যার পণ্যের বিক্রেতা, ডেকোরেটরস, মোবাইল ফোন, এসি, ফ্রিজ, ওভেন ও অন্যান্য ইলেকট্রনিক্স পণ্যের বিক্রেতা। এছাড়া পেইন্ট ও হার্ডওয়্যার এবং স্যানিটারি ও ফিটিংস, টাইলসের দোকান, ঢেউটিনের দোকান, রড ও সিমেন্ট, ফার্নিচার, বিউটি পার্লার, মিষ্টান্ন ভাণ্ডার এবং রেস্তোরাঁকেও এ পরিকল্পনার আওতায় রাখা হয়েছে। প্রসঙ্গত, এর আগে অর্থমন্ত্রী আগামী অর্থবছরের যে বাজেট সংসদে উত্থাপন করেছেন, তাতে খুচরা দোকানিদের কাছ থেকে ভ্যাট নিতে একটি নির্দিষ্ট পরিমাণ কর নেওয়ার বিধান যুক্ত করা হয়েছে। যদিও এর পরিমাণ সম্পর্কে এখনও রাজস্ব বিভাগ বিস্তারিত কিছু জানায়নি।

অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী গত ১১ জুন ২০২৬-২৭ অর্থবছরের জন্য নয় লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট প্রস্তাব করেছেন। ওই প্রস্তাবনাতেই করের আওতা বাড়াতে সারাদেশে ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য নতুন প্রস্তাব এনে বলা হয়েছিল যে, এ ধরনের ব্যবসায়ীদের কর দিতে হবে। প্রস্তাবিত কর কাঠামো অনুযায়ী, খুচরা বিক্রেতাদের কাছ থেকে পণ্য সরবরাহের ক্ষেত্রে প্রতি এক হাজার টাকায় দুই টাকা অগ্রিম কর কেটে রাখা হবে। এটি নির্ধারিত থাকবে, যাতে কোনো অনিয়ম করার সুযোগ না থাকে। কিন্তু বুধবার অর্থমন্ত্রী যে মুদি দোকানিদের কথা বলেছেন, তার সংজ্ঞা কী কিংবা দেশজুড়ে পাড়া মহল্লা পর্যন্ত ব্যবসা করা মুদি দোকানগুলো তার কর পরিকল্পনার আওতায় আসবে কি-না, তা এখনো পরিষ্কার নয়। তবে রাজস্ব বোর্ডের কর্মকর্তাদের সাথে কথা বলে এই ধারণাই পাওয়া গেছে যে, মুদি দোকানগুলোকেও করের আওতায় আনার পরিকল্পনা চলছে যার বিস্তারিত জানা যাবে বাজেট পাসের পর।

**কীভাবে করের আওতায় আসবে মুদিদোকান**

এখন পর্যন্ত যা জানা যাচ্ছে তা হলো, প্যাকেজ ভ্যাট চালু হলেও ক্ষুদ্র এই দোকানিদের ভ্যাটসংক্রান্ত কোনো দলিল বা হিসাব সংরক্ষণ করতে হবে না এবং তাদেরকে আয়কর রিটার্নও দিতে হবে না। তাদের জন্য, ব্যাংক বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে সহজে ভ্যাট পরিশোধের ব্যবস্থা করা হবে। ধারণা করা হচ্ছে, বাজেট পাসের আগমুহূর্তে জাতীয় রাজস্ব বোর্ড প্রজ্ঞাপন জারি ভ্যাটের হার জানিয়ে দেবে। বাংলাদেশ দোকান মালিক সমিতির হিসাব অনুযায়ী, সারাদেশে প্রায় ৭০ লাখ খুচরা বিক্রেতা রয়েছেন। এর বাইরেও সারাদেশে রয়েছে অসংখ্য ছোটো বড়ো মুদি দোকান, যার বিস্তৃতি পাড়া মহল্লা পর্যন্ত। রাজস্ব কর্মকর্তারা বলছেন, নতুন করে একটি প্যাকেজ সিস্টেম চালু হতে পারে দোকানের আকার, বিক্রির পরিমাণ ও মজুতের আকারের ভিত্তিতে। কিংবা সাদামাটাভাবে উপজেলা, জেলা থেকে শুরু করে সিটি করপোরেশনের মধ্যে থাকা মুদি দোকানের জন্য একটি নির্দিষ্ট পরিমাণ ভ্যাট নির্ধারণ হতে পারে। এর আগে **১৯৯১** সালে ভ্যাট আইনে এ ধরনের প্যাকেজ ভ্যাটের বিধান থাকলেও, পরে আইনে সেটি আর রাখা হয়নি। ক্ষুদ্র ব্যবসায়ীদের স্বার্থে ২০০৬ সাল থেকে প্রবর্তিত সহজ পদ্ধতিভিত্তিক থোক ভ্যাট ব্যবসায়ীদের মধ্যে প্যাকেজ ভ্যাট হিসেবে প্রচলিত ছিল। কিন্তু সবশেষ ভ্যাট আইনে সর্বোচ্চ ত্রিশ লাখ টাকা পর্যন্ত বার্ষিক বিক্রয়কারী প্রতিষ্ঠানকে কর ও ভ্যাট থেকে ছাড় দেওয়া হয়েছিল। কিন্তু এখন আবার দেশজুড়ে মুদি দোকানি বা যত্রতত্র গড়ে ওঠা পার্লারের মতো প্রতিষ্ঠানগুলোকে ভ্যাটের আওতায় আনতে প্যাকেজ ভ্যাটের চিন্তা করা হচ্ছে।

**মুদি দোকানকে করের আওতায় আনা সম্ভব?**

ঢাকার রমনা এলাকায় একটি ছোটো মুদি দোকান চালান লিটন মিয়া, যার দিনে ৫-৭ হাজার টাকা পণ্য বিক্রি হয়। "আমাদের আবার ট্যাক্স কী? একটা ছোটো দোকান দিছি, কয় টাকা আর ইনকাম হয়,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। তার মতো বাংলাদেশের বহু মুদি দোকানেরই ট্রেড লাইসেন্স নেই। ব্যক্তিগতভাবে যত্রতত্র গড়ে ওঠা এমন মুদি দোকানকে কীভাবে করের আওতায় আনা যাবে, তা নিয়ে এখনো পর্যালোচনা চলছে রাজস্ব বিভাগে। সিপিডির গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম বলছেন, এসব দোকানগুলোতে যথাযথ রেজিস্টার নেই, তারা কোনো ইলেকট্রনিক ক্যাশ রেজিস্ট্রার মেইনটেইন করে না- যে কারণে তাদের কাছ থেকে রাজস্ব আদায়ে জটিলতা আছে। "তবে ধাপে ধাপে তাদের রেজিস্ট্রারের আওতায় আনার চেষ্টা করা যেতে পারে এবং অর্থনীতির স্বার্থেই এটা দরকার। এখন হয়ত সরকার দোকানের আকার, বিক্রির পরিমাণ, পণ্যের মজুত দেখে একটা পরিমাণ ঠিক করবে। সে পরিমাণের ভিত্তিতে ভ্যাট নির্ধারণ হবে। এটা দিয়ে শুরু হতে পরে। এর মাধ্যমে এসব ব্যবসায়ীদের ক্রমাগত করের আওতায় নিয়ে আসা যাবে। পর্যায়ক্রমে ডিজিটালি করা গেলে ভবিষ্যতে একটি সিস্টেম দাঁড়িয়ে যাবে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। তার মতে, দেশের অর্থনীতি বাড়ছে ও মানুষের আয় বাড়ছে এবং সে কারণে সরকারের এই চিন্তাকে স্বাগত জানানো দরকার বলে তিনি মনে করেন। যদিও এর আগে ক্ষুদ্র ব্যবসায়ীদের ইলেকট্রনিক ক্যাশ রেজিস্টার ও প্যাকেজ ভ্যাট বাধ্যতামূলক করতে গিয়ে বিরোধিতার মুখে পড়েছিল রাজস্ব বিভাগ।

(বিবিসি ওয়েব পেজ : ২৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## ভেনেজুয়েলায় আফটারশকের ভয়ে বাইরে রাত কাটাচ্ছেন হাজারো মানুষ

ভেনেজুয়েলাকে কাঁপিয়ে দেওয়া পরপর দুটি ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত কারাকাসসহ বিভিন্ন এলাকায় উদ্ধার ও পুনরুদ্ধার কার্যক্রম অব্যাহত রয়েছে। সম্ভাব্য আফটারশক বা ক্ষতিগ্রস্ত ভবন ধসে পড়ার আশঙ্কা থাকায় অনেকেই রাস্তায় তাঁবু স্থাপন করার সিদ্ধান্ত নিচ্ছেন। অন্যরা বাগানে বা ফুটপাথে গদি, মাদুর বা চাদর পেতে রাত কাটাচ্ছেন- তারা অপেক্ষা করছেন, কখন নিজেদের বাড়িতে ফিরে যাওয়া নিরাপদ হবে তা জানতে। মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থার (ইউএসজিএস) জানিয়েছে, বড় ধরনের আফটারশকের শঙ্কা এখনো রয়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ২৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশিদের জন্য ভারতীয় ট্যুরিস্ট ভিসা চালুর ঘোষণা

বাংলাদেশি নাগরিকদের জন্য প্রায় দুই বছর পর আবার ট্যুরিস্ট ভিসা চালুর ঘোষণা দিয়েছে ভারত। ঢাকায় ভারতের নবনিযুক্ত হাইকমিশনার দীনেশ ত্রিবেদী আজ সাংবাদিকদের এই তথ্য জানান। আগামী ২৮ জুন থেকে ভিসার আবেদন করা যাবে বলেও জানান তিনি। ২০২৪ সালের ৫ আগস্টের গণ-অভ্যুত্থানে শেখ হাসিনা সরকার ক্ষমতাচ্যুত হওয়ার পর বাংলাদেশে অবস্থিত ভারতীয় দূতাবাস ঘেরাও এবং ভিসা কেন্দ্রের সামনে বিভিন্ন ব্যানারে একাধিকবার বিক্ষোভ করতে দেখা গেছে। এরপর কয়েকদিন ভারত সব ধরনের ভিসা কার্যক্রম বন্ধ রাখে। পরে ভিসা সেন্টারগুলো চালু হলেও মূলত ওই সময় থেকেই ভারত জানিয়ে দেয় যে, মেডিকেল ভিসা এবং কিছু জরুরি প্রয়োজন ছাড়া অন্যান্য ভিসা তারা আপাতত ইস্যু করবে না। এর প্রায় দুই বছর পর ভারত ট্যুরিস্ট ভিসা চালু করতে যাচ্ছে। হাইকমিশনার জানান, বাংলাদেশে পাঁচটি ভিসা সেন্টারেই ভিসার আবেদন করা যাবে। ঢাকা ছাড়াও রাজশাহী, চট্টগ্রাম, সিলেট ও খুলনায় এই আবেদন করা যাবে।(বিবিসি ওয়েব পেজ : ২৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## কারাকাস বিমানবন্দর বন্ধ

ভেনেজুয়েলা সরকার সিমোন বলিভার আন্তর্জাতিক বিমানবন্দর বন্ধ করার ঘোষণা দিয়েছে, যেটি কারাকাস শহরকে সেবা দেয়। অন্তবর্তী প্রেসিডেন্ট ডেলসি রদ্রিগেজ নিশ্চিত করেছেন যে, টার্মিনালে "গুরুতর ক্ষতি" হয়েছে এবং কার্যক্রম স্থগিত করা হয়েছে। যাত্রীরা সামাজিক মাধ্যমে বিমানবন্দরের টার্মিনালে অনুভূত শক্তিশালী কম্পনের মুহূর্তগুলোর ভিডিও শেয়ার করেছেন, যেখানে স্থাপনাগুলোর গুরুতর ক্ষয়ক্ষতি দেখা যায়।
(বিবিসি ওয়েব পেজ : ২৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## জীবন রক্ষাই অগ্রাধিকার: ভেনেজুয়েলার অন্তবর্তী প্রেসিডেন্ট

ভেনেজুয়েলার অন্তবর্তী প্রেসিডেন্ট দেলসি রদ্রিগেজ বলেছেন, অগ্রাধিকার হলো "জীবন রক্ষা করা"। ধসে পড়া ভবনের নিচে আটকে পড়াদের উদ্ধারে কর্তৃপক্ষ কাজ করছে বলেও জানান তিনি। রদ্রিগেজ বলেন, আগামী কয়েক ঘণ্টার মধ্যে যুক্তরাষ্ট্র, ডোমিনিকান রিপাবলিক, মেক্সিকো ও এল সালভাদরসহ বিভিন্ন দেশ থেকে উদ্ধারকর্মীরা ভেনেজুয়েলায় পৌঁছাতে শুরু করবে। তিনি আরও জানান, যারা তাদের বাড়িঘর হারিয়েছেন, তাদের জন্য হোটেল ও আশ্রয়স্থল প্রস্তুত রাখা হয়েছে এবং জনসেবার জন্য অপরিহার্য নয়- এমন সব শ্রেণিকক্ষ কার্যক্রম ও অন্যান্য কার্যক্রম স্থগিত করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ২৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## তিস্তাসহ বাংলাদেশের বিভিন্ন নদী ব্যবস্থাপনায় সহায়তার আশ্বাস চীনের

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠক করেছেন চীনের পানিসম্পদমন্ত্রী লি গোওইং। বৈঠকে তিস্তাসহ বাংলাদেশের বিভিন্ন নদীর ব্যবস্থাপনায় দুই দেশের সহযোগিতা বাড়ানোর বিষয়ে ঐকমত্য হয়। আজ বৃহস্পতিবার চীনের রাজধানী বেইজিংয়ের রাষ্ট্রীয় দিয়াওইউতাই অতিথি ভবনে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বাংলাদেশে বন্যার ঝুঁকি মোকাবিলা, পরিবেশ সুরক্ষা এবং পানি সম্পদের যথাযথ ব্যবস্থাপনার লক্ষ্যে দেশে চলমান নদী খনন কর্মসূচির কথা উল্লেখ করে পানিসম্পদ ব্যবস্থাপনায় চীন সরকারের সহযোগিতা চান তারেক রহমান। জবাবে চীনের পানিসম্পদমন্ত্রী ইতিবাচক সাড়া দিয়ে এ বিষয়ে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন। বাংলাদেশের প্রধানমন্ত্রী নদীভাঙন রোধ, সেচ ব্যবস্থাপনা এবং নৌ-নেভিগেশন উন্নয়নে চীন সরকারের সহযোগিতা প্রত্যাশা করেন। চীনের পানিসম্পদমন্ত্রী বলেন, পানি ব্যবস্থাপনায় বাংলাদেশ চীনের অভিজ্ঞতা কাজে লাগাতে পারে। তিনি বাংলাদেশের পানি বিশেষজ্ঞ এবং এ খাতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের চীনে প্রশিক্ষণ নেওয়ার আহ্বান জানান।
(বিবিসি ওয়েব পেজ : ২৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্র ও লাতিন আমেরিকার দেশগুলোর সহায়তার প্রতিশ্রুতি

যুক্তরাষ্ট্র ভেনেজুয়েলায় অনুসন্ধান ও উদ্ধার দল এবং চিকিৎসা ও মানবিক সহায়তার সরঞ্জাম পাঠাবে বলে জানিয়েছেন দেশটির বৈদেশিক সহায়তা বিষয়ক আন্ডার সেক্রেটারি জেরেমি লিউইন। তিনি জানান, যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয় বা স্টেট ডিপার্টমেন্টের একটি দুর্যোগ সহায়তা দল ভেনেজুয়েলার অন্তবর্তী সরকারের অংশীদারদের সঙ্গে কাজ করছে। লাতিন আমেরিকার বিভিন্ন দেশও সহায়তার প্রস্তাব দিয়েছে। এল সালভাদরের প্রেসিডেন্ট নাইয়িব বুকেলে বলেছেন, তার দেশ ৫০ টন সরঞ্জাম ও সরবরাহ প্রস্তুত করেছে, পাশাপাশি ৩০০ উদ্ধারকর্মী "কারাকাসের উদ্দেশে রওনা দেওয়ার জন্য প্রস্তুত" আছে। ইকুয়েডরের প্রেসিডেন্ট দানিয়েল নোবোয়া আজিন জানিয়েছেন, তার দেশও ভেনেজুয়েলায় তাৎক্ষণিকভাবে পাঠানোর জন্য সহায়তা প্রস্তুত করেছে। এদিকে, ব্রাজিলের প্রেসিডেন্ট লুইজ ইনাসিও লুলা দা সিলভা বলেছেন, তার দেশ তাদের 'ভ্রাতৃপ্রতিম রাষ্ট্র'কে সহায়তা দিতে কী ধরনের পদক্ষেপ নিতে পারে, তা তারা মূল্যায়ন করবে। মেক্সিকোর পররাষ্ট্র সচিব রবার্তো ভেলাস্কো আলভারেজও ভেনেজুয়েলাকে "তার প্রয়োজন অনুযায়ী পূর্ণ সংহতি ও সহায়তা" দেওয়ার প্রস্তাব করেছেন। (বিবিসি ওয়েব পেজ : ২৫.০৬.২০২৬ আলী আহমেদ)

## ভূমিকম্পের পর ভেনেজুয়েলায় সামাজিক মাধ্যম এক্স আবার চালু করা হয়েছে

ভেনেজুয়েলায় বুধবার সন্ধ্যায় আঘাত হানা দুইটি ভূমিকম্পের পর দেশটিতে ইন্টারনেট ব্যবহারকারীরা আবারও সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ প্রবেশাধিকার ফিরে পেয়েছেন। বিবিসি নিউজ মুন্ডো এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে। ২০২৪ সালের আগস্টে একটি রাষ্ট্রীয় আদেশের মাধ্যমে দেশটিতে এই সোশাল সাইটটি সেন্সর বা সকলের জন্য অবরুদ্ধ করে রাখা হয়েছিল। সেন্সরশিপ এড়ানোর বিষয়ে অভিজ্ঞ সামাজিক যোগাযোগ মাধ্যমের অ্যাকাউন্টগুলো জানিয়েছে, ইন্টারনেট এবং ফোন অপারেটর ক্যানটিভি(সিএএনটিভি), থান্ডারনেট, ডিজিটেল এবং মুভিস্টার এই নিষেধাজ্ঞা তুলে নিয়েছে। তবে ইন্টারনেট ব্যবহারকারীরা এক্সে প্রবেশ করতে পারছেন কিনা এ বিষয়ে সরকারের পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে এখনো কোনো মন্তব্য করা হয়নি। এর আগে, মানুষ যাতে তথ্য পেতে পারে সেজন্য জাতিসংঘের ভেনেজুয়েলা বিষয়ক স্বাধীন আন্তর্জাতিক তথ্য-সন্ধানী দল, দেশটির টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থাকে "সামাজিক যোগাযোগ মাধ্যম এবং সমস্ত গণমাধ্যমের ওপর থেকে সম্পূর্ণ নিষেধাজ্ঞা তুলে নেওয়ার" আহ্বান জানিয়েছিল। (বিবিসি ওয়েব পেজ : ২৫.০৬.২০২৬ নারগীস)

### ইরান যুদ্ধের আগের পর্যায়ে নামলো জ্বালানি তেলের দাম

বিশ্ববাজারে অপরিশোধিত জ্বালানি তেলের দাম ইরান যুদ্ধ শুরুর আগের অবস্থায় নেমে এসে এখন প্রায় ৭২ ডলারের কাছাকাছি লেনদেন হচ্ছে। যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সঙ্গে ইরানের সামরিক সংঘাত চলাকালে এক পর্যায়ে ব্রেন্ট অপরিশোধিত তেলের দাম ব্যারেলপ্রতি ১১০ ডলারেরও বেশি ছাড়িয়ে গিয়েছিল। গত সপ্তাহে সুইজারল্যান্ডে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে ৬০ দিনের যুদ্ধবিরতির ঘোষণা দেওয়ার পর থেকে তেলের দাম দ্রুত কমেছে। অন্যদিকে, হরমুজ প্রণালিতে আটকে থাকা তেলবাহী ট্যাংকারগুলো এখন আবার চলাচল শুরু করেছে। তেলশিল্পের কিছু পর্যবেক্ষক বলছেন, অপরিশোধিত তেলের দাম আরও কমতে পারে।(বিবিসি ওয়েব পেজ : ২৫.০৬.২০২৬ নারগীস)

### ভেনেজুয়েলায় নিহতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৬৪ জনে

ভেনেজুয়েলায় গত সন্ধ্যায় আঘাত হানা ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ১৬৪ জনে দাঁড়িয়েছে। দেশটির অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট দেলসি রদ্রিগেজ এ তথ্য জানিয়েছেন বলে খবর জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স ও এএফপি। ভূমিকম্পের ১২ ঘন্টা পরও দেশটির ক্ষয়ক্ষতির পূর্ণাঙ্গ চিত্র এখনো অস্পষ্ট। এর আগে, সাত দশমিক দুই ও সাত দশমিক পাঁচ মাত্রার দুটি ভূমিকম্পে অন্তত ৩২ জন নিহত এবং প্রায় ৭০০ জন আহত হয়েছেন বলে জানিয়েছিলেন দেলসি রদ্রিগেজ। ভূমিকম্পে সবচেয়ে ক্ষতিগ্রস্ত এলাকাটি হলো কারাকাসের উত্তরে অবস্থিত লা গুয়াইরা এবং সেখানে `বেশ কয়েকটি, ভবন ধসে পড়েছে বলে জানিয়েছিলেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ২৫.০৬.২০২৬ নারগীস)

## এনএইচকে

### হরমুজ প্রণালিতে টোল আদায়কে 'অগ্রহণযোগ্য' বলে অভিহিত করেছেন ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আবারও বলেছেন যে, হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচলের ওপর টোল আরোপকে তিনি মেনে নেবেন না। উল্লেখ্য, ইরান টোল আরোপ করতে পারে বলে ইঙ্গিত দিয়েছে। চলতি মাসে এর আগে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকে পারমাণবিক বিষয়, হরমুজ প্রণালি এবং নিষেধাজ্ঞা প্রত্যাহারের মতো বিষয়গুলোতে চূড়ান্ত চুক্তির লক্ষ্যে আলোচনার জন্য ৬০ দিনের সময়সীমা নির্ধারণ করা হয়েছে। ইরান ৬০ দিনের জন্য এই প্রণালি দিয়ে টোলমুক্ত যাতায়াতের ব্যবস্থা করতে সম্মত হলেও, এমন ইঙ্গিত দিয়েছে যে তারা এই জলপথের ভবিষ্যৎ নিয়ন্ত্রণ নিয়ে আরেকটি উপকূলীয় রাষ্ট্র ওমানের সঙ্গে আলোচনা করবে। ট্রাম্প বুধবার হোয়াইট হাউসে বলেছেন যে জাহাজ চলাচলের জন্য কোনো ধরনের অর্থ আদায় করা "অগ্রহণযোগ্য„ হবে। তিনি বলেন, "সেখানে অনেকগুলো রাষ্ট্র আছে, এবং আপনি যদি তাদের জন্য এটা করেন, তাহলে আপনাকে অন্যদের জন্যও তা করতে হবে।" তিনি আরও বলেন, "সেক্ষেত্রে পরিস্থিতি ব্যাপকভাবে বদলে যেতে পারে।" ট্রাম্প এ বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমেও একটি বার্তা পোস্ট করেছেন। তিনি লিখেছেন যে, ইরান যুক্তরাষ্ট্রকে জানিয়েছে, "কোনো টোল নেই" এবং "কোনো বীমা খরচও নেই"। তিনি এও লিখেছেন যে, "ইরানের পক্ষ থেকে অন্য কোনো ধরনের ফি চাওয়া হচ্ছে না বা গ্রহণ করা হচ্ছে না।" ট্রাম্প উল্লেখ করেন, এটি যদি মিথ্যা তথ্য হয়, তাহলে আলোচনা অবিলম্বে বন্ধ করে দেওয়া হবে। (এনএইচকে ওয়েব পেজ: ২৫.০৬.২০২৬ রুবাইয়া)

## রেডিও তেহরান

### বাংলাদেশিদের জন্য আবার চালু হচ্ছে ভারতের পর্যটন ভিসা, আবেদন শুরু ২৮ জুন

বাংলাদেশিদের জন্য আবার পর্যটন ভিসা চালুর ঘোষণা দিল ভারত। বাংলাদেশে নিযুক্ত ভারতের নতুন হাইকমিশনার দীনেশ ত্রিবেদী আজ বৃহস্পতিবার এ ঘোষণা দিয়েছেন। দীনেশ ত্রিবেদী বলেন, ২৮ জুন থেকেই বাংলাদেশিদের জন্য আবার পর্যটন ভিসা দেওয়ার কার্যক্রম শুরু হবে। দ্বিপক্ষীয় সম্পর্ক স্বাভাবিক করার চেষ্টার অংশ হিসেবে এই ভিসা আবার চালুর ঘোষণা দেওয়া হয়। রাজধানীতে যমুনা ফিউচার পার্কে ভারতীয় ভিসা সেন্টারে এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন দীনেশ ত্রিবেদী। ২০২৪ সালের ৫ আগস্টের গণ–অভ্যুত্থান পরবর্তী পরিস্থিতিতে ভিসা কার্যক্রম বন্ধ রাখে ভারত। প্রায় দুই বছরের মাথায় পর্যটন ভিসা চালু হতে যাচ্ছে। আজ দুপুর সাড়ে ১২টার দিকে দীনেশ ত্রিবেদী রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের হাতে পরিচয়পত্র পেশের মধ্য দিয়ে দায়িত্ব শুরু করেছেন। দীনেশ ত্রিবেদী জানান, ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, সিলেট ও খুলনার ভিসা সেন্টার থেকে একযোগে ভিসার কার্যক্রম শুরু হবে। তিনি বলেন, তিনি যখন বাংলাদেশে বেনাপোল হয়ে আসছিলেন, তখনই ভিসার প্রশ্নটি উঠেছিল। তিনি দেখেছেন, ভিসা খুব জরুরি একটি বিষয়। তাই এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গত এপ্রিলে ভারত সরকার দীনেশ ত্রিবেদীকে বাংলাদেশে ভারতীয় হাইকমিশনার হিসেবে নিয়োগ দেয়। দুই দেশের ৫৫ বছরের সম্পর্কের ইতিহাসে ভারত এই প্রথম কোনো রাজনীতিবিদকে দেশটির হাইকমিশনার করে বাংলাদেশে পাঠাল। তিনি ভারতের পেশাদার কূটনীতিক প্রণয় ভার্মার স্থলাভিষিক্ত হয়েছেন। ১২ জুন দীনেশ ত্রিবেদী সড়কপথে বাংলাদেশে আসেন। বেনাপোল-পেট্রাপোল স্থলবন্দর দিয়ে তিনি বাংলাদেশে আসেন। (রেডিও তেহরান ওয়েব পেজ : ২৫.০৬.২০২৬ নারগীস)

## ভারত বাংলাদেশ সম্পর্ক ঘিরে টানাপোড়েন একটি ইতিহাস অভিজ্ঞতা প্রত্যাশা এবং বাস্তবতার দীর্ঘ জটিল মিশ্রণ

ভারতের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক কে ঘিরে সাম্প্রতিক সময়ে যে আবেগ বিতর্ক ও টানাপোড়েন দেখা যাচ্ছে তা কেবল কূটনৈতিক বা রাজনৈতিক স্তরের বিষয় নয়। বরং এটি ইতিহাস অভিজ্ঞতা প্রত্যাশা এবং বাস্তবতার দীর্ঘ এক জটিল মিশ্রণ। একদিকে রয়েছে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের গভীর স্মৃতি যেখানে ভারতীয় সেনারা বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের পাশে দাঁড়িয়েছিল এবং স্বাধীন রাষ্ট্র গঠনের পথে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল। অন্যদিকে রয়েছে পরবর্তী পাঁচ দশকের অভিজ্ঞতা যেখানে সীমান্ত নদী বাণিজ্য রাজনৈতিক প্রভাব এবং পারস্পরিক আস্থার প্রশ্নে ধীরে ধীরে এক ধরনের দূরত্ব তৈরি হয়েছে। এই দূরত্ব আজ এতটাই স্পষ্ট যে এটি শুধু নীতিনির্ধারক বা বিশেষজ্ঞদের আলোচনায় সীমাবদ্ধ নেই বরং সাধারণ মানুষের দৈনন্দিন কথোপকথন সামাজিক যোগাযোগ মাধ্যমের প্রতিক্রিয়া এবং তরুণ প্রজন্মের রাজনৈতিক উপলব্ধির মধ্যেও গভীরভাবে প্রবেশ করেছে। বাংলাদেশের তরুণ সমাজ বিশেষ করে ১৫ থেকে ২৯ বছর বয়সী যারা দেশের মোট জনসংখ্যার প্রায় এক তৃতীয়াংশের কাছাকাছি তারা এই পরিবর্তনের কেন্দ্রে অবস্থান করছে। এই প্রজন্ম এমন একটি সময়ে বড় হচ্ছে যখন তথ্য প্রবাহ অত্যন্ত দ্রুত সীমান্তবর্তী ঘটনাগুলো তাৎক্ষণিকভাবে স্মার্টফোনে পৌঁছে যায় এবং আঞ্চলিক রাজনীতি আর কোন দূরবর্তী বিষয় নয়। তারা স্কুল কলেজে নদী ভাগাভাগি সীমান্ত বা আন্তর্জাতিক সম্পর্ক নিয়ে পড়ছে এবং একই সঙ্গে সামাজিক মাধ্যমে এসব ইস্যুর নানান ব্যাখ্যা দেখছে। ফলে তাদের রাজনৈতিক অবস্থান তৈরি হচ্ছে সরাসরি অভিজ্ঞতা অনলাইন প্রতিক্রিয়া এবং পারিবারিক আলোচনার সমন্বয়ে। রাজনৈতিক বিশ্লেষকদের মতে এই মনোভাব হঠাৎ করে তৈরি হয়নি। তাদের মতে ঐতিহাসিকভাবে এই অঞ্চলে বাইরের প্রভাব বা আধিপত্যের প্রশ্নে এক ধরনের প্রতিরোধী মনোভাব বিদ্যমান ছিল। কেউ কেউ ইতিহাসের প্রসঙ্গ টেনে বলেন প্রাচীনকাল থেকে দিল্লিভিত্তিক শাসকদের এই অঞ্চলে কর্তৃত্ব প্রতিষ্ঠার চেষ্টা থাকলেও বঙ্গ অঞ্চলের মানুষ বারবার তার বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলেছে। তাদের যুক্তি অনুযায়ী এই ঐতিহাসিক স্মৃতি পরোক্ষভাবে বর্তমান রাজনৈতিক মনোভাবের ওপরেও প্রভাব ফেলেছে।

একইসঙ্গে তারা এটিও উল্লেখ করেন যে ১৯৭১ সালে ভারতের ভূমিকা নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ ছিল। তবে সেটি ভারতের নিজস্ব তোর সঙ্গে তো স্বার্থ থেকেও পুরোপুরি বিচ্ছিন্ন ছিল না। সে সময় পশ্চিমবঙ্গের নকশাল আন্দোলন সহ আঞ্চলিক অস্থিরতা ভারতের অভ্যন্তরীণ নিরাপত্তা পরিস্থিতিকেও প্রভাবিত করছিল। ফলে ইতিহাসকে একমাত্রিক ভাবে দেখা ঠিক হবে না এমন যুক্তি ও তারা উপস্থাপন করেন। তবে সাধারণ মানুষের মধ্যে যে অসন্তোষ সবচেয়ে তীব্রভাবে অনুভূত হয় তা সীমান্ত পরিস্থিতি দিয়ে। সীমান্ত এলাকায় হত্যাকাণ্ড গুলিবর্ষণ এবং অনুপ্রবেশের অভিযোগ দীর্ঘদিন ধরে আলোচনায় রয়েছে। মানবাধিকার সংস্থাগুলোর নথিতে উল্লেখ আছে যে দুই দশকের মধ্যে শতাধিক বাংলাদেশী সীমান্তে প্রাণ হারিয়েছে এবং আরো অনেক প্রাণ হারিয়েছে। এসব মানুষ বেশিরভাগ ক্ষেত্রেই সাধারণ মানুষ কৃষক শ্রমজীবী বা ছোট ব্যবসায়ী যারা সীমান্তবর্তী জীবনের বাস্তবতার মধ্যে চলাফেরা করে। সীমান্তের রেখা তাদের দৈনন্দিন জীবনের অংশ হলেও নিরাপত্তা ও প্রয়োগ নিয়েও গভীর ক্ষোভ তৈরি করেছে। বিশেষজ্ঞরা মনে করেন এই ধরনের ঘটনা ব্যক্তিগত ট্রাজেডি নয় বরং সামগ্রিকভাবে জনমতের উপর দীর্ঘমেয়াদী প্রভাব ফেলে। সীমান্তবর্তী ভোটারদের রাজনৈতিক আলোচনায়ও এর প্রতিফলন দেখা যায় যেখানে কঠোর অবস্থান গ্রহণকারী প্রার্থীরা তুলনামূলকভাবে বেশি সমর্থক পেয়ে থাকেন।

নদী ও পানি বন্টন এর প্রশ্ন সম্পর্কের আরেকটি গুরুত্বপূর্ণ এবং সংবেদনশীল দিক। ভারত ও বাংলাদেশের মধ্যে ৫০ টিরও বেশি অভিন্ন নদী রয়েছে এবং অধিকাংশ ক্ষেত্রে উজানে ভারতের অংশ থাকায় পানির প্রবাহ নিয়ন্ত্রণের ক্ষমতা তাদের হাতে রয়েছে। ফারাক্কা বাঁধ দীর্ঘদিন ধরে বিতর্কের কেন্দ্রবিন্দুতে রয়েছে। যেখানে বাংলাদেশের অভিযোগ শুকনো মৌসুমে পানি প্রবাহ কমে যায় এবং কৃষি উৎপাদন ক্ষতিগ্রস্ত হয়। আবার বর্ষাকালে অতিরিক্ত পানি ছেড়ে দেয়ার ফলে বন্যা পরিস্থিতি তৈরি হয়। তিস্তা নদীর পানি বন্টন নিয়ে আলোচনা বছরের পর বছর ধরে অগ্রগতি ছাড়াই ঝুলে আছে। এই অনিশ্চয়তার কারণে বাংলাদেশ বিকল্প আন্তর্জাতিক অংশীদারদের দিকে আঞ্চলিক কূটনীতিতে নতুন সমীকরণ তৈরি করছে। অনেক বিশ্লেষক মনে করেন এটা শুধু পানির বিষয় নয় গরম পারস্পরিক আস্থার প্রশ্ন বটে। অর্থনৈতিক সহযোগিতার ক্ষেত্রেও কিছু আমিমাংসিত প্রত্যাশা রয়েছে। ট্রান্সজিট ও করিডর সুবিধা দেয়া হলেও প্রত্যাশিত প্রতিদান না পাওয়ার অভিযোগ রয়েছে। অন্যদিকে কিছু নীতি নির্ধার মনে করেন আঞ্চলিক সহযোগিতার পরিবর্তে দ্বিপাক্ষিক চাপ বা প্রভাব বিস্তারের প্রবণতা সম্পর্ককে আরো জটিল করে তুলেছে। রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে অভ্যন্তরীণ রাজনীতি ও এই সম্পর্ককে প্রভাবিত করছে। যেখানে কিছু দল ভারতের সঙ্গে ঘনিষ্ঠতাকে রাজনৈতিক কৌশল হিসেবে ব্যবহার করে আবার অন্যদিকে এটি জনমনে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করছে। আরেকটি গুরুত্বপূর্ণ ব্যাখ্যা হলো ধর্মীয় পরিচয়ের প্রশ্ন। কিছু ভারতীয় বিশ্লেষক বাংলাদেশের অসন্তোষকে ধর্মীয় দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা করতে চাইলেও ঢাকা বিশ্ববিদ্যালয়ের গবেষকরা এই ব্যাখ্যাকে সরলীকৃত বলে মনে করেন। তাদের মতে এটি ধর্মের বিষয় নয় বরং রাজনৈতিক ও কাঠামোগত অভিজ্ঞতার ফলাফল। তারা যুক্তি দেন যে, পার্শ্ববর্তী দেশে মুসলিম জনগোষ্ঠীর প্রতি

বৈষম্য বা সংখ্যালঘুদের প্রতি আচরণের খবরও বাংলাদেশের জনগণের ধারণাকে প্রভাবিত করে। কিন্তু বাংলাদেশের অভ্যন্তরীণ বাস্তবতা তুলনামূলকভাবে সহনশীল বলেই তারা মনে করেন। ফলে বিষয়টিকে ধর্মীয় দ্বন্দ্ব হিসেবে দেখা সঠিক নয়। এই পুরো প্রেক্ষাপটে গণমাধ্যম এবং সামাজিক যোগাযোগ মাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠছে। বিশেষজ্ঞরা মনে করেন, উভয় দেশেই দ্রুত প্রতিক্রিয়াশীল তথ্য পরিবেশ তৈরি হয়েছে। যেখানে একটি ঘটনা ঘটার পর সম্পূর্ণ তথ্য না জেনেই মতামত তৈরি হয়ে যায়। ফলে আবেগপ্রবণ প্রতিক্রিয়া দ্রুত ছড়িয়ে পড়ে এবং সম্পর্কের জটিলতা আরো বেড়ে যায়। ভারত ও বাংলাদেশ উভয় দিকেই একে অপরের বিরুদ্ধে নেতিবাচক কনটেন্ট দ্রুত ছড়িয়ে পড়ে যা সাধারণ মানুষের ধারণাকে প্রভাবিত করে। এই পরিস্থিতিতে সূক্ষ্ম বিশ্লেষণের ভারসাম্যপূর্ণ আলোচনা তুলনামূলকভাবে কম দৃশ্যমান হয়। সবমিলিয়ে যে চিত্রটি সামনে আসে তা হল একটি সম্পর্ক, যা ইতিহাসের আবেগ এবং বাস্তব রাজনীতির চাপের মধ্যে দাঁড়িয়ে আছে। একদিকে রয়েছে ১৯৭১ সালে সহযোগিতার স্মৃতি যা এখনো অনেকের কাছে গুরুত্বপূর্ণ। অন্যদিকে রয়েছে সীমান্ত, নদী, অর্থনীতি এবং রাজনৈতিক প্রভাবের মত বাস্তব সমস্যা। যা সময়ের সঙ্গে সঙ্গে সমাধান না হয়ে বরং জমাট বেধেছে। ফলে নতুন প্রজন্ম যারা এই ইতিহাসের প্রত্যক্ষ অংশ নয় তারা বর্তমান অভিজ্ঞতার ভিত্তিতে নিজেদের অবস্থান তৈরি করছে। তারা অতীতের প্রতি সম্মান দেখালেও ভবিষ্যৎ সম্পর্ককে আরো বাস্তবসম্মত, স্বচ্ছ এবং সমতাভিত্তিক দেখতে চায়। এই পরিবর্তনই দুই দেশের সম্পর্ককে এক নতুন মোড়ে দাঁড় করিয়েছে। যেখানে সিদ্ধান্ত গ্রহণকারীদের সামনে সবচেয়ে বড় চ্যালেঞ্জ হল আস্থা পুনর্গঠন এবং দীর্ঘদিনের অমীমাংসিত সমস্যাগুলোর বাস্তব সমাধান খুঁজে বের করা।

(রেডিও তেহরান: ২৫.০৬.২০২৬ রুবাইয়া, এলিনা)

## ডয়চে ভেলে

### 'ভারতীয় পাসপোর্ট নাগরিকত্বের প্রমাণপত্র নয়'

ভারতীয় পাসপোর্ট হলো 'ট্রাভেল ডকুমেন্ট' বা বিদেশে যাওয়ার জন্য প্রয়োজনীয় নথি, এটা নাগরিকত্বের নির্ণায়ক প্রমাণপত্র নয় বলে জানিয়ে দিলো পররাষ্ট্র মন্ত্রণালয়। ভারত এখন পাসপোর্ট ব্যবস্থার দ্রুত সম্প্রসারণ করার সিদ্ধান্ত নিয়েছে, পাসপোর্ট যাতে সহজলভ্য, সুরক্ষিত ও সারা বিশ্ব ভ্রমণ ও চাকরি করার ক্ষেত্রে আরো বেশি গ্রহণযোগ্য হয়, তার উদ্যোগ নেওয়া হয়েছে। এই পরিস্থিতিতে পররাষ্ট্র মন্ত্রণালয় এই স্পষ্টীকরণ দিয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন, পাসপোর্টের মূল উদ্দেশ্য হলো আন্তর্জাতিক ভ্রমণের সময় ভারতীয়দের পরিচয়ের প্রমাণ দেওয়া। সরকার এখন আগের থেকে অনেক কম সময়ে পাসপোর্ট দিচ্ছে। পাসপোর্ট সেবা কেন্দ্রে আবেদনকারীদের ৪৫ মিনিটের বেশি থাকতে হচ্ছে না। উন্নত প্রযুক্তির সাহায্য নিয়ে এই কীজ করা হচ্ছে। গত মে মাস থেকে ই-পাসপোর্টও চালু করা হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৫.০৬.২০২৬ রনি)

### বিএনপি-চীনের কমিউনিস্ট পার্টির সমঝোতা স্মারক সই

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ও চীনের কমিউনিস্ট পার্টির (সিপিসি) মধ্যে একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়েছে। চীনের স্থানীয় সময় বৃহস্পতিবার সকাল আটটা ৪৫ মিনিটে রাজধানী বেইজিংয়ের রাষ্ট্রীয় দিয়াওইউতাই অতিথি ভবনে এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। বিএনপির ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ তথ্য জানানো হয়। বিএনপির পক্ষে দলটির যুগ্ম মহাসচিব (আন্তর্জাতিক সম্পর্ক) ও প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির এবং চীনের কমিউনিস্ট পার্টির আন্তর্জাতিক বিভাগের মন্ত্রী লিউ হাইশিং সমঝোতা স্মারকে সই করেন। এ সময় তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন, পানিসম্পদমন্ত্রী শহীদউদ্দীন চৌধুরী এ্যানি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত এবং ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত উপস্থিত ছিলেন। এই দুই দলের মধ্যে প্রথমবারের মতো কোনো সমঝোতা স্মারক সই হলো। প্রধানমন্ত্রী তারেক রহমান বর্তমানে চীন সফরে আছেন। সফরসঙ্গী হিসেবে আছেন তার স্ত্রী জুবাইদা রহমান।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৫.০৬.২০২৬ রনি)

### ধর্ষণচেষ্টার বিচার দাবিতে জাহাঙ্গীরনগরে নারী শিক্ষার্থীদের মশালমিছিল

বাংলাদেশের জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে এক ছাত্রীকে রাস্তা থেকে টেনেহিঁচড়ে নিয়ে ধর্ষণচেষ্টার ঘটনার ৪৩ দিন পার হলেও এখনো বিচার হয়নি। তদন্ত কমিটির প্রতিবেদন প্রকাশেও প্রশাসনের টালবাহানা ও অস্বচ্ছতার অভিযোগ তুলেছেন শিক্ষার্থীরা। এর প্রতিবাদে মশালমিছিল করেছেন একদল নারী শিক্ষার্থী। গতকাল বুধবার রাত সোয়া ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার প্রাঙ্গণ থেকে 'নারী নিরাপত্তা মঞ্চ,-এর ব্যানারে মশালমিছিলটি বের করেন নারী শিক্ষার্থীরা। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে বটতলায় গিয়ে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে শিক্ষার্থীরা বলেন, ঘটনার দীর্ঘ সময় পার হলেও এখনো দৃশ্যমান কোনো অগ্রগতি দেখা যাচ্ছে না। এতে শিক্ষার্থীদের মধ্যে উদ্বেগ ও ক্ষোভ বাড়ছে। তারা দ্রুত বিচার নিশ্চিত করা এবং ক্যাম্পাসে নিরাপত্তাব্যবস্থা জোরদারের দাবি জানান। সমাবেশে অভিযোগ করা হয়, ধর্ষণচেষ্টার ঘটনার পরও ক্যাম্পাসে একাধিক হয়রানির ঘটনা

ঘটেছে। এসব ঘটনাকে অনিরাপদ ক্যাম্পাস ও ব্যর্থ প্রক্টরিয়াল বডির উদাহরণ হিসেবে আখ্যায়িত করে আরো বলা হয়, প্রক্টরিয়াল বডির জবাবদিহি নিশ্চিত না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে। গত ১২ মে রাতে বিশ্ববিদ্যালয়ের পরিত্যক্ত ফজিলাতুন্নেছা হল-সংলগ্ন সড়ক থেকে এক ছাত্রীকে টেনেহিঁচড়ে অন্ধকারে নিয়ে ধর্ষণচেষ্টার ঘটনা ঘটে। পরে সিসিটিভি ফুটেজ দেখে অভিযুক্ত ব্যক্তিকে শনাক্ত করেন ভুক্তভোগী। পরদিন বিশ্ববিদ্যালয় প্রশাসন বাদী হয়ে আশুলিয়া থানায় মামলা করে। মামলাটি সম্প্রতি সিআইডির কাছে হস্তান্তর করা হয়েছে বলে জানা গেছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৫.০৬.২০২৬ রনি)

## রেডিও টুডে

### প্রধানমন্ত্রী চীনের প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ করবেন শুক্রবার

প্রধানমন্ত্রী তারেক রহমান বেইজিংয়ের গ্রেট হল অব দ্য পিপল-এ চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে সাক্ষাৎ করবেন। আগামীকাল শুক্রবার স্থানীয় সময় সকাল ১০টায় তাঁরা সাক্ষাৎ করবেন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন। তিনি বলেন, `প্রধানমন্ত্রী তারেক রহমানের সফরের শেষ দিনে শুক্রবার চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে প্রধানমন্ত্রীর স্থানীয় সময় সকাল সাড়ে ১০টায়, অর্থাৎ বাংলাদেশ সময় সকাল সাড়ে ৮টায় ঐতিহাসিক গ্রেট হলে সাক্ষাৎ অনুষ্ঠিত হবে।, (রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ আসাদ)

### গণমাধ্যম খাতে সহযোগিতা জোরদারে বাংলাদেশ-চীনের ৪ সমঝোতা

গণমাধ্যম খাতে সহযোগিতা জোরদারে চীনের সিনহুয়া নিউজ এজেন্সি ও চায়না মিডিয়া গ্রুপের প্রধানদের সঙ্গে বাংলাদেশের চারটি গুরুত্বপূর্ণ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে এসব সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন। বৃহস্পতিবার বেইজিংয়ের গ্রেট হল অব দ্য পিপলে প্রধানমন্ত্রী তারেক রহমান ও চীনের প্রধানমন্ত্রী লি ছিয়াংয়ের উপস্থিতিতে সমঝোতা স্মারকগুলো স্বাক্ষরিত হয়। স্বাক্ষর হওয়া সমঝোতা স্মারকগুলোর আওতায় বাংলাদেশ ও চীনের মধ্যে সংবাদ ও তথ্য বিনিময়ে দ্বিপাক্ষিক সহযোগিতা, গণমাধ্যম খাতে দীর্ঘমেয়াদি অংশীদারিত্ব, গ্লোবাল সাউথভুক্ত গণমাধ্যম বিষয়ে যৌথ গবেষণা, প্রযুক্তির ব্যবহার এবং সম্প্রচার ক্ষেত্রে সহযোগিতা ও অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ সম্প্রসারিত হবে বলে জানা গেছে। এই সমঝোতা স্মারকগুলো দুই দেশের মধ্যে বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও সুদৃঢ় করবে এবং গণমাধ্যম ও তথ্য খাতে পারস্পরিক সহযোগিতার নতুন দিগন্ত উন্মোচন করবে বলে আশা করা হচ্ছে। প্রধানমন্ত্রীর রাষ্ট্রীয় সফরে যুক্ত হতে তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন গত মঙ্গলবার চীনের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। প্রধানমন্ত্রী শুক্রবার রাতে প্রতিনিধিদলসহ দেশে ফিরবেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ আসাদ)

### রায়পুরে কুপিয়ে হত্যার ঘটনায় নিহত বেড়ে ৫

লক্ষ্মীপুরের রায়পুরে একই পরিবারের চারজনকে কুপিয়ে হত্যার ঘটনা ঘটেছে। ঘটনাস্থলে মা ও দুই মেয়ের পর ঢাকায় নেওয়ার পথে মারা গেছেন মেঝ মেয়েও। এদিকে, ঘটনাস্থল থেকে পালিয়ে যাওয়ার সময় জনতার গণপিটুনিতে সন্দেহভাজন ঘাতক যুবকেরও মৃত্যু হয়েছে। এ নিয়ে এই নৃশংস ঘটনায় মৃতের সংখ্যা দাঁড়ালো পাঁচে। বৃহস্পতিবার দুপুরে রায়পুর পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের গোডাউন রোড এলাকার একটি ভাড়া বাসায় ঘটনা ঘটে। নিহতরা হলেন শাহীনুর বেগম (৩৮), তার বড় মেয়ে বিশ্ববিদ্যালয় পড়ুয়া সায়মা আক্তার (২১), মেঝ মেয়ে কলেজ শিক্ষার্থী ইকরা আক্তার (১৮) এবং ছোট মেয়ে শিফা আক্তার (৯)। এ ঘটনায় সন্দেভাজন এক যুবককে গণপিটুনি দিলে হাসপাতালে নেওয়ার পথে তিনিও মারা যান। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে গিয়ে পুলিশের ৬/৭ জন সদস্য আহত হয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, কয়েক বছর আগে শাহীনুর বেগমের স্বামী মো. কামাল বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা যান। এরপর থেকে তিন মেয়ে ও এক ছেলেকে নিয়ে তিনি ওই বাসায় বসবাস করছিলেন। দুপুরে দুর্বৃত্তের ধারালো অস্ত্রের হামলায় শাহীনুর ও তার তিন মেয়ে গুরুতর আহত হন। পরে হাসপাতালে নেওয়া হলে শাহীনুর, সায়মা, ইকরা ও শিফাকে মৃত ঘোষণা করেন চিকিৎসকরা। রায়পুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. বাহারুল আলম বলেন, হাসপাতালে পাঁচজনকে আহত অবস্থায় আনা হয়। তাদের মধ্যে মা ও তিন মেয়ে মারা গেছেন। গণপিটুনিতে সন্দেহভাজন যুবককে হাসপাতালে নেওয়ার পর তিনি মৃত্যুবরণ করেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ আসাদ)

### ইসলামে বিভেদ, হানাহানি, বিদ্বেষের কোনো স্থান নেই: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, ইসলামে বিভেদ, হানাহানি, বিদ্বেষ কিংবা সামাজিক বৈরিতার কোনো স্থান নেই। তিনি বলেন, `পবিত্র আশুরা আমাদের স্মরণ করিয়ে দেয় যে, ইসলামের মূল শিক্ষা শান্তি, ন্যায়, সহমর্মিতা ও মানবকল্যাণের ওপর প্রতিষ্ঠিত। ইসলামে বিভেদ, হানাহানি, বিদ্বেষ কিংবা সামাজিক বৈরিতার কোনো স্থান নেই। তাই আশুরার মহান শিক্ষা থেকে অনুপ্রাণিত হয়ে আসুন আমরা সমাজে সম্প্রীতি, পারস্পরিক শ্রদ্ধাবোধ, সহনশীলতা ও ভ্রাতৃত্ববোধ আরও সুদৃঢ় করি। একটি ন্যায়ভিত্তিক, শান্তিপূর্ণ ও কল্যাণমুখী সমাজ গঠনে নিজেদের আরও নিবেদিত

করি।,  আগামীকাল শুক্রবার পবিত্র আশুরা উপলক্ষে আজ বৃহস্পতিবার  দেওয়া এক বাণীতে প্রধানমন্ত্রী এ কথা বলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ আসাদ)

## ঢাকা-বেইজিংয়ের মধ্যে ২ চুক্তি ও ১৩ সমঝোতা স্মারক সই

চীনের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদারে দুই দেশের মধ্যে ১৩টি সমঝোতা স্মারক ও ২টি চুক্তি সই হয়েছে। দু,দেশের সম্পর্ককে নতুন উচ্চতায় নিতে বাণিজ্য, বিনিয়োগ, অবকাঠামো, শিক্ষা, প্রযুক্তি ও জনস্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন খাতকে গুরুত্ব দেওয়া হয়েছে। চীনের স্থানীয় সময় বিকেল ৫টায়  বেইজিংয়ের ঐতিহাসিক গ্রেট হলে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান এবং চীনের প্রধানমন্ত্রী লি কিয়াং-এর দ্বিপক্ষীয় বৈঠকে তাদের উপস্থিতিতে এসব সমঝোতা স্মারকে স্বাক্ষর হয়। এর আগে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান জনাব তারেক রহমানকে গণপ্রজাতন্ত্রী চীনের প্রধানমন্ত্রী মহামান্য লি কিয়াং রাষ্ট্রীয় মর্যাদায় `লাল গালিচা, সংবর্ধনা ও `গার্ড অব অনার, প্রদান করেন। আজ বৃহস্পতিবার চীনের স্থানীয় সময় বিকেল সাড়ে ৪টায় বেইজিংয়ের `গ্রেট হল অব দ্য পিপল,-এ প্রধানমন্ত্রী তারেক রহমানকে এই সংবর্ধনা ও `গার্ড অব অনার, দেওয়া হয়। এসময় বাংলাদেশ ও চীনের মধ্যে ১৩টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়, যা দুই দেশের দ্বিপাক্ষিক সহযোগিতাকে নতুন উচ্চতায় নিয়ে যাবে বলে আশাবাদী দুই দেশ। (রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ আসাদ)

## অন্তর্বর্তী সরকারের প্রথম বছরে ঘুষ লেনদেন ১২ হাজার ৬৩৩ কোটি টাকা: টিআইবি

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ টিআইবি জানিয়েছে, ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের এক বছরে দেশের বিভিন্ন সরকারি ও আধা-সরকারি সেবা খাতে মোট ১২ হাজার ৬৩৩ কোটি টাকার ঘুষ লেনদেন হয়েছে। এই লেনদেনের সময়কাল ছিল ২০২৪ সালের নভেম্বর থেকে ২০২৫ সালের অক্টোবর পর্যন্ত। আজ বৃহস্পতিবার রাজধানীর ধানমন্ডিতে টিআইবির কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে `সেবা খাতে দুর্নীতি: জাতীয় খানা জরিপ ২০২৫, শীর্ষক এক গবেষণার ফলাফল প্রকাশ করা হয়। টিআইবি জানায়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো -এর কাঠামোর ভিত্তিতে দুই-ধাপের র‍্যান্ডম স্যাম্পলিং পদ্ধতিতে দেশের আটটি বিভাগের গ্রামীণ ও শহুরে এলাকা থেকে ১ হাজার ১৪৯টি এলাকা নির্বাচন করা হয়। জরিপে ১৮টি নির্দিষ্ট সেবা খাতের তথ্য বিশ্লেষণ করা হয়েছে। এর আগে ২০২৩ সালেও একই ধরনের জরিপ পরিচালনা করেছিল সংস্থাটি। জরিপের ফলাফলে দেখা যায়, ২০২৩ সালের মতো এবারও পাসপোর্ট সেবা গ্রহণকারীরাই সবচেয়ে বেশি দুর্নীতি ও ঘুষের শিকার। এ খাতের ৭৬.৬ শতাংশ সেবাগ্রহীতা ঘুষ বা দুর্নীতির অভিজ্ঞতার কথা জানিয়েছেন। দ্বিতীয় অবস্থানে রয়েছে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ এর সেবা, যেখানে ৬৩.৫ শতাংশ ব্যবহারকারী দুর্নীতির শিকার হয়েছেন। এর পরের অবস্থানে রয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, কৃষি, ভূমি এবং বিচার বিভাগীয় সেবা। এসব খাতে প্রতি পরিবারে গড় ঘুষের পরিমাণ তুলনামূলকভাবে বেশি। তবে সামগ্রিকভাবে প্রতি পরিবারের গড় ঘুষের পরিমাণ কিছুটা কমেছে। জরিপ অনুযায়ী, গত এক বছরে প্রতি পরিবারে গড়ে ৫ হাজার ১২৪ টাকা ঘুষ দিতে হয়েছে, যা ২০২৩ সালের তুলনায় প্রায় ১০ শতাংশ কম।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ আসাদ)

## তিস্তা মহাপরিকল্পনায় কারিগরি সহায়তা দিতে আগ্রহী চীন

চীনের প্রধানমন্ত্রী লি কিয়াংয়ের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। বেইজিংয়ের ঐতিহাসিক গ্রেট হল অব দ্য পিপল-এ স্থানীয় সময় বৃহস্পতিবার  বিকাল ৫টায় শীর্ষ পর্যায়ের এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ, বিনিয়োগ, কর্মসংস্থান সৃষ্টির  মতো গুরুত্বপূর্ণ দ্বিপক্ষীয় ও আঞ্চলিক ইস্যুগুলো স্থান পেয়েছে।  এর আগে প্রধানমন্ত্রী তারেক রহমানকে চীনের রাষ্ট্রীয় মর্যাদায় `লাল গালিচা, সংবর্ধনা ও `গার্ড অব অনার, জানানো হয়। বাংলাদেশ ও চীনের মধ্যে ১৩টি সমঝোতা স্মারক সই হয়, যা দুই দেশের দ্বিপক্ষীয় সহযোগিতাকে নতুন উচ্চতায় নিয়ে যাবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। বৈঠকের পর এক সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র এবং উপদেষ্টা মাহদী আমিন জানান, তিস্তার প্রজেক্টের বিষয়ে আমাদের একটা মহাপরিকল্পনা রয়েছে, যেটা বিএনপি নির্বাচনের ইশতেহারে প্রণীত হয়েছে। তার আলোকে এই মহাপরিকল্পনার প্ল্যানিং স্টেজ থেকে শুরু করে যেখানে প্রয়োজন চীন আমাদের টেকনিক্যাল সাপোর্ট প্রোভাইড করবে। তাদের জ্ঞান রয়েছে তার ওপর ভিত্তি করে আমাদের প্রজেক্ট ডিফাইন করা, প্ল্যানিং করা, এক্সিকিউশন সব জায়গাতে ধারাবাহিকভাবে তারা ইনভলভ হবে বলে আগ্রহ প্রকাশ করেছে। তিনি জানান, জয়েন্ট ফিজিবিলিটি স্টাডি করাটা খুব প্রয়োজন। এত বড় একটা প্রজেক্টে সেই জয়েন্ট ফিজিবিলিটি স্টাডির ক্ষেত্রে বাংলাদেশের সঙ্গে চীন কাজ করতে চায় এবং টোটাল ওয়াটার রিসোর্স ম্যানেজমেন্টের ড্রেনেজ সিস্টেমে যে এক্সপার্ট যেখানে রয়েছে সেটি বাংলাদেশের মধ্যে নদীমাত্রিক দেশে কাজে লাগানো সম্ভব তা দুই দেশেরই সরকার পোষণ করেছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ আসাদ)

## বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনারকে মন্ত্রীর মর্যাদা দিলো বিজেপি সরকার

বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদীকে মন্ত্রীর পদমর্যাদা দিয়েছে ক্ষমতাসীন বিজেপি সরকার। এ পদক্ষেপের মাধ্যমে ঢাকার সঙ্গে সম্পর্ককে দিল্লির গুরুত্ব দেয়ার বিষয়টি ফুটে উঠেছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। খবর হিন্দুস্তান টাইমসের। গত বুধবার ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয় জারি করা এক প্রজ্ঞাপনে বলা হয়, ‵দীনেশ ত্রিবেদীকে টেবিল অব প্রিসিডেন্সে কেন্দ্রীয় মন্ত্রিসভার মন্ত্রীর সমমর্যাদা প্রদান করা হয়েছে।, অতীতে রাজনৈতিকভাবে নিয়োগপ্রাপ্ত কয়েকজন রাষ্ট্রদূতকে মন্ত্রিসভার মন্ত্রীর মর্যাদা দেয়ার নজির রয়েছে। তবে সাম্প্রতিক বছরগুলোতে এমন উদাহরণ খুবই বিরল বলে জানিয়েছেন ভারতীয় পররাষ্ট্রনীতির পর্যবেক্ষকরা। উদাহরণস্বরূপ, কংগ্রেস নেতা প্রয়াত সিদ্ধার্থ শঙ্কর রায় ১৯৯২ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত যুক্তরাষ্ট্রে ভারতের রাষ্ট্রদূত থাকাকালে ক্যাবিনেট মন্ত্রীর মর্যাদা পেয়েছিলেন। এ ছাড়া দূত হিসেবে নিয়োগ পাওয়ার পর কয়েকজন সাবেক কেন্দ্রীয় মন্ত্রীকেও একই মর্যাদা দেয়া হয়েছিল। (রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ আসাদ)

## হামের উপসর্গে আরও ৯ শিশুর মৃত্যু

হামের উপসর্গ নিয়ে সারাদেশে গত ২৪ ঘণ্টায় আরও ৯ শিশুর মৃত্যু হয়েছে। উপসর্গে যে ৯ শিশুর মৃত্যু হয়েছে, তার মধ্যে ৮ শিশু ঢাকা বিভাগের। বৃহস্পতিবার স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদনে বলা হয়েছে, এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গে মারা গেছে ৬০৫ শিশু। নিশ্চিত হামে মৃত্যু ৯৩ শিশুর। সব মিলিয়ে মৃত্যুর সংখ্যা ৬৯৮। প্রতিবেদনে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামের রোগী শনাক্ত হয়েছে ৫২ জন। ১৫ মার্চ থেকে এ পর্যন্ত দেশে মোট ১১ হাজার ৪৪২ জনের শরীরে হাম শনাক্ত হয়েছে। গত ২৪ ঘণ্টায় সারাদেশে আরও ৮৯৩ জনের শরীরে হামের উপসর্গ দেখা দেওয়ার তথ্য পাওয়া গেছে। ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ দেখা দেওয়া রোগীর সংখ্যা ৯৬ হাজার ৬৫৩।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ আসাদ)

## দেশের প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে ‵মিড-ডে মিল, দেয়া হবে: শিক্ষামন্ত্রী

দেশের প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে ‵মিড-ডে মিল, দেয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন । তিনি বলেন, ‵মিড-ডে মিলে, যদি পচা খাবার সরবরাহ করা হয়, তাহলে দোষীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। বৃহস্পতিবার খুলনা বিভাগীয় অডিটোরিয়ামে সুষ্ঠু ও সুন্দর পরিবেশে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষা ২০২৬ গ্রহণের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এবং কারিগরি ও মাদরাসা শিক্ষা বোর্ডের অঞ্চলের আওতাধীন কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, যাদের বিরুদ্ধে ‵মিড-ডে মিল, সরবরাহে অনিয়ম ও পচা খাবার দেয়ার অভিযোগ পাওয়া গেছে, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ‵মিড-ডে মিল, সরবরাহে অনিয়মে জড়িতদের কোনো ছাড় দেয়া হবে না। এর আগে বরিশালে একটি মতবিনিময় সভায় শিক্ষামন্ত্রী বলেন, প্রশ্ন ফাঁস করলে কঠোর শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হবে। কোনো ধরনের প্রশ্ন ফাঁস হতে দেয়া যাবে না। এমন শাস্তি দেয়া হবে যে দেশের মানুষ সারা জীবন মনে রাখবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ আসাদ)

## টাইমস হায়ার র‍্যাংকিংয়ে ৬০০ ধাপ এগিয়েছে ঢাবি

টাইমস হায়ার এডুকেশন ইমপ্যাক্ট র‍্যাংকিং ২০২৬-এ উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। সর্বশেষ প্রকাশিত র‍্যাংকিংয়ে বিশ্ববিদ্যালয়টি গত বছরের তুলনায় প্রায় ৬০০ ধাপ এগিয়ে ৪০১-৬০০ ব্যান্ডে স্থান পেয়েছে। বুধবার প্রকাশিত র‍্যাংকিংয়ে দেখা গেছে, ২০২৫ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ছিল ১০০১-১৫০০ ব্যান্ডে। এবার তা উন্নীত হয়ে ৪০১-৬০০ ব্যান্ডে পৌঁছেছে। জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে শিক্ষা, গবেষণা, উদ্ভাবন, নীতিমালা ও সামাজিক সম্পৃক্ততার ভিত্তিতে বিশ্বের বিশ্ববিদ্যালয়গুলোর কার্যক্রম মূল্যায়ন করে টাইমস হায়ার এডুকেশন এই র‍্যাংকিং প্রকাশ করে। এ বছর বিশ্বের ১১৬টি দেশ ও অঞ্চলের এক হাজার ৬৪৬টি বিশ্ববিদ্যালয়কে মূল্যায়নের আওতায় আনা হয়েছে। এ অর্জনের বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম বলেন, এই অগ্রগতি শিক্ষক, গবেষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের সম্মিলিত প্রচেষ্টার ফল। শিক্ষা, গবেষণা ও সামাজিক দায়বদ্ধতার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের ধারাবাহিক কর্মকাণ্ড আন্তর্জাতিক স্বীকৃতি পেয়েছে। তিনি বলেন, বিশেষ করে ‵পিস, জাস্টিস অ্যান্ড স্ট্রং ইনস্টিটিউশনস, সূচকে বিশ্বের ২৪তম স্থান অর্জন বিশ্ববিদ্যালয়ের জন্য গর্বের বিষয়। জাতীয় ও বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় জ্ঞানভিত্তিক গবেষণা, উদ্ভাবন, সুশাসন, সামাজিক অন্তর্ভুক্তি এবং মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে টেকসই উন্নয়নে অবদান রাখতে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিশ্রুতিবদ্ধ।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ আসাদ)

## অর্থনৈতিক বিস্ময় গড়তে চীনা বিনিয়োগকারীদের বাংলাদেশে বিনিয়োগের আহ্বান প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী তারেক রহমান চীনা বিনিয়োগকারীদের পরবর্তী এশীয় অর্থনৈতিক বিস্ময় রচনায় অংশীদার হওয়ার আহ্বান জানিয়েছেন। বেইজিংয়ের দিয়াওইউতাই হোটেলে আজ বাংলাদেশ ইনভেস্টমেন্ট ফোরামে ব্যবসায়ী নেতা, শিল্পপতি ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের উদ্দেশে প্রধান অতিথির ভাষণে তিনি এ আহ্বান জানান। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এ অনুষ্ঠানের আয়োজন করে। প্রধানমন্ত্রী চীনা কোম্পানিগুলোকে তাদের মূল্যশৃঙ্খল বাংলাদেশে সম্প্রসারণের আহ্বান জানিয়ে বলেন, `ক্রমবর্ধমান বৃহৎ অভ্যন্তরীণ বাজারের সুবিধা গ্রহণের পাশাপাশি আমরা চীনা কোম্পানিগুলোকে বৈশ্বিক বাজারে আরও কার্যকরভাবে সেবা দিয়ে সহায়তা করতে পারি।, তিনি বলেন, `বাংলাদেশ আপনাদের এশিয়ার পরবর্তী অর্থনৈতিক বিস্ময়ের অংশীদার হওয়ার আমন্ত্রণ জানাচ্ছে। ইতোমধ্যে বহু চীনা বিনিয়োগকারী বাংলাদেশে সফলভাবে ব্যবসা পরিচালনা করছেন। তারা আমাদের জনগণের কর্মক্ষমতা, আমাদের সহনশীলতা এবং আমাদের বিপুল সম্ভাবনার কথা তুলে ধরতে পারেন। তারা বলতে পারেন বাংলাদেশ সফল হতে পারে। তারেক রহমান আরও বলেন, বাংলাদেশকে নতুন দৃষ্টিতে দেখার জন্য আরও বেশি চীনা কোম্পানির দেশটিতে আসা উচিত। তিনি বিনিয়োগকারীদের আশ্বস্ত করে বলেন, `তাদের বিনিয়োগ যথাযথ মূল্যায়ন পাবে, উদ্বেগ ও প্রত্যাশার বিষয়গুলো গুরুত্বসহকারে বিবেচনা করা হবে এবং আরও গতিশীল ও সংবেদনশীল বিনিয়োগ পরিবেশের মাধ্যমে তাদের প্রবৃদ্ধিকে সমর্থন করা হবে।, প্রধানমন্ত্রী বলেন, `বাংলাদেশ এক বিশাল অর্থনৈতিক ও প্রশাসনিক রূপান্তরের মধ্য দিয়ে যাচ্ছে।, তিনি বলেন, `আমরা আমাদের যাত্রাপথের এক গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণে দাঁড়িয়ে আছি। আমি স্পষ্টভাবে বলতে পারি, বাংলাদেশ ব্যবসার জন্য উন্মুক্ত, ভবিষ্যতের জন্য প্রস্তুত এবং আমাদের অন্যতম দীর্ঘদিনের ও বিশ্বস্ত বন্ধু চীনের সাথে কাজ করতে আগ্রহী।, (রেডিও টুডে ওয়েব পেজ: ২৫.০৬.২০২৬ আসাদ)

## মাদক নিয়ন্ত্রণ কর্মকর্তাদের অস্ত্র দেওয়ার উদ্যোগ নেয়া হয়েছেঃ স্বরাষ্ট্রমন্ত্রী

দেশের ৮২ লাখ মানুষ বিভিন্ন ধরনের মাদকে আসক্ত বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, এজন্য মাদক নিয়ন্ত্রণ কর্মকর্তাদের অস্ত্র দেওয়ার উদ্যোগ নেয়া হয়েছে। আন্তর্জাতিক মাদকবিরোধী দিবস উপলক্ষে বৃহস্পতিবার সচিবালয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে ১৫ টি বেসরকারি মাদক পুনর্বাসন কেন্দ্রকে অনুদানের চেক হস্তান্তর করা হয়। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, মাদকসংক্রান্ত প্রায় ৮০ হাজার মামলা বিচারাধীন রয়েছে। এসব মামলার বিচারের জন্য স্পেশাল ট্রাইব্যুনাল গঠনের প্রস্তাব পাঠানো হয়েছে, পাশাপাশি প্রথাগত আদালতেও এর বিচার কাজ চলবে। তিনি বলেন, বিদ্যমান মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন দিয়ে কার্যকরভাবে মাদকের বিরুদ্ধে লড়াই করা যাচ্ছে না। মাদক ব্যবসায়ীদের অনেকেরই সশস্ত্র গ্রুপ রয়েছে, অথচ অভিযানে যাওয়া অধিদপ্তরের পরিদর্শকদের কাছে কোনো অস্ত্র নেই। এ পরিস্থিতিকে তিনি `ঢাল-তলোয়ারবিহীন নিধিরাম সর্দারের, সঙ্গে তুলনা করেন।সালাহউদ্দিন আহমদ বলেন, মাদক শনাক্তকরণে পর্যাপ্ত পরীক্ষাগার নেই। ফলে জব্দ হওয়া মাদকের দ্রুত পরীক্ষা ও আইনি প্রক্রিয়া সম্পন্ন করতেও সমস্যা হচ্ছে। অন্যদিকে মামলা পরিচালনায় বিদ্যমান আদালতগুলোকে হিমশিম খেতে হচ্ছে। তিনি আরও বলেন, ব্যবসায়ীদের গ্রেপ্তারের পর থানায় হস্তান্তরের আগে রাখার জন্য অধিদপ্তরের নিজস্ব কোনো হাজতখানা নেই। সংশোধিত আইনে হাজতখানা নির্মাণ, পরিবহন সুবিধা, ডগ স্কোয়াড এবং আধুনিক অস্ত্র সরবরাহের ব্যবস্থা রাখা হচ্ছে। এসব সক্ষমতা বৃদ্ধির পর আরও জোরালো অভিযান পরিচালনা করা হবে। মন্ত্রী জানান, বিদ্যমান মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন সংশোধন ও আধুনিকায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। আগামী কয়েক দিনের মধ্যে সংশোধনী বিল জাতীয় সংসদে তোলা হবে বলে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ২৫.০৬.২০২৬ আসাদ)

## গ্রেট হলে প্রধানমন্ত্রীকে উষ্ণ অভ্যর্থনা

প্রধানমন্ত্রী তারেক রহমানকে বেইজিংয়ের গ্রেট হলে উষ্ণ অভ্যর্থনা ও লাল গালিচা সংবর্ধনা দেয়া হয়েছে। আজ বিকেলে প্রধানমন্ত্রী লি কিয়াংয়ের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকের জন্য গ্রেট হল অব দ্য পিপলে এসে পৌঁছালে তারেক রহমানকে এ সংবর্ধনা দেওয়া হয়। চীনের প্রধানমন্ত্রী লি কিয়াং তারেকে রহমানকে স্বাগত জানান। তিনি প্রধানমন্ত্রী তারেক রহমানকে হাত ধরে বিশেষভাবে সজ্জিত মঞ্চে নিয়ে যান। চীনা সশস্ত্র বাহিনীর একটি চৌকস দল গার্ড অব অনার প্রদান করে। এ সময় দুই দেশের জাতীয় সঙ্গীত বাজানো হয়। উভয় প্রধানমন্ত্রী পরস্পরের সঙ্গে নিজ নিজ প্রতিনিধি দলের সদস্যদের পরিচয় করিয়ে দেন। স্বাগত অনুষ্ঠানের পর গ্রেট হল অব দ্য পিপলে উভয় প্রধানমন্ত্রীর মধ্যে দ্বিপাক্ষিক বৈঠক শুরু হয়। (রেডিও টুডে ওয়েব পেজ: ২৫.০৬.২০২৬ আসাদ)

## তিস্তাসহ দেশের বিভিন্ন নদী ব্যবস্থাপনায় চীন-বাংলাদেশের ঐকমত্য

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠক করেছেন চীনের পানিসম্পদমন্ত্রী লি গোওইং। বৈঠকে তিস্তাসহ বাংলাদেশের বিভিন্ন নদীর ব্যবস্থাপনায় দুই দেশের সহযোগিতা বৃদ্ধির বিষয়ে ঐকমত্য হয়। বৃহস্পতিবার দুপুরে বেইজিংয়ের রাষ্ট্রীয় দিয়াওইউতাই অতিথি ভবনে এ বৈঠক অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী বৈঠকে বন্যার ঝুঁকি মোকাবিলা, পরিবেশ সুরক্ষা এবং

পানি সম্পদের যথাযথ ব্যবস্থাপনার লক্ষ্যে দেশে চলমান নদী খনন কর্মসূচির কথা উল্লেখ করেন এবং বাংলাদেশের পানিসম্পদ ব্যবস্থাপনায় চীন সরকারের সহযোগিতা চান। প্রধানমন্ত্রী বাংলাদেশের তিস্তা ব্যবস্থাপনা প্রকল্পে চীন সরকারের কারিগরি সহায়তাও প্রত্যাশা করেন। চীনের পানিসম্পদমন্ত্রী সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন। তিনি ২০০৫ সালে বাংলাদেশ ও চীনের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক এবং গত বছর চীনের পানি বিশেষজ্ঞদের বাংলাদেশ সফরের কথা উল্লেখ করে বলেন, পানি সম্পদ ব্যবস্থাপনায় বাংলাদেশ ও চীনের মধ্যে বিদ্যমান দ্বিপাক্ষিক সহযোগিতা বাস্তবভিত্তিক ও গবেষণানির্ভর। প্রধানমন্ত্রী বাংলাদেশের নদীভাঙন রোধ, সেচ ব্যবস্থাপনা এবং নৌ-নেভিগেশন উন্নয়নে চীন সরকারের সহযোগিতা প্রত্যাশা করেন। চীনের পানিসম্পদমন্ত্রী বলেন, পানি ব্যবস্থাপনায় বাংলাদেশ চীনের অভিজ্ঞতা কাজে লাগাতে পারে। তিনি বাংলাদেশের পানি বিশেষজ্ঞ এবং এ খাতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের চীনে প্রশিক্ষণ গ্রহণের আহ্বান জানান। এ সময় চীনের পানিসম্পদ মন্ত্রী প্রধানমন্ত্রী তারেক রহমানকে একটি বই উপহার দেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ২৫.০৬.২০২৬ আসাদ)

## ২৮ জুন থেকে ভারতের ভ্রমণ ভিসার আবেদন করা যাবে

ভারতের ভ্রমণ ভিসার আবেদন করা যাবে ২৮ জুন থেকে বলে জানিয়েছেন ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। বৃহস্পতিবার ঢাকার ভারতীয় ভিসা কেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের এ তথ্য জানান ঢাকায় নিযুক্ত ভারতে নতুন হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। দীনেশ ত্রিবেদী বলেন, প্রথমে কেবল পাঁচটি কেন্দ্র থেকে দেয়া হবে এ ভিসা।পর্যায়ক্রমে বাকিগুলো থেকেও দেয়া হবে বলেও জানান তিনি। উল্লেখ্য, ৫ আগস্টের পর থেকে বাংলাদেশিদের জন্য ভিসা কার্যক্রম সীমিত করে দেয় ভারত। মেডিকেল ভিসা ছাড়া প্রায় সব ধরনের ভিসা বন্ধ রাখা হয়। সম্প্রতি দীনেশ ত্রিবেদীকে রাষ্ট্রদূত করে বাংলাদেশে পাঠায় ভারত সরকার। নতুন দায়িত্ব গ্রহণের জন্য গত **১২** জুন তিনি বাংলাদেশে পৌঁছান। আজ সকালে বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে আনুষ্ঠানিকভাবে পরিচয় পেশ করেন দীনেশ ত্রিবেদী। এর পরই আইভ্যাক-এর অনুষ্ঠানে গিয়ে তিনি বাংলাদেশিদের জন্য ট্যুরিস্ট ভিসা চালু করার ঘোষণা দিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ২৫.০৬.২০২৬ আসাদ)

## এবার ৯ বোর্ডে অভিন্ন প্রশ্নেপত্রে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে

শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, দেশের শিক্ষা ব্যবস্থায় বৈষম্য দূর করতে এবার ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে `একক ও অভিন্ন, প্রশ্নপত্রে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রশ্ন ফাঁসের যে কোনো ধরনের অপচেষ্টা বা চালাকি কঠোর হস্তে দমন করার হুঁশিয়ারি দিয়ে তিনি বলেন, `এবার প্রশ্ন ফাঁসের কোনো রকম চেষ্টা করা হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে এমন কঠোর শাস্তির ব্যবস্থা করা হবে, যা দেখে অন্য অপরাধীরা আজীবন শিক্ষা পাবে।, আজ বৃহস্পতিবার আসন্ন এইচএসসি ও সমমান পরীক্ষা-২০২৬ উপলক্ষ্যে বরিশাল অঞ্চলের কেন্দ্র সচিবদের সঙ্গে অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বরিশাল শিল্পকলা একাডেমি অডিটোরিয়ামে এই অনুষ্ঠানের আয়োজন করে বরিশাল শিক্ষা বোর্ড।মন্ত্রী বলেন, `সারা বিশ্বে যদি `ও লেভেল, বা `এ লেভেল, পরীক্ষা একই প্রশ্নে হতে পারে, তবে আমাদের দেশে বোর্ডভেদে আলাদা প্রশ্ন কেন হবে? বোর্ডের চেয়ারম্যানরা আগে বলতেন- প্রশ্ন ফাঁসের আশঙ্কায় তারা আলাদা প্রশ্ন করেন। আমি বলেছি, প্রশ্ন ফাঁসই হতে দেওয়া হবে না। কোনো একটি বোর্ডের প্রশ্ন সহজ আর অন্য বোর্ডের প্রশ্ন কঠিন- এই জিপিএ বৈষম্যের মানসিকতা থেকে শিক্ষার্থীদের মুক্ত করতেই আমরা একক ও অভিন্ন প্রশ্নপত্রে এবার এইচএসসি পরীক্ষার সিদ্ধান্ত নিয়েছি।, বিগত সরকারের আমলের শিক্ষার করুণ চিত্র ও ঢালাও পাসের সমালোচনা করে ড. মিলন বলেন, `বিগত সরকারের আমলের নীতি ছিল- না পড়ে, নকল করে, ইন্টারনেটের সহায়তায় খাতায় বেশি নম্বর দিয়ে পাস করিয়ে দাও। এভাবে পাস করে যারা ডাক্তার হয়েছেন, তারা যদি কোনো অসুস্থ মানুষকে চিকিৎসা দিতে যান, তবে রোগীকে সামনে রেখেই তাদের নতুন করে বই পড়তে হবে। মেধার কোনো বিকল্প নেই।, (রেডিও টুডে ওয়েব পেজ: ২৫.০৬.২০২৬ আসাদ)

## মুন্সিগঞ্জে চোর সন্দেহে এক যুবককে পিটিয়ে হত্যা

মুন্সীগঞ্জে মোবাইল চোর সন্দেহে এক যুবককে পিটিয়ে হত্যা করা হয়েছে। বুধবার দিবাগত রাতে জেলার শ্রীনগর উপজেলার শ্যামসিদ্ধি এলাকায় চুরির অভিযোগ তুলে স্থানীয় একটি মসজিদের মাইকে ঘোষণা দিয়ে ওই যুবককে আটক করা হয়। পরে উত্তেজিত জনতা তার হাত-পা বেঁধে পেটালে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। বৃহস্পতিবার ভোরে মত্তগ্রাম সড়ক থেকে নিহতের হাত-পা বাঁধা মরদেহ উদ্ধার করেছে পুলিশ। নিহত যুবকের নাম শাহাদাত । তিনি শ্যামসিদ্ধি এলাকার বাসিন্দা ছিলেন। স্থানীয়রা জানান, রাতে এলাকায় একটি মোবাইল চুরির ঘটনাকে কেন্দ্র করে শাহাদাতকে সন্দেহ করা হয়। একপর্যায়ে রাতের আঁধারে মসজিদের মাইকে ঘোষণা দিয়ে তাকে গ্রামের মানুষ এক জোট হয়ে আটকে ফেলে। এরপর আইন নিজের হাতে তুলে নিয়ে উত্তেজিত জনতা তাকে হাত-পা বেঁধে এলোপাথাড়ি মারধর শুরু করে। পিটুনির একপর্যায়ে গুরুতর আহত হয়ে ঘটনাস্থলেই শাহাদাতের মৃত্যু হলে সবাই তার মরদেহ সড়কে ফেলে রেখে চলে যায়। ভোরে রাস্তার ওপর হাত-পা বাঁধা মরদেহ পড়ে থাকতে দেখে স্থানীয় বাসিন্দারা পুলিশে খবর দেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ২৫.০৬.২০২৬ আসাদ)

### জলাতঙ্ক প্রতিরোধে ২০ লাখ ডোজ টিকা আমদানির উদ্যোগ

জলাতঙ্ক বা র‍্যাবিস প্রতিরোধে প্রায় ২০ লাখ ডোজ টিকা আমদানির উদ্যোগ নিয়েছে সরকার। এ লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর ওষুধ প্রশাসন অধিদপ্তরে অনুমোদনের জন্য প্রস্তাব পাঠিয়েছে। চলতি মাসেই অনুমোদন পাওয়া গেলে টিকা আমদানি করা হবে। প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক মো. শাহজামান খান বলেন, জলাতঙ্ক প্রতিরোধে প্রায় ২০ লাখ ডোজ টিকা আমদানির অনুমতির সুপারিশ করা হয়েছে। বর্তমানে ওষুধ প্রশাসন অধিদপ্তরের অনুমোদনের অপেক্ষায় রয়েছে বিষয়টি। চলতি মাসের মধ্যেই অনুমোদন পাওয়া যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি বলেন, কুকুরের মাধ্যমে ছড়িয়ে পড়া জলাতঙ্ক নিয়ন্ত্রণে ব্যাপক আকারে `ম্যাস ডগ ভ্যাক্সিনেশন, কার্যক্রম চালুর পরিকল্পনা রয়েছে। বিশেষ করে ঢাকা শহরের বেওয়ারিশ কুকুরগুলোকে এ কর্মসূচির আওতায় আনা হবে, যাতে সাধারণ মানুষের জন্য কোনো স্বাস্থ্যঝুঁকি তৈরি না হয়। প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তারা জানান, ২০২৪ সাল পর্যন্ত স্বাস্থ্য অধিদপ্তরের তত্ত্বাবধানে সারাদেশে কুকুরের টিকাদান কার্যক্রম চলমান ছিল। পরে কার্যক্রমটি বন্ধ থাকায় কুকুরের মধ্যে জলাতঙ্ক প্রতিরোধে সমস্যা দেখা দেয়। এ অবস্থায় সরকারি অর্থায়নে নতুন একটি প্রকল্প হাতে নিয়েছে প্রাণিসম্পদ অধিদপ্তর। আগামী জুলাই থেকে এর কার্যক্রম শুরু হওয়ার কথা রয়েছে। প্রকল্পের আওতায় ঢাকা শহরের পোষা কুকুর ও বিড়ালকে জলাতঙ্কের টিকা দেওয়া এবং বন্ধ্যাকরণ করা হবে। শাহজামান খান বলেন, জলাতঙ্ক প্রতিরোধে নেওয়া নতুন প্রকল্পটি ইতোমধ্যে অনুমোদন পেয়েছে। এর জন্য ৩৪ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। তবে প্রকল্প পরিচালক নিয়োগ না হওয়ায় এখনো কাজ শুরু হয়নি। (রেডিও টুডে ওয়েব পেজ: ২৫.০৬.২০২৬ আসাদ)

### ২৮ শে জুন সারাদেশে ভিটামিন এ ক্যাপসুল ক্যাম্পেইন কর্মসূচি শুরু হচ্ছে

প্রায় ১৪ মাস পর দেশব্যাপী ভিটামিন `এ, ক্যাপসুল ক্যাম্পেইন শুরু হতে যাচ্ছে। অন্ধত্ব প্রতিরোধ ও শিশুদের পুষ্টিহীনতা দূরীকরণের লক্ষ্যে আয়োজিত এই বিশেষ ক্যাম্পেইন আগামী ২৮ জুন সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত চলবে। এদিন ৬ মাস থেকে ৫৯ মাস বয়সী ২ কোটি ৩৫ লাখের বেশি শিশুকে ভিটামিন `এ, ক্যাপসুল খাওয়ানো হবে। তবে ১২টি জেলার ৫৮টি উপজেলার ২৯০টি ইউনিয়নের ৭১৪টি ওয়ার্ডে দুর্গম অঞ্চলে রাউন্ড বা ক্যাম্পেইন পরবর্তী চারদিন চাইল্ড টু চাইল্ড সার্চিং কার্যক্রম চালানো হবে। জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের পরিচালক ডা. মোহাম্মদ ইউনুস আলী বাসস,কে এসব তথ্য জানিয়েছেন। ক্যাম্পেইন বাস্তবায়নের দায়িত্বে থাকা জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, এবারের ক্যাম্পেইনে ২ কোটি ৩৫ লাখ ১৪ হাজার ৯৭২ জন শিশুকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে ৬ মাস থেকে ১১ মাস বয়সী শিশুদের সংখ্যা ২৮ লাখ ৩৮ হাজার ৭৯৪ জন এবং ১২ মাস থেকে ৫৯ মাস বয়সী শিশুদের সংখ্য ২ কোটি ৫ লাখ ৭৬ হাজার ১৭৮ জন।
(রেডিও টুডে ওয়েব পেজ: ২৫.০৬.২০২৬ আসাদ)

## জাগো নিউজ

### বাংলাদেশ-চীনের মধ্যে ১৩ সমঝোতা স্মারক সই

বাংলাদেশ ও চীনের মধ্যে ১৩টি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়েছে। বৃহস্পতিবার (২৫ জুন) স্থানীয় সময় বিকেলে বেইজিংয়ের ঐতিহাসিক গ্রেট হল অব দ্য পিপলে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান ও চীনের প্রধানমন্ত্রী লি কিয়াংয়ের মধ্যে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় বৈঠক শেষে এসব সমঝোতা স্মারক সই হয়। সমঝোতা স্মারকগুলোতে সই করেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান, তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপনসহ পররাষ্ট্র মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা। সন্ধ্যায় বেইজিংয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন এসব তথ্য জানান। তিনি বলেন, সমঝোতা স্মারকগুলো মূলত বিনিয়োগ সহযোগিতা, সবুজ উন্নয়ন (গ্রিন ডেভেলপমেন্ট) এবং অন্যান্য ক্ষেত্রে দ্বিপক্ষীয় সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে স্বাক্ষরিত হয়েছে। এ ছাড়া বৈঠকে একটি যৌথ কর্মপরিকল্পনা (জয়েন্ট অ্যাকশন প্ল্যান) নিয়েও আলোচনা হয়েছে।(জাগো নিউজ ওয়েব পেজ : ২৫.০৬.২০২৬ নারগীস)

### গ্রাম থেকে শহরে আসা শিক্ষকদের আবার গ্রামে পাঠানো হবে: শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, যেসব শিক্ষকরা বিগত ২০ বছর ধরে গ্রামের শিক্ষা ফাঁকি দিয়ে শহরে এসেছেন, তাদেরকে আবারও গ্রামে পাঠানো হবে। কেননা গ্রামের শিক্ষক সংকট থাকবে আর সবাই শহরে এসে সুযোগ-সুবিধা নিয়ে শিক্ষকতা করবে, সেটা হতে পারে না। তিনি বলেন, শিক্ষায় গ্রামাঞ্চল অনগ্রসর থাকতে পারে না। ৬০ হাজার শিক্ষক সংকট নিয়ে দেশের শিক্ষা ব্যবস্থা চলছে। এভাবে শিক্ষার মান উন্নয়ন করা সম্ভব নয়। তাই পর্যায়ক্রমে শিক্ষক নিয়োগ দেওয়া হবে। বৃহস্পতিবার (২৪ জুন) বিকেলে খুলনা বিভাগীয় কমিশনারের অডিটোরিয়ামে যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথিরর বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। এসময় শিক্ষামন্ত্রী বলেন, `শিক্ষকদের কী কী সুবিধা-অসুবিধা রয়েছে, কোন কোন কারণে শিক্ষার মান বাধাগ্রস্ত হচ্ছে; সেসব বিষয় চিহ্নিত করে সমাধানের চেষ্টা করছি।, তিনি আরও বলেন, `এ বছরের মাধ্যমিক পরীক্ষায় শিক্ষা বোর্ডগুলোতে অভিন্ন পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। সামনের বছর থেকে মাদরাসা ও কারিগরি বোর্ডেও অভিন্ন

পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে।, অভিন্ন পদ্ধতিতে পরীক্ষা প্রসঙ্গে শিক্ষামন্ত্রী বলেন, `সব শিক্ষাবোর্ডে একই প্রশ্নে পরীক্ষা হবে। প্রশ্ন ফাঁস হতে দেওয়া হবে না। কেউ প্রশ্ন ফাঁস করলে এবং গুজব তৈরি করলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।, সভায় খুলনা বিভাগীয় কমিশনার মো. আব্দুল্লাহ হারুন, রেঞ্জ ডিআইজি মো. রেজাউল হক, কেএমপি কমিশনার মো. জাহিদুল হাসান, কেসিসির প্রশাসক নজরুল ইসলাম মঞ্জু, কেডিএর চেয়ারম্যান এস এম শফিকুল আলম মনা, জেলা প্রশাসক হুরে জান্নাত, এসপি মো. তাজুল ইসলামসহ যশোর শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন খুলনা অঞ্চলের কেন্দ্র সচিবরা অংশ নেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## হামের উপসর্গে একদিনে প্রাণ গেলো ৯ শিশুর

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও ৯ শিশু মারা গেছে। তবে এ সময়ে নিশ্চিত হামে কারও মৃত্যুর খবর পাওয়া যায়নি। আলোচ্য সময়ে হাম ও হামের উপসর্গ মিলিয়ে নতুন করে প্রায় সাড়ে ৯শ শিশু আক্রান্ত হয়েছে। বৃহস্পতিবার (২৫ জুন) সন্ধ্যায় স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে ৯ জন শিশু মারা গেছে। তবে এসময়ে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। এতে বলা হয়, গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারাদেশে হামের উপসর্গ নিয়ে মারা গেছে ৬০৫ শিশু। একই সময়ে নিশ্চিত হামে আক্রান্ত হয়ে ৯৩ শিশুর প্রাণ গেছে। অর্থাৎ, হাম ও হামের উপসর্গ নিয়ে এ পর্যন্ত মোট ৬৯৮ শিশুর মৃত্যু হয়েছে। গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ৫২ শিশু। এসময়ে হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ৮৯৩। সবমিলিয়ে এ সময়ে হাম ও হামের উপসর্গে আক্রান্ত হয়েছে ৯৪৫ জন। তথ্য অনুযায়ী, ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ৯৬ হাজার ৬৫৩, আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ১১ হাজার ৪৪২ জন। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট ৮০ হাজার ৪৯৭ রোগী, যাদের মধ্যে ৭৬ হাজার ৭৮৮ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## ডিআইজি বিপ্লব তালুকদার সাময়িক বরখাস্ত

টানা ৮ মাস ধরে কর্মস্থলে অনুপস্থিতির কারণে রাজারবাগ পুলিশ টেলিকমের ডিআইজি বিপ্লব বিজয় তালুকদারকে সাময়িক বরখাস্ত করেছে সরকার। রাষ্ট্রপতির আদেশক্রমে গতকাল বুধবার (২৪ জুন) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ আদেশ জারি করা হয়। বৃহস্পতিবার (২৫ জুন) বিষয়টি জানিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এতে বলা হয়, রাজারবাগ পুলিশ টেলিকমের (সংযুক্ত) ডিআইজি বিপ্লব বিজয় তালুকদার গত বছরের ৬ অক্টোবর থেকে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তার এমন কর্মকাণ্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধি অনুসারে যথাক্রমে `অসদাচরণ, ও `পলায়ন, এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। এ কারণে বিপ্লব বিজয় তালুকদারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা অনুযায়ী যে তারিখ থেকে কর্মস্থলে অনুপস্থিত সেই তারিখ থেকে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হলো বলে উল্লেখ করা হয়েছে প্রজ্ঞাপনে। বিপ্লব বিজয় তালুকদার ২০০১ সালে ২০তম বিসিএসের মাধ্যমে সহকারী পুলিশ সুপার হিসেবে বাংলাদেশ পুলিশে যোগদান করেন। ২০২৩ সালে তিনি ডিআইজি পদে পদোন্নতি পেয়েছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## শাহজাহানপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ১৩

রাজধানীর শাহজাহানপুর থানা এলাকায় বিশেষ অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত ১৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার (২৫ জুন) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী বলেন, গত ২৪ ঘণ্টায় শাহজাহানপুর থানা এলাকার বিভিন্ন অপরাধপ্রবণ স্থানে বিশেষ অভিযান পরিচালনা করে ১৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতারদের মধ্যে নিয়মিত ও পরোয়ানাভুক্ত মামলার আসামির পাশাপাশি বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত ব্যক্তিরাও রয়েছেন। শাহজাহানপুর থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, গ্রেফতারদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে এবং তাদের আদালতে পাঠানো হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## রাজধানীতে পুলিশের বিশেষ অভিযান, গ্রেফতার ৭৯

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) বিভিন্ন ইউনিটের পরিচালিত বিশেষ অভিযানে রাজধানীর বিভিন্ন এলাকা থেকে বিভিন্ন অপরাধে জড়িত মোট ৭৯ জনকে গ্রেফতার করা হয়েছে। বৃহস্পতিবার (২৫ জুন) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, গতকাল বুধবার (২৪ জুন) দিনব্যাপী পরিচালিত এ অভিযানে ৭৯ জনকে গ্রেফতার করা হয়েছে। তিনি আরও বলেন, গ্রেফতারদের মধ্যে একজন তালিকাবহির্ভূত চাঁদাবাজ রয়েছে। এছাড়া সন্ত্রাসী, দস্যু, ছিনতাইকারী ও ডাকাতি সংশ্লিষ্ট অপরাধে জড়িত ৩১ জন এবং মাদক কারবারে জড়িত ৪৭ জনকে গ্রেফতার করা হয়। জননিরাপত্তা

ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। গ্রেফতারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## ড্যাফোডিল শিক্ষার্থী তালহা হত্যা মামলার প্রধান আসামি গ্রেফতার

রাজধানীর সায়েদাবাদ বাস টার্মিনাল এলাকার শীর্ষ ছিনতাইকারী ও মাদক ব্যবসায়ী মো. মিলনকে (২৮) গ্রেফতার করেছে যাত্রাবাড়ী থানা পুলিশ। গ্রেফতার আসামি, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স বিভাগের মেধাবী শিক্ষার্থী খন্দকার আবু তালহা হত্যা মামলার প্রধান আসামি বলে জানিয়েছে পুলিশ। বৃহস্পতিবার (২৫ জুন) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। যাত্রাবাড়ী থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, গোপন সংবাদের ভিত্তিতে বুধবার (২৪ জুন) রাত আনুমানিক ১১টার দিকে সায়েদাবাদ বাস টার্মিনাল এলাকায় বিশেষ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। তিনি বলেন, গ্রেফতার মিলন রাজধানীর টিকাটুলীর আর কে মিশন রোড এলাকায় ছিনতাইকারীর হাত থেকে অন্য একজনকে রক্ষা করতে গিয়ে নিহত ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স বিভাগের মেধাবী শিক্ষার্থী খন্দকার আবু তালহা হত্যা মামলার প্রধান আসামি। তার বিরুদ্ধে হত্যা, ছিনতাই ও মাদকের একাধিক মামলা রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## `হুট করে ডেকে নিয়ে চিঠি ধরিয়ে বললো, আপনার চাকরি নেই,

একদিনে ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) চারজন উপ-মহাব্যবস্থাপক (ডিজিএম)-কে চাকরিচ্যুত করা হয়েছে। ডিএসইর ইতিহাসে এর আগে কখনো এভাবে কর্মকর্তাদের চাকরিচ্যুত করা হয়নি। হুট করে চাকরিচ্যুত করায় ক্ষোভ প্রকাশ করেছেন এসব কর্মকর্তা। এ বিষয়ে ডিএসইর ঊর্ধ্বতনরা বলছেন, চাকরিচ্যুত করার বিষয়টি কোনো ব্যক্তিকে শাস্তি দেওয়ার সিদ্ধান্ত নয়। ডিএসইকে আরও দক্ষ ও কার্যকর করতে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। এটি দীর্ঘমেয়াদি রিসোর্স অপটিমাইজেশন পরিকল্পনার অংশ। ডিএসইর সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, জেনারেল অ্যাডমিন বিভাগের ডিজিএম মো. আব্দুল লতিফ ও হোসনে আরা পারভীন, আইসিটি বিভাগের জিডিএম শাহিন সারওয়ার এবং ইনভেস্টর প্রকেক্টশন ফান্ডের সমন্বয়ক ডিজিএম আব্দুর রাজ্জককে চাকরিচ্যুত করা হয়েছে। পাশাপাশি দুজন সিনিয়র ম্যানেজার এবং নীচের পদে আরও দুজনকে চাকরিচ্যুত করা হয়েছে। সূত্র জানিয়েছে, এসব কর্মকর্তা চাকরিচ্যুত করার পাশাপাশি আরও কয়েকজন কর্মকর্তাকে চাকরিচ্যুত করার পরিকল্পনা করা হচ্ছে। এতে বর্তমানে ডিএসইর কর্মকর্তাদের মধ্যে চাকরি হারানোর আতঙ্ক বিরাজ করছে। চাকরিচ্যুত করা একজন ডিজিএমকে দেওয়া চিঠিতে উল্লেখ করা হয়েছে, ডিএসইর জনবল পুনর্গঠনের অংশ হিসেবে তাকে তাৎক্ষণিক চাকরিচ্যুত করা হয়েছে। প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তা বিবেচনায় তার পদটি আর প্রয়োজন নেই। এতে বলা হয়েছে, চাকরি অবসানের পর চূড়ান্ত নিষ্পত্তির অংশ হিসেবে তিনি ১২০ দিনের সমপরিমাণ মোট বেতন নোটিশের পরিবর্তে পাবেন। এছাড়া চলতি মাসের বেতন, প্রভিডেন্ট ফান্ডের প্রাপ্য অর্থ, গ্র্যাচুইটি সুবিধা, শ্রমিক কল্যাণ তহবিল (ডব্লিউপিপিএফ ও ডব্লিউডব্লিউএফ) থেকে প্রাপ্য অর্থ, অব্যবহৃত বার্ষিক ছুটির নগদায়নসহ ডিএসইর নীতিমালা অনুযায়ী অন্যান্য পাওনাও পরিশোধ করা হবে। পাশাপাশি সদিচ্ছার নিদর্শন হিসেবে তাকে অতিরিক্ত দুই মাসের সমপরিমাণ মোট বেতন দেওয়া হবে। তবে এ অর্থ সম্পূর্ণভাবে ডিএসইর বিবেচনাধীন সুবিধা এবং এটি ভবিষ্যতে কোনো আইনি অধিকার বা নজির সৃষ্টি করবে না বলেও চিঠিতে উল্লেখ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## জীবনের শেষ প্রান্তে এসে এমন আচরণ আমাকে চরম অপমানিত করেছে

`৫০ বছরের চিকিৎসা জীবনে অত্যন্ত সততা ও নিষ্ঠার সঙ্গে চিকিৎসাসেবা দিয়ে এসেছি। কর্মজীবনে ১৪ থেকে ১৫টি আন্তর্জাতিক ও একাডেমিক পুরস্কারের পাশাপাশি ইউজিসি অ্যাওয়ার্ড এবং রাষ্ট্রীয় সর্বোচ্চ সম্মাননা ”একুশে পদক„ পেয়েছি। এছাড়া আন্তর্জাতিক স্বীকৃত চিকিৎসাশাস্ত্রের আকর গ্রন্থ ”ডেভিডসন„ এবং ”কুমার অ্যান্ড ক্লার্ক„-এর ইন্টারন্যাশনাল অ্যাডভাইজরি বোর্ডের সঙ্গে দীর্ঘকাল যুক্ত ছিলাম। বিশ্ব বা বাংলাদেশের ইতিহাসে আজীবন সম্মানসূচক নিয়োগ বাতিলের এমন নজির আর নেই। জীবনের শেষ প্রান্তে এসে বিশ্ববিদ্যালয়ের এমন আচরণ আমাকে সামাজিকভাবে চরমভাবে অপমানিত করেছে।, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএমইউ) ইমেরিটাস অধ্যাপক হিসেবে অধ্যাপক ডা. এ বি এম আবদুল্লাহর আজীবন নিয়োগ বাতিল এবং তার উত্তোলিত সব বেতন-ভাতা ফেরত দেওয়ার নির্দেশের প্রতিক্রিয়া জানতে চাইলে এভাবেই নিজের অনুভূতি প্রকাশ করেন তিনি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এ সিদ্ধান্তকে তিনি `সম্পূর্ণ অন্যায়, অযৌক্তিক ও উদ্দেশ্যপ্রণোদিত, বলে মনে করছেন। এ ঘটনায় গভীর ক্ষোভ ও বিস্ময় প্রকাশ করেন ডা. এ বি এম আবদুল্লাহ। বৃহস্পতিবার (২৫ জুন) জাগো নিউজের এ প্রতিবেদকের সঙ্গে আলাপকালে তিনি বলেন, কোনো বিশ্ববিদ্যালয়ে গুণীজনদের সম্মানসূচক পদমর্যাদা এভাবে বাতিল করার কোনো নিয়ম নেই। আর্থিক বিষয়ের চেয়ে সম্মানহানির বিষয়টিই তাকে বেশি ব্যথিত করেছে জানিয়ে তিনি বলেন, `এ পদে সম্মানীর পরিমাণ খুবই সামান্য ছিল, সম্ভবত ২০ থেকে ২৫ হাজার টাকা। জীবনের শেষ প্রান্তে এসে বিশ্ববিদ্যালয়ের এমন আচরণ আমাকে সামাজিকভাবে চরমভাবে অপমানিত করেছে।, অধ্যাপক ডা. এ বি এম আবদুল্লাহ বলেন,

`বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দাবি করেছে যে কমিটির কোনো এক সদস্যের আপত্তির কারণে তার এ আজীবন নিয়োগ বাতিল করা হয়েছে।, তিনি এই অজুহাতকে সম্পূর্ণ অন্যায় ও যৌক্তিকতাহীন বলে মনে করেন। তার মতে, `আজীবন সম্মানসূচক নিয়োগ এভাবে বাতিল করার কোনো নিয়ম বা নজির বিশ্বে নেই।,

(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## দিনে গড়ে ১০ খুন, থামছে না নারী-শিশু নির্যাতন

রাজধানী ঢাকা থেকে শুরু করে দেশের বিভিন্ন অঞ্চলে জেলা-উপজেলা পর্যায়ে নানান অপরাধের খবর নিয়মিতভাবে সামনে আসছে। এতে সাধারণ মানুষের মধ্যে নিরাপত্তাহীনতা, উদ্বেগ ও আতঙ্ক বাড়ছে। নতুন করে প্রশ্ন উঠছে জননিরাপত্তা; বিশেষত নারী ও শিশুর নিরাপত্তা নিয়ে। আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম, নাগরিক সমাজ এবং বিভিন্ন পেশাজীবী সংগঠনের মধ্যেও চলছে আলোচনা-সমালোচনা। সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীও এসব ঘটনা দমনে তৎপরতা ও কঠোরতার কথা জানিয়ে আসছে। তবে সবকিছুর পরও প্রতিনিয়ত ঘটে চলা খুন, ধর্ষণ, মব সহিংসতা, গণপিটুনি, ডাকাতি, ছিনতাই, চাঁদাবাজি ও বিভিন্ন ধরনের সংঘবদ্ধ অপরাধ থামছেই না। বিশ্লেষকরা বলছেন, অপরাধের ধারাবাহিক ঘটনা দেশের মানুষের সামগ্রিক নিরাপত্তা ব্যবস্থার জন্য উদ্বেগজনক ও ভীতিকর। শুধু অপরাধ সংঘটনের পর আইনগত ব্যবস্থা নিলেই হবে না, বরং অপরাধ প্রতিরোধে কার্যকর উদ্যোগ, দ্রুত বিচার এবং আইনের শাসন নিশ্চিত করা জরুরি। পুলিশ কর্মকর্তাদের ভাষ্য, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে বাহিনী সর্বোচ্চ চেষ্টা চালাচ্ছে। অপরাধ নিয়ন্ত্রণে নিয়মিত অভিযান, গোয়েন্দা নজরদারি বৃদ্ধি, প্রযুক্তিনির্ভর তদন্ত এবং ঝুঁকিপূর্ণ এলাকাগুলোতে বিশেষ টহল কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। বিভিন্ন অপরাধে জড়িতদের গ্রেফতার ও আইনের আওতায় আনতে ধারাবাহিক পদক্ষেপও নেওয়া হচ্ছে। সরকারের পক্ষ থেকে দাবি করা হচ্ছে, বিচ্ছিন্ন কিছু ঘটনা নিয়ে উদ্বেগ থাকলেও সামগ্রিকভাবে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। অতীতের তুলনায় বর্তমানে অপরাধ পরিস্থিতি অধিকতর নিয়ন্ত্রিত। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপরতার কারণে বড় ধরনের অপরাধ দমনে ইতিবাচক অগ্রগতি হয়েছে। সংশ্লিষ্টরা বলছেন, নতুন সরকারের সময়ে আইনশৃঙ্খলা পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে। তবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি সাধারণ মানুষের আস্থা এখনো পুরোপুরি ফেরেনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## কালো টাকা বৈধ ব্যবসায়ীদের জন্য নয়, রাজনৈতিক-আমলাতান্ত্রিক চাপে হয়

জাতীয় বাজেটে কালো টাকা বৈধ করার সুযোগ ব্যবসায়ীদের চাহিদা নয়, বরং রাজনৈতিক ও আমলাতান্ত্রিক চাপের ফল বলে মন্তব্য করেছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সাবেক সভাপতি রিজওয়ান রাহমান। তিনি বলেন, যে ব্যবসায়ী কর দিতে চান না, কালো টাকা সাদা করার সুযোগ থাকুক বা না থাকুক তিনি কর দেবেন না। বৃহস্পতিবার (২৫ জুন) রাজধানীর ব্র্যাক ইন সেন্টারে `জাতীয় বাজেটে কর ন্যায্যতা: ২০২৬-২৭ অর্থবছরের রাজস্ব প্রস্তাবনার ওপর পর্যবেক্ষণ, শীর্ষক সংলাপে তিনি এসব কথা বলেন। সংলাপের আয়োজন করে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ও ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে বিদ্যমান দূরত্ব কমানোর আহ্বান জানিয়ে রিজওয়ান রাহমান বলেন, এনবিআর ও ব্যবসায়ীদের মধ্যে যে বিভাজন রয়েছে, তা দূর করতে হবে। এনবিআরের নীতি বিভাগ (পলিসি উইং) ব্যবসায়ীদের সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন করে। কিন্তু সেগুলো বাস্তবায়নের দায়িত্বে থাকা প্রশাসনিক বিভাগ বারবার ব্যর্থ হচ্ছে। তিনি বলেন, একসঙ্গে সবাইকে খুশি করা সম্ভব নয়। কাউকে রাজনৈতিকভাবে, কাউকে অর্থনৈতিকভাবে সন্তুষ্ট করতে হয়। বিভিন্ন দিক থেকে নানা ধরনের চাপ আসে। কালো টাকা বৈধ করার সুযোগ প্রসঙ্গে তিনি বলেন, এটি কোনো ব্যবসায়ীর দাবি নয়। যে ব্যবসায়ী কর দিতে চায় না, সে কর দেবেই না। কালো টাকা সাদা করার সুযোগ নিয়ে তার কোনো সমস্যা নেই। এসব সিদ্ধান্ত রাজনৈতিক ও আমলাতান্ত্রিক চাপ থেকেই আসে। অতীতের অভিজ্ঞতাও তাই বলে। আবাসন খাতে নতুন কর আরোপের সমালোচনা করে রিজওয়ান রাহমান বলেন, এর ফলে ফ্ল্যাট ও বাড়ির দাম আরও বাড়বে। ইতোমধ্যে বিশ্বের অনেক প্রথম সারির শহরের তুলনায় বাংলাদেশে আবাসন কেনা ব্যয়বহুল হয়ে উঠেছে। করের বোঝা আরও বাড়ানো হলে অনেকে দেশে বিনিয়োগ না করে বিদেশে সম্পদ কেনার দিকে ঝুঁকতে পারেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## গ্রেট হলে তারেক রহমানকে উষ্ণ অভ্যর্থনা লি কিয়াংয়ের

প্রধানমন্ত্রী তারেক রহমানকে বেইজিংয়ের ঐতিহাসিক গ্রেট হলে উষ্ণ অভ্যর্থনা জানিয়েছেন চীনের প্রধানমন্ত্রী লি কিয়াং। বৃহস্পতিবার (২৫ জুন) বিকেলে রাষ্ট্রীয় অতিথি ভবন দিয়াওইউতাই থেকে মোটর শোভাযাত্রা সহকারে প্রধানমন্ত্রী তারেক রহমান গ্রেট হলে পৌঁছান। এ সময় লি কিয়াং তাকে স্বাগত জানান। পরে দুই দেশের প্রতিনিধিদলের সদস্যদের সঙ্গে পরিচয় পর্ব অনুষ্ঠিত হয়। এরপর লি কিয়াং প্রধানমন্ত্রী তারেক রহমানকে লাল গালিচা সংবর্ধনার জন্য অভিবাদন মঞ্চে নিয়ে যান। সেখানে চীনের সশস্ত্র বাহিনীর সুসজ্জিত একটি চৌকস দল রাষ্ট্রীয় সালাম প্রদান করে। এ সময় বাংলাদেশ ও চীনের জাতীয় সংগীত বাজানো হয়। রাষ্ট্রীয় আনুষ্ঠানিকতার অংশ হিসেবে

প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্মানে তোপধ্বনি দেওয়া হয়। পরে দুই দেশের প্রধানমন্ত্রী সম্মানরক্ষী বাহিনীর কুচকাওয়াজ পরিদর্শন করেন। প্রধানমন্ত্রী তারেক রহমান গত **২১** জুন সরকারি সফরে মালয়েশিয়া যান। গত **১৭** ফেব্রুয়ারি দায়িত্ব গ্রহণের পর এটি ছিল তার প্রথম সরকারি বিদেশ সফর। মালয়েশিয়ায় দুদিনের কর্মসূচি শেষে তিনি গত সোমবার (২২ জুন) রাতে চীনের দালিয়ানে পৌঁছান এবং সেখানে বিশ্ব অর্থনৈতিক ফোরামের নিউ চ্যাম্পিয়নস বার্ষিক সম্মেলনে অংশ নেন। দুদিনের কর্মসূচি শেষে বুধবার (২৪ জুন) বিকেলে দালিয়ান থেকে উচ্চগতির (বুলেট) ট্রেনে বেইজিংয়ে আসেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## চার মাসে দেশকে আরও এক লাখ কোটি টাকার ঋণের জালে বেঁধেছে সরকার

বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের মাত্র চার মাসের মধ্যে দেশকে আরও এক লাখ কোটি টাকার ঋণের জালে বেঁধে ফেলেছে বলে দাবি করেছেন রংপুর-৪ আসনের এনসিপির সংসদ সদস্য আখতার হোসেন। বৃহস্পতিবার (২৫ জুন) ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় ও প্রথম বাজেট অধিবেশনের **১৫**তম দিনে ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি এ কথা বলেন। আখতার হোসেন বলেন, সরকার দায়িত্ব গ্রহণের সময় দেশের মোট ঋণের পরিমাণ ছিল প্রায় ২৩ লাখ কোটি টাকা। কিন্তু মাত্র চার মাসে তা বেড়ে ২৪ লাখ কোটি টাকায় পৌঁছেছে। অর্থাৎ এই সময়ের মধ্যে দেশকে আরও এক লাখ কোটি টাকার ঋণের বোঝা বহন করতে হয়েছে। তিনি বলেন, আওয়ামী লীগ সরকারের সময় প্রকাশিত শ্বেতপত্রে ২৪০ বিলিয়ন ডলার বা প্রায় ৩০ লাখ কোটি টাকা বিদেশে পাচারের কথা উল্লেখ করা হয়েছে। এত বিপুল অর্থ পাচারের ফলে দেশের অর্থনীতি কার্যত একটি খালি পাত্রে পরিণত হয়েছে। খেলাপি ঋণের প্রসঙ্গ টেনে আখতার হোসেন বলেন, দেশের বিপুল পরিমাণ অর্থ খেলাপি ঋণ হিসেবে আটকে রয়েছে। এমনকি এই সংসদের দুজন সদস্যও এখনও শপথ নিতে পারেননি, কারণ তারা খেলাপি ঋণ-সংক্রান্ত মামলায় আদালতে জটিলতার মধ্যে রয়েছেন। তিনি বলেন, এ বিষয়ে সরকারি দলের পক্ষ থেকে এখন পর্যন্ত কোনো ব্যাখ্যা পাওয়া যায়নি। খেলাপি ঋণের এই পরিস্থিতি দেশের অর্থনীতিকে পঙ্গুত্বের দিকে ঠেলে দিয়েছে। এনসিপির এই সংসদ সদস্য বলেন, বর্তমানে মুদ্রাস্ফীতি প্রায় **১০** শতাংশের কাছাকাছি রয়েছে। অন্যদিকে জিডিপি প্রবৃদ্ধির হার ৪ শতাংশের সামান্য বেশি। এমন পরিস্থিতিতে সরকার নতুন বাজেট ঘোষণা করেছে। সরকার দাবি করছে, বাজেটের পর দ্রব্যমূল্য বাড়েনি। কিন্তু বাস্তবে বাজেট ঘোষণার আগেই গত তিন মাসে দুই দফা বিদ্যুৎ ও জ্বালানির দাম বাড়ানো হয়েছে। এর ফলে পরিবহন ও উৎপাদন ব্যয় বেড়ে সব ধরনের পণ্যের দামে প্রভাব পড়েছে বলে মন্তব্য করেন তিনি। আখতার হোসেন বলেন, সরকার আইএমএফ ও বিশ্বব্যাংকের কাছ থেকে ঋণ নিতে চাইলেও প্রয়োজনীয় সংস্কারে আগ্রহ দেখায়নি। গত বসন্তকালীন বৈঠকে অর্থমন্ত্রী যুক্তরাষ্ট্র সফর করলেও আইএমএফ ঋণ ছাড় দেয়নি। তার দাবি, অন্তর্বর্তী সরকারের সময়ে এনবিআরের নীতি ও ব্যবস্থাপনা পৃথক করার বিষয়ে অধ্যাদেশ জারি হয়েছিল। কিন্তু বর্তমান সরকার সেটি কার্যকর না করে ল্যাপস (বাতিল) হতে দিয়েছে। ব্যাংকিং খাতের সমালোচনা করে তিনি বলেন, শুধু ইসলামী ব্যাংক নয়, আরও কয়েকটি ব্যাংকে অস্থিরতা বিরাজ করছে। এর মধ্যে পাঁচটি ব্যাংক একীভূত করা হয়েছে। আখতার হোসেনের দাবি, যেসব মালিকের আমলে লুটপাট ও অর্থ পাচারের মাধ্যমে ব্যাংকগুলো দুর্বল হয়েছে, ব্যাংক রেজুলেশন আইনের **১৮** ধারার কারণে তারাই আবার মালিকানা ফিরে পাওয়ার সুযোগ পেতে পারেন। তিনি বলেন, মাত্র সাড়ে সাত শতাংশ অর্থ ফেরত দিয়ে যদি আগের মালিকরা আবার ব্যাংকের নিয়ন্ত্রণ ফিরে পান, তাহলে এর পেছনের যুক্তি সরকারকে ব্যাখ্যা করতে হবে। প্রস্তাবিত বাজেটের সমালোচনা করে তিনি বলেন, ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেটে রাজস্ব আহারের লক্ষ্য ধরা হয়েছে ৬ লাখ ৯৫ হাজার কোটি টাকা। এর মধ্যে শুধু এনবিআরকেই ৬ লাখ ৪ হাজার কোটি টাকা আদায়ের লক্ষ্য দেওয়া হয়েছে। তিনি বলেন, অতীতের রেকর্ড অনুযায়ী এনবিআর ৪ লাখ কোটি টাকার রাজস্বও সংগ্রহ করতে পারেনি। সেখানে ৬ লাখ কোটি টাকার বেশি আদায়ের লক্ষ্য নির্ধারণ বাস্তবসম্মত নয়। তার ভাষ্য, অবাস্তব রাজস্ব লক্ষ্যমাত্রা নির্ধারণ করে বাজেট ঘাটতি কম দেখানোর চেষ্টা করা হচ্ছে। শেষ পর্যন্ত রাজস্ব আদায় কম হলে প্রকৃত ঘাটতি আরও বেড়ে যাবে এবং বাজেট বড় ধরনের ঘাটতির বাজেটে পরিণত হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## হামে ৩০০ শিশু মারা গেলেও স্বাস্থ্যমন্ত্রী পদত্যাগের কথা ভাবলেন না কেন

দেশে হামে ৩০০ শিশু মারা গেছেন জানিয়ে, এ ঘটনায় স্বাস্থ্যমন্ত্রী কেন পদত্যাগের কথা ভাবেননি তা নিয়ে জাতীয় সংসদে প্রশ্ন তুলেছেন বিরোধীদল জামায়াতে ইসলামীর সংসদ সদস্য শফিকুল ইসলাম মাসুদ। বৃহস্পতিবার (২৫ জুন) সংসদ অধিবেশনে ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি এ প্রশ্ন তোলেন। অধিবেশনে সভাপতিত্ব করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। শফিকুল ইসলাম মাসুদ বলেন, প্রস্তাবিত বাজেটের সাফল্য কেবল সংসদ সদস্যদের টেবিল চাপড়ানোর ওপর নির্ভর করে না, বরং সাধারণ মানুষের মুখের হাসিতেই বাজেটের প্রকৃত সফলতা নির্ধারিত হয়। তিনি অভিযোগ করেন, সংসদে বাজেট নিয়ে আলোচনা শুনলে মনে হয় সব সমস্যার সমাধান হয়ে গেছে, কিন্তু বাস্তবে বাজারে গিয়ে মানুষ এর কোনো সুফল পায় না। এ সংসদ সদস্য বলেন, `আমি এলাকায় বাজেটের আগে নাগরিক ভাবনা নামে মতবিনিময় করেছি। সেখানকার মানুষ ও সাংবাদিকরা

বলেছেন, সংসদে আপনাদের আলোচনা শুনলে মনে হয় সব সমাধান হয়ে গেছে। কিন্তু বাস্তবে বাজারে গেলে দেখা যায় ভিন্ন চিত্র। সমস্যাগুলো আপনাদের বক্তৃতায় নেই। বাজেটের নীতিনির্ধারণে সাধারণ মানুষ এমনকি সংসদ সদস্যদেরও তেমন কোনো ভূমিকা রাখার সুযোগ দেওয়া হয় না।, বাজেট উপস্থাপনায় আধুনিক প্রযুক্তির অভাবের কথা উল্লেখ করে তিনি বলেন, `উন্নত বিশ্বে বাজেট উপস্থাপনে ইনফোগ্রাফ, ভিজ্যুয়াল ড্যাশবোর্ড ও সহজ টেবিল ব্যবহার করা হয়। কিন্তু আমাদের এখানে সেই ব্যবস্থাপনা নেই।, স্বাস্থ্যখাতের সমালোচনা করে শফিকুল ইসলাম মাসুদ বলেন, `একটি মানবিক হাসপাতাল, যেখানে ৭০০ বেডের মধ্যে ১৮০টি ফ্রি, প্রতিদিন ২৩টি নরমাল ডেলিভারি হয় এবং রোগী-স্বজনদের বিনামূল্যে খাবার দেওয়া হয়, সেখানে শুধু ছয়টি শিশু মারা যাওয়ার অজুহাতে লাইসেন্স বাতিল করা হলো। অথচ দেশে যখন হামে ৩০০ শিশু মারা গেল, তখন স্বাস্থ্যমন্ত্রী পদত্যাগের কথা ভাবলেন না কেন? ওই হাসপাতালে ২৪৭ জন বিদেশি শিক্ষার্থী এখন দ্বারে দ্বারে ঘুরছেন। তারা স্বাস্থ্যমন্ত্রী বা সচিবের দেখা পাচ্ছেন না। এতে বহির্বিশ্বে দেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে।, (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## রাজবাড়ীতে কারখানায় বয়লার বিস্ফোরণে দুই শ্রমিক দগ্ধ

রাজবাড়ীর গোয়ালন্দে একটি টায়ার পোড়ানো কারখানায় বয়লার বিস্ফোরণে দুই শ্রমিক গুরুতর আহত হয়েছেন। আশঙ্কাজনক অবস্থায় তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। বৃহস্পতিবার (২৫ জুন) সকাল সোয়া ১০টার দিকে উপজেলার বালিয়াডাঙ্গা এলাকায় অবস্থিত কারখানাটিতে হঠাৎ বিকট শব্দে এ বিস্ফোরণের ঘটনা ঘটে। দগ্ধরা হলেন গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলার মো. সামসুদ্দিনের ছেলে সোহেল রানা এবং রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলার ছোট ভাকলা ইউনিয়নের মৌলভীবাজার গ্রামের চুন্নু মিয়ার ছেলে শাওন। পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, সকালে কারখানার ভেতরে কাজ চলাকালে আকস্মিকভাবে বয়লার বিস্ফোরণ হয়। এতে ঘটনাস্থলেই দগ্ধ ও আহত হন শ্রমিক সোহেল রানা (২৪) ও শাওন (১৬)। পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে প্রথমে গোয়ালন্দ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখান থেকে উন্নত চিকিৎসার জন্য তাদের পাঠানো হয় ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে। সেখানে অবস্থার অবনতি হলে দ্রুত তাদের ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে স্থানান্তর করা হয়। গোয়ালন্দ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক চিকিৎসা কর্মকর্তা (আরএমও) ডা. শরিফুল ইসলাম জানান, বিস্ফোরণে আহত দুই শ্রমিকের অবস্থা গুরুতর হওয়ায় দ্রুত ঢামেকে পাঠানো হয়েছে। গোয়ালন্দ ঘাট থানার পরিদর্শক (তদন্ত) মো. রাশিদুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করেন। তিনি বলেন, বিষয়টি গুরুত্বসহকারে তদন্ত করা হচ্ছে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে। কারখানাটি বৈধ কি-না, সে বিষয়টিও খতিয়ে দেখা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## গণঅভ্যুত্থানের দুই বছর পূর্তিতে ১১ দলের ৩৬ দিনের কর্মসূচি

২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানের দুই বছর পূর্তি উপলক্ষে ৩৬ দিনের কর্মসূচি ঘোষণা করেছে জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় ঐক্য। বৃহস্পতিবার (২৫ জুন) রাজধানীর মগবাজারে জামায়াতের কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এসব কর্মসূচি ঘোষণা করেন দলের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ। কর্মসূচির মধ্যে রয়েছে- ১ থেকে ১৫ জুলাই গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে সব জেলা ও মহানগরীতে সেমিনার, ৬ জুলাই জাতীয় সংসদের সামনে শহীদ পরিবারের পক্ষ থেকে মানববন্ধন ও স্পিকারের কাছে স্মারকলিপি পেশ, ৮ জুলাই রাজধানীতে জাতীয় সেমিনার, ২০ জুলাই নারীদের অংশগ্রহণে রাজধানীতে আলোচনা সভা, ২৩ থেকে ২৫ জুলাই চিত্রপ্রদর্শনী, ৩১ জুলাই সারাদেশের মসজিদগুলোতে দোয়া অনুষ্ঠান ও অন্য ধর্মমতের অনুসারীদের নিজ নিজ উপাসনালয়ে প্রার্থনা এবং ৫ আগস্ট রাজধানীসহ সারাদেশে উপজেলা পর্যন্ত সমাবেশ। এছাড়া রাজধানীসহ সারাদেশে জুলাই গণঅভ্যুত্থানের স্মৃতিবিজড়িত ঘটনাস্থলে স্মৃতিচারণমূলক সমাবেশ এবং সারাদেশে গ্রাফিতি অঙ্কনের কর্মসূচি নিয়েছে ১১ দল। সংবাদ সম্মেলনে ১১ দলীয় ঐক্যের সমন্বয়ক হামিদুর রহমান আযাদ বলেন, ৩৬ জুলাইয়ের কর্মসূচি বিভিন্ন তারিখে বাস্তবায়ন করা হবে। ১১ দলের লিয়াজোঁ কমিটি বৈঠক করে এসব তারিখ নির্ধারণ করবে। এর পাশাপাশি কয়েকটি মহানগরীতে পূর্বঘোষিত সমাবেশ পূর্বনির্ধারিত তারিখে হবে। এছাড়া পূর্বঘোষিত ৪ জুলাইয়ে রাজধানী বাদে সারাদেশে গণমিছিলও হবে। এর আগে বেলা ১১টায় বিগত ফ্যাসিস্ট সরকারের আমলের `নৃশংসতার, বর্ষপূর্তি উপলক্ষে ৩৬ দিনের কর্মসূচি চূড়ান্ত করার লক্ষ্যে ১১ দলীয় ঐক্যের লিয়াজোঁ কমিটির বৈঠক হয়। বৈঠক শেষে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## অনেকে আগে রিকশায় চড়তেন, এখন প্রাডোতে চড়ে জুলাই চেতনা বিক্রি করেন

অনেকে আগে রিকশায় চড়তেন, এখন প্রাডো গাড়িতে চড়ে জুলাই চেতনা বিক্রি করেন বলে অভিযোগ করেছেন বিএনপির সংসদ সদস্য মোহাম্মদ আক্তারুজ্জামান। তিনি বলেন, আমরা জুলাই চেতনা বিক্রি করি না, জুলাইকে ধারণ করি। জুলাই তো বিক্রি করার বিষয় না। আমরা স্বাধীনতাকে জুলাই দিয়ে মুছতে চাই না। বৃহস্পতিবার (২৫ জুন) জাতীয় সংসদের অধিবেশনে ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে ময়মনসিংহ-১০ আসনের এ সংসদ সদস্য এসব কথা বলেন। এ সময় স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম

অধিবেশনে সভাপতি করেন। মোহাম্মদ আক্তারুজ্জামান বলেন, আমরা জুলাই যুদ্ধ করেছি, আমি নিজেও করেছি। আমাদের এখানে যারা আছেন অনেকেই জুলাই যুদ্ধ করেছেন, আমাদের সন্তানেরা করেছেন। কিন্তু অনেকেই জুলাই চেতনা বিক্রি করেন। আমরা জুলাই চেতনা বিক্রি করি না, আমরা জুলাইকে ধারণ করি। জুলাই তো বিক্রি করার বিষয় না। তিনি বলেন, অনেকেই রিকশায় চড়তেন, এখন প্রাডো গাড়িতে চড়েন আর জুলাই চেতনা বিক্রি করেন। আমি যে গাড়িতে চড়তাম সেই গাড়িটি নির্বাচনের সময় অবস্থা খুব খারাপ হয়ে গেছে, আমি এখনো সেই গাড়িতেই চড়ি। যারা জুলাই চেতনা বিক্রি করেন, আমি অনুরোধ করবো উনারা আগে কিসে চড়তেন আর এখন কিসে চড়েন, কোন বাসায় থাকেন, উনারা যেন মাঝেমধ্যে লাইভ করেন কোন বাসায় থাকেন । একটু লাইভ করলেই জাতি দেখতো উনাদের কী (অবস্থা) এখন, আগে কোথায় ছিলেন এখন পরিবর্তনটা কী রকম হয়েছে। বাজেটে স্বাস্থ্য খাতে সবচেয়ে বেশি বরাদ্দ দেওয়া হয়েছে জানিয়ে বিএনপির এ সংসদ সদস্য বলেন, শিক্ষা, স্বাস্থ্য, অবকাঠামো, চিকিৎসা- আপনি দেখবেন সামাজিক সুরক্ষা খাতে সবচেয়ে বেশি বরাদ্দ দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী বলেছেন সিঙ্গাপুর, কানাডা নয়- আমরা এই দেশটিকে সিঙ্গাপুর, কানাডা বানাতে চাই। এই বাজেটে বিনিয়োগকে সবচেয়ে বেশি প্রাধান্য দেওয়া হয়েছে। সবচেয়ে বেশি প্রাধান্য দেওয়া হয়েছে দেশি- বিদেশি বিনিয়োগকে। কর ছাড়ের সুযোগ নিয়ে দেশি-বিদেশি বিনিয়োগকারীরা বাংলাদেশে বিনিয়োগের বিনিয়োগ করেন। তিনি বলেন, সঠিক নেতৃত্ব, দূরদর্শী নেতৃত্ব একমাত্র তারেক রহমান। মুক্তিযুদ্ধের পর আমরা যেমন মুক্তিযুদ্ধ ধারণ করি, আমরা জুলাইও ধারণ করি। মুক্তিযুদ্ধের পর মহান স্বাধীনতার ঘোষক জিয়াউর রহমান যখন এ দেশের দায়িত্ব নিয়েছিলেন, এই দেশটিকে অর্থনীতির মুক্তির জন্যে তিনি দেশপ্রেমের উজ্জ্বল সততা, আদর্শের উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছিলেন। আমরা স্বাধীনতাকে জুলাই দিয়ে মুছতে চাই না, আমরা স্বাধীনতাকে অন্তরে ধারণ করি, জুলাইকেও অন্তরে ধারণ করি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## মুগদায় পুলিশের অভিযানে গ্রেফতার ১০

রাজধানীর মুগদা থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ১০ জনকে গ্রেফতার করা হয়েছে। বৃহস্পতিবার (২৫ জুন) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। মুগদা থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, বুধবার (২৪ জুন) মুগদা থানা পুলিশ অত্র থানাধীন বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ১০ জনকে গ্রেফতার করে। গ্রেফতার ব্যক্তিদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## ঢাকায় কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের ৭ নেতাকর্মী গ্রেফতার

রাজধানীর বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের সাতজন নেতাকর্মীকে গ্রেফতার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। বৃহস্পতিবার (২৫ জুন) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। নিয়াজ মেহেদী বলেন, রাজধানীর ছয়টি থানায় পরিচালিত পৃথক অভিযানে গত ২৪ ঘণ্টায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের মোট সাত সদস্যকে গ্রেফতার করা হয়েছে। থানাভিত্তিক গ্রেফতারের সংখ্যা জানিয়ে তিনি বলেন, শ্যামপুর থানা ১ জন, মোহাম্মদপুর থানা ১ জন, পল্লবী থানা ১ জন, খিলক্ষেত থানা ১ জন, রূপনগর থানা ১ জন ও উত্তরা পূর্ব থানা ২ জনকে গ্রেফতার করা হয়। জননিরাপত্তা ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। গ্রেফতারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## চিকিৎসা ব্যয় কমিয়ে আনার চিন্তা চলছে: সমাজকল্যাণ মন্ত্রী

হৃদরোগের পাশাপাশি অন্যান্য সব রোগের চিকিৎসা ব্যয় কমিয়ে আনার চিন্তা চলছে বলে জানিয়েছেন সমাজকল্যাণ এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন। বৃহস্পতিবার (২৫ জুন) দুপুরে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে (এনআইসিভিডি) চিকিৎসাধীন `জন্মগত হৃদরোগীদের আর্থিক অনুদান প্রদান, অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান। এনআইসিভিডি,র সমাজসেবা কার্যালয়ের রোগীকল্যাণ সমিতির উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমাজকল্যাণ মন্ত্রী বলেন, জন্মগত হৃদরোগীদের মাঝে অনুদানের যে কর্মসূচি চলছে সেটি আরও বেগবান হবে বলে আশা করছি। শুধু হৃদরোগ নয়, অন্যান্য রোগের চিকিৎসা ব্যয় কমিয়ে আনার চিন্তা চলছে। চিকিৎসকদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনাদের দায়িত্ব হচ্ছে জাতির জন্য প্রশিক্ষিত চিকিৎসক জোগান দেওয়া। এখান থেকে গিয়ে অনেকে বড় বড় প্রতিষ্ঠান চালাচ্ছেন। যদিও সেই প্রতিষ্ঠানগুলো এখনো মানদণ্ড হওয়ার পর্যায়ে যায়নি, কিন্তু তারা চেষ্টা করছে। তবে মনে রাখতে হবে তাদের মূল উৎস হচ্ছে এনআইসিভিডি। সরকারি বরাদ্দের অর্থ খরচের সীমাবদ্ধতা ও স্বচ্ছতা নিয়ে মন্ত্রী বলেন, আমাদের প্রতিষ্ঠানগুলোর ধারণক্ষমতা বৃদ্ধি করতে হবে। অনেক সময় দেখা যায় সংবাদের শিরোনাম হয় টাকার অভাবে কাজ হচ্ছে না। অথচ আমরা টাকা দিলেও ফোন করে জানানো হয়, আমরা খরচ করতে পারছি না। এর অন্যতম কারণ

হচ্ছে এখন আর টাকা হাতে আসে না, চেক আসে। যার কারণে খরচও করতে পারে না যেখানে-সেখানে। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে স্বাস্থ্য প্রতিমন্ত্রী ড. এম এ মুহিত বলেন, দলমত নির্বিশেষে আমাদের সবার মধ্যে যে সম্প্রীতি ও সৌহার্দ্যের পরিবেশ এখানে তৈরি হয়েছে, এ রকমই পরিবেশ যেন সারাদেশে বিরাজ করে সেই কামনা করছি। চিকিৎসার অভাবে এ দেশের কেউ যেন মারা না যায় সরকার সেদিকে লক্ষ্য রেখেই কাজ করে যাচ্ছে। স্বাস্থ্য মন্ত্রণালয় ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে যে ভালো কাজগুলো হচ্ছে, এই কাজগুলো যেন চলমান থাকে সেই ইচ্ছা পোষণ করছি। অনুষ্ঠানে মোট ৪৫ জন জন্মগত হৃদরোগীকে এককালীন ৫০ হাজার টাকা করে অনুদান দেওয়া হয়। এর আগে এই কর্মসূচির আওতায় আরও ২০০ জনের মধ্যে চেক বিতরণ করা হয়েছিল।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## পল্লবীতে শিশু ধর্ষণ-হত্যাঃ রাষ্ট্রনিযুক্ত আইনজীবী পেলো আসামিপক্ষ

রাজধানীর পল্লবীতে শিশু ধর্ষণ ও হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত দুই আসামি সোহেল রানা ও স্বপ্না খাতুনের পক্ষে স্টেট ডিফেন্স (রাষ্ট্রনিযুক্ত আইনজীবী) নিয়োগ দেওয়া হয়েছে। সুপ্রিম কোর্টের আইনজীবী হাফিজুর রহমান খানকে আসামিপক্ষে মামলা পরিচালনার জন্য নিয়োগ দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (২৫ জুন) নিয়োগের বিষয়টি নিশ্চিত করেন অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল অ্যাডভোকেট আব্দুল জব্বার ভুইঞা। তিনি বলেন, কিছু প্রক্রিয়া বাকি আছে। এগুলো সম্পন্ন হলেই হাইকোর্টে ডেথ রেফারেন্স ও আপিল শুনানি অনুষ্ঠিত হবে। এর আগে বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী ও বিচারপতি কেএম রাশেদুজ্জামান রাজার সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ স্টেট ডিফেন্স নিয়োগের জন্য সলিসিটরকে নির্দেশ দেন। এ নির্দেশের পর অ্যাডভোকেট হাফিজুর রহমান খানকে নিয়োগ দেওয়া হলো। ফৌজদারি আইনে পারদর্শী এই আইনজীবী এখন মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না আক্তারের পক্ষে আইনি লড়াই চালাবেন। মামলার নথি অনুযায়ী, গত ১৯ মে পল্লবীতে পাশের ফ্ল্যাটে ওই শিশুকে ধর্ষণ শেষে হত্যা করেন সোহেল রানা। এ অপরাধে তাকে পূর্ণ সহায়তা করেন তার স্ত্রী স্বপ্না আক্তার। অপরাধের গভীরতা বিবেচনা করে গত ৭ জুন দুজনকেই মৃত্যুদণ্ড দেন ঢাকার শিশু অপরাধ দমন ট্রাইব্যুনালের বিচারক মাসরুর সালেকীন। রায়ের পর দুই আসামিকে পাঠানো হয় কনডেম সেলে। কনডেম সেল থেকে তারা রায়ের বিরুদ্ধে জেল আপিল করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## ৪৩তম বিসিএস নন-ক্যাডার পদে ৬০ দিনের মধ্যে ফল প্রকাশের নির্দেশ

৪৩তম বিসিএস নন-ক্যাডার পদে ৬০ দিনের মধ্যে ফল প্রকাশের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। বৃহস্পতিবার (২৫ জুন) হাইকোর্টের বিচারপতি শশাঙ্ক শেখর সরকার ও বিচারপতি উর্মি রহমানের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই আদেশ দেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার হুমায়ন কবির পল্লব। আদেশের বিষয়টি নিশ্চিত করে তিনি জানান, ৪৩তম বিসিএস নন-ক্যাডার যে নিয়োগ হয়েছে, এই নিয়োগ প্রক্রিয়াটি আইন অনুযায়ী হয়নি। এটা কোর্ট বলেছেন। নিয়োগ স্বচ্ছভাবে হয়নি। আইনের ব্যত্যয় ঘটিয়ে এই নিয়োগ প্রক্রিয়াটি সম্পন্ন হয়েছে। তাই কোর্ট এখানে নির্দেশ দিয়েছেন যে, আগামী ৬০ দিনের মধ্যে পুনরায় এই নন-ক্যাডার নিয়োগ প্রক্রিয়াটি স্বচ্ছভাবে, মেধাতালিকা প্রকাশ করে সম্পন্ন করতে হবে। এর আগে ব্যারিস্টার মোহাম্মদ হুমায়ন কবির পল্লব জানিয়েছিলেন, ৪৩তম বিসিএসের ৭৭৩ জন প্রার্থী একটি রিট করেন। ৪৪তম বিসিএসের ফল প্রকাশ না করা পর্যন্ত যত নন-ক্যাডার শূন্যপদ হবে, তার তালিকা করে ৪৩তম বিসিএসে উত্তীর্ণ নন-ক্যাডার প্রার্থীদের থেকে নিয়োগে কেন নির্দেশ দেওয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেন আদালত। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## লক্ষ্মীপুরে মা ও দুই মেয়েকে কুপিয়ে হত্যা

লক্ষ্মীপুরের রায়পুরে মা ও দুই মেয়েকে কুপিয়ে হত্যা করা হয়েছে। এ ঘটনায় আহত আরও এক মেয়ে আহত হয়েছেন। বৃহস্পতিবার (২৫ জুন) সকালে রায়পুর পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের গোডাউন রোড এলাকার ভাড়া বাসায় এই ঘটনা ঘটে। নিহতরা হলেন- মা শাহিনুর বেগম (৩৮), বড় মেয়ে সায়মা আক্তার (২১) ও ছোট মেয়ে শিফা আক্তার (৯)। এছাড়া আহত হয়েছেন মেঝো মেয়ে কলেজছাত্রী ইকরা আক্তারকে (১৭)। নিহতদের বাড়ি কুমিল্লা জেলায়। তারা দীর্ঘ কয়েক বছর ধরে ঘটনাস্থলে ভাড়া থাকেন। নিহত সায়মা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও আহত ইকরা রায়পুর কাজী ফারুকী কলেজের দ্বাদশ শ্রেণীর ছাত্রী। এদিকে ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে অজ্ঞাত এক যুবককে গণপিটুনি দেওয়া হয়েছে। তাকে উন্নত চিকিৎসার জন্য সদর হাসপাতালে পাঠানো হয়। ঘটনার সময় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টাকালে উত্তেজিত জনতার ইটপাটকেলে পুলিশে ৭ জন সদস্য আহত হয়েছেন। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, দীর্ঘ কয়েকবছর ধরে শাহীনুর তার সন্তানদের নিয়ে ঘটনাস্থলে ভাড়া বাসায় থাকেন। কয়েক বছর আগে তার স্বামী মো. কামাল বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা যান। এরপর থেকে ৩ মেয়ে ও এক ছেলেকে নিয়ে শাহীনুর ওই বাসায় বসবাস করে আসছেন। সকালে তিন মেয়েসহ শাহীনুরকে কুপিয়ে হত্যা করেন অজ্ঞাত এক যুবক। এ ঘটনায় স্থানীয়রা যুবককে গণপিটুনি দেয়। পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## তিস্তাসহ নদী ব্যবস্থাপনায় সহযোগিতা বাড়াতে একমত বাংলাদেশ-চীন

তিস্তাসহ বিভিন্ন নদীর ব্যবস্থাপনায় দুদেশের পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির বিষয়ে ঐকমত্যের বিষয়টি তুলে ধরেছে বাংলাদেশ ও চীন। বৃহস্পতিবার (২৫ জুন) বেইজিংয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে চীনের পানিসম্পদমন্ত্রী লি গোওইং-এর বৈঠকে এমন অবস্থান ব্যক্ত করা হয়। এদিন স্থানীয় সময় দুপুর ১২টায় (বাংলাদেশ সময় সকাল ১০টায়) বেইজিংয়ের রাষ্ট্রীয় অতিথি ভবন দিয়াওইউতাইয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে চীনের পানিসম্পদমন্ত্রীর এ বৈঠক হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি-১ জাহিদুল ইসলাম রনি বৈঠকের বরাতে এ তথ্য জানান। বৈঠকে প্রধানমন্ত্রী বন্যার ঝুঁকি মোকাবিলা, পরিবেশ সুরক্ষা এবং পানিসম্পদের যথাযথ ব্যবস্থাপনার লক্ষ্যে দেশে চলমান নদীখনন কর্মসূচির কথা উল্লেখ করে বাংলাদেশের পানিসম্পদ ব্যবস্থাপনায় চীন সরকারের সহযোগিতা কামনা করেন। প্রধানমন্ত্রী বাংলাদেশের তিস্তা ব্যবস্থাপনা প্রকল্পে চীন সরকারের কারিগরি সহায়তা প্রত্যাশা করেন। জবাবে চীনের পানিসম্পদমন্ত্রী ইতিবাচক সাড়া দিয়ে পানিসম্পদ ব্যবস্থাপনায় বাংলাদেশ সরকারের উদ্যোগে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন। তিনি ২০০৫ সালে বাংলাদেশ ও চীনের মধ্যে সই হওয়া সমঝোতা স্মারক এবং গত বছর চীনের পানি বিশেষজ্ঞদের বাংলাদেশ সফরের কথা উল্লেখ করে বলেন, পানিসম্পদ ব্যবস্থাপনায় বাংলাদেশ ও চীনের মধ্যে বিদ্যমান দ্বিপাক্ষিক সহযোগিতা বাস্তবভিত্তিক ও গবেষণানির্ভর। প্রধানমন্ত্রী বাংলাদেশের নদীভাঙন রোধ, সেচ ব্যবস্থাপনা এবং নৌ-নেভিগেশন উন্নয়নে চীন সরকারের সহযোগিতা প্রত্যাশা করেন। চীনের পানিসম্পদমন্ত্রী বলেন, পানি ব্যবস্থাপনায় বাংলাদেশ চীনের অভিজ্ঞতা কাজে লাগাতে পারে। তিনি বাংলাদেশের পানি বিশেষজ্ঞ এবং এ খাতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের চীনে প্রশিক্ষণ নেওয়ার আহ্বান জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## বাংলাদেশ-চীনের অর্থনৈতিক ও কৌশলগত সম্পর্ক আরও জোরদার হবে: রিজভী

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিকবিষয়ক উপদেষ্টা অ্যাডভোকেট রুহুল কবির রিজভী বলেছেন, চীনের সঙ্গে বাংলাদেশের অর্থনৈতিক ও কৌশলগত সম্পর্ক আরও জোরদার হবে। প্রধানমন্ত্রী তারেক রহমানের চলমান চীন সফর এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বৃহস্পতিবার (২৫ জুন) রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন তিনি। রুহুল কবির রিজভী বলেন, চীনের শিল্প অবকাঠামো ও সেবা খাতে বড় ধরনের বিনিয়োগ রয়েছে এবং দুই দেশের দ্বিপক্ষীয় বাণিজ্যের পরিমাণ প্রায় ১৮ বিলিয়ন ডলার মতো। এ কারণে প্রধানমন্ত্রী তারেক রহমানের সফরের মাধ্যমে দুই দেশের অর্থনৈতিক ও কৌশলগত সম্পর্ক আরও শক্তিশালী হবে। রিজভী বলেন, চীনে অনুষ্ঠিত ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের সম্মেলনে প্রধানমন্ত্রী যে বক্তব্য দিয়েছেন, তা বিশ্বনেতাদের কাছে গ্রহণযোগ্যতা পেয়েছে। বিশেষ করে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় তার বক্তব্য এবং এ ক্ষেত্রে বাংলাদেশের উদ্যোগের প্রশংসা করেছেন বিশ্বনেতারা। তিনি বলেন, নবায়নযোগ্য জ্বালানি, বিশেষ করে সৌরবিদ্যুতের ওপর কর-সুবিধা প্রদান জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বড় অবদান। ২০৩০ সালের মধ্যে দেশের মোট বিদ্যুৎ উৎপাদনের প্রায় ২০ শতাংশ সৌরবিদ্যুৎ থেকে পাওয়ার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। চীনকে এমন একটি দেশ হিসেবে উল্লেখ করে রিজভী বলেন, দেশটি অন্য দেশের অভ্যন্তরীণ রাজনীতিতে হস্তক্ষেপ করে না। একই সঙ্গে তিনি দাবি করেন, অতীতে একমুখী পররাষ্ট্রনীতির পরিবর্তে এখন বহুমুখী পররাষ্ট্রনীতির প্রতিফলন দেখা যাচ্ছে। তার ভাষ্য, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান যে বহুমুখী পররাষ্ট্রনীতির সূচনা করেছিলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান সেই ধারাই অনুসরণ করছেন। রিজভী বলেন, বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব অটুট রেখে স্বাধীন পররাষ্ট্রনীতি বাস্তবায়নের যে নীতি গ্রহণ করা হয়েছে, বর্তমান কূটনৈতিক কার্যক্রমে তারই প্রতিফলন দেখা যাচ্ছে। তিনি মনে করেন, এই সফর বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে এবং চীনের সঙ্গে দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার করবে। দেশের অভ্যন্তরীণ অর্থনৈতিক বিষয় নিয়েও কথা বলেন বিএনপির এই নেতা। তিনি বলেন, এমন পদক্ষেপ গ্রহণ করতে হবে যাতে সাধারণ, গরিব ও নিম্ন আয়ের মানুষের ভরণপোষণ নিশ্চিত হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## ২০২৫ সালে সেবাখাতে দুর্নীতি ও ঘুষের শিকার হওয়া মানুষের সংখ্যা বেড়েছে

২০২৩ সালের তুলনায় গণঅভ্যুত্থান পরবর্তী ২০২৫ সালে দেশের বিভিন্ন সেবাখাতে দুর্নীতি ও ঘুষের শিকার হওয়া মানুষের সংখ্যা বেড়েছে বলে জানিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। সংস্থাটি বলছে, ২০২৩ সালের প্রাক্কলিত মোট ঘুষের পরিমাণের তুলনায় ২০২৫ সালে প্রায় ১৫ দশমিক ৯ শতাংশ ঘুষ লেনদেন বেশি হয়েছে। যার পরিমাণ ১ হাজার ৭২৯ দশমিক ৯ কোটি টাকা। প্রাক্কলিত মোট ঘুষের পরিমাণ ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশের জিডিপির ০.২৩ শতাংশ এবং জাতীয় বাজেটের (সংশোধিত) ১.৫৮ শতাংশ। টিআইবি জানায়, ২০২৫ সালে জাতীয় পর্যায়ে প্রাক্কলিত মোট ঘুষের পরিমাণ ১২ হাজার ৬৩৩.২ কোটি টাকা। বৃহস্পতিবার (২৫ জুন) রাজধানীর ধানমন্ডি মাইডাস সেন্টারে টিআইবি আয়োজিত `সেবাখাতে দুর্নীতি: জাতীয় খানা জরিপ ২০২৫, এর প্রকাশ উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য তুলে ধরা হয়। দেশের ১৮টি খাত ও সেবার ওপর পরিচালিত জরিপের ভিত্তিতে প্রতিবেদনটি প্রকাশ করা হয়েছে। টিআইবির জরিপ অনুযায়ী, ২০২৩ সালের তুলনায় ২০২৫ সালে জাতীয়ভাবে

দুর্নীতির শিকার হওয়া খানার হার ১৫ দশমিক ১ শতাংশ এবং ঘুষের শিকার হওয়া খানার হার ২৫ দশমিক ২ শতাংশ বেড়েছে। আগের জরিপের মতো এবারও পাসপোর্ট ও বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) থেকে সেবা নিতে গিয়ে সবচেয়ে বেশি মানুষ দুর্নীতি ও ঘুষের শিকার হয়েছেন। তবে খানাপ্রতি গড় ঘুষের পরিমাণ ২০২৩ সালের তুলনায় ৯ দশমিক ৮ শতাংশ কমেছে। এরপরও বিচার সংশ্লিষ্ট সেবা, ব্যাংকিং ও ভূমি খাতে গড় ঘুষের পরিমাণ সবচেয়ে বেশি পাওয়া গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## ১ জুলাই থেকে বাংলা কিউআর কোড ব্যবহার বাধ্যতামূলক

দেশের আর্থিক লেনদেনে নগদ অর্থের ব্যবহার কমিয়ে ক্যাশলেস বা নগদবিহীন অর্থনীতি গড়ে তুলতে `বাংলা কিউআর, ব্যবহারে জোর দিচ্ছে বাংলাদেশ ব্যাংক। এ লক্ষ্যে আগামী ১ জুলাই থেকে বাংলা কিউআর কোড ব্যবহারে বাধ্যতামূলক ব্যবস্থা চালুর ঘোষণা দিয়েছেন কেন্দ্রীয় ব্যাংকের ডেপুটি গভর্নর ড. হাবিবুর রহমান। বৃহস্পতিবার (২৫ জুন) বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয় প্রাঙ্গণে আয়োজিত `বাংলা কিউআর লেনদেন বিষয়ক ক্যাম্পেইন, এর উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ড. হাবিবুর রহমান বলেন, নগদ লেনদেন কমিয়ে ক্যাশলেস সোসাইটি গড়ে তুলতেই বাংলা কিউআর চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। এর মাধ্যমে গ্রাহকরা কোনো ধরনের খুচরা টাকা বা অতিরিক্ত অর্থ পরিশোধের ঝামেলা ছাড়াই নির্ধারিত মূল্য পরিশোধ করতে পারবেন। একই সঙ্গে লেনদেন হবে আরও সহজ, নিরাপদ ও সুরক্ষিত। তিনি বলেন, ডিজিটাল মাধ্যমে সব লেনদেন নথিভুক্ত হওয়ায় অনানুষ্ঠানিক অর্থনৈতিক কার্যক্রম কমবে। এতে দেশের জিডিপির আকার বাড়বে এবং অর্থনৈতিক কর্মকাণ্ড আরও গতিশীল হবে। পাশাপাশি যত বেশি মানুষ ডিজিটাল আর্থিক ব্যবস্থার আওতায় আসবে, দেশের অর্থনীতি তত বেশি শক্তিশালী হবে। ডেপুটি গভর্নর ব্যাংক ও সংশ্লিষ্ট অপারেটরদের নিজস্ব অ্যাপসে বাংলা কিউআর সুবিধা সংযুক্ত করার আহ্বান জানিয়ে বলেন, এর মাধ্যমে সাধারণ মানুষ এবং ক্ষুদ্র ব্যবসায়ীরাও সহজে ডিজিটাল লেনদেনের সুবিধা গ্রহণ করতে পারবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## ২ কোটি ৪০ লাখ শিশু পাবে ভিটামিন `এ, ক্যাপসুল, ২৮ জুন ক্যাম্পেইন

আগামী ২৮ জুন সারাদেশে জাতীয় ভিটামিন `এ, প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হতে যাচ্ছে। এবারের ক্যাম্পেইনে দেশের প্রায় ২ কোটি ৪০ লাখ শিশুকে ভিটামিন `এ, ক্যাপসুল খাওয়ানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বৃহস্পতিবার (২৫ জুন) সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনে স্বাস্থ্য প্রতিমন্ত্রী ড. এম এ মুহিত এসব তথ্য জানান। প্রতিমন্ত্রী জানান, আগামী ২৮ জুন সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত সারাদেশে একযোগে এই ক্যাম্পেইন চলবে। তবে কোনো শিশু যদি ওইদিন বাদ পড়ে, তবে পরদিনও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে ক্যাপসুল খাওয়ানো যাবে। এছাড়া ১২টি জেলার ৫৮টি দুর্গম উপজেলায় ক্যাম্পেইনের পরের চারদিনও এই ক্যাপসুল বিতরণ করা হবে। সংবাদ সম্মেলনে জানানো হয়, রাতকানা রোগসহ শিশু অন্ধত্বের বড় কারণ ভিটামিন `এ,-র অভাব। এই অভাব দূরীকরণে ক্যাম্পেইনে ৬ থেকে ১১ মাস বয়সী শিশুদের একটি করে নীল রঙের এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী শিশুদের একটি করে উচ্চ ক্ষমতাসম্পন্ন লাল রঙের ভিটামিন `এ, ক্যাপসুল খাওয়ানো হবে। ক্যাম্পেইনের প্রস্তুতি তুলে ধরে ড. এম এ মুহিত বলেন, শিশুদের ক্যাপসুল খাওয়ানোর জন্য দেশজুড়ে ১ লাখ ২০ হাজার স্থায়ী কেন্দ্রের পাশাপাশি জনগুরুত্বপূর্ণ বিভিন্ন স্থানে ৫০০টি অস্থায়ী কেন্দ্র প্রস্তুত করা হয়েছে। তিনি আরও বলেন, রাতকানা রোগ থেকে শুরু করে শিশু অন্ধত্বের একটা প্রধান কারণ হচ্ছে ভিটামিন `এ,-র অভাব। বাংলাদেশে দুই দশক আগেও অপুষ্টিজনিত কারণে শিশুদের অন্ধ হয়ে যাওয়ার চিত্র দেখা যেতো। তবে নিয়মিত ভিটামিন `এ, ক্যাপসুল বিতরণ চালু হওয়ার পর এই হার অত্যন্ত দ্রুত কমে এসেছে। আজকাল ভিটামিনের অভাবজনিত কারণে অন্ধত্ব বরণ করা শিশু খুব কমই দেখা যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## চীনের সঙ্গে আরও গভীর শিল্প অংশীদারত্ব গড়ে তুলতে চায় বাংলাদেশ

চীনা বিনিয়োগকারীদের বাংলাদেশে ভ্যালুচেইন সম্প্রসারণের আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। চীনের সঙ্গে আরও গভীর শিল্প অংশীদারত্ব গড়ে তুলতে বাংলাদেশের আগ্রহের কথাও জানান তিনি। `বাংলাদেশ ইনভেস্টমেন্ট ফোরাম, শীর্ষক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্যে চীনের ব্যবসায়ীদের উদ্দেশ্যে তিনি এ আহ্বান জানান। বৃহস্পতিবার (২৫ জুন) স্থানীয় সময় সকাল ১০টা ৩০ মিনিটে (বাংলাদেশ সময় সকাল ৮টা ৩০ মিনিটে) বেইজিংয়ের দিয়াওইউতাই হোটেলে এ সম্মেলনের আয়োজন করা হয়। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) আয়োজিত এ সম্মেলনে বাংলাদেশে বিনিয়োগের সুযোগ-সুবিধা নিয়ে চীনা ব্যবসায়ীদের সামনে বিশেষ উপস্থাপনা দেন বিডার নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী। সম্মেলনে চীনের ১২৫ জন ব্যবসায়ী অংশ নেন। চীনা ব্যবসায়ীদের উদ্দেশ্যে দেওয়া বক্তব্যে প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ ব্যবসার জন্য উন্মুক্ত, ভবিষ্যতের জন্য প্রস্তুত এবং চীনের সঙ্গে আরও গভীর শিল্প অংশীদারত্ব গড়ে তুলতে আগ্রহী। তিনি চীনা কোম্পানিগুলোকে বাংলাদেশে তাদের ভ্যালুচেইন সম্প্রসারণের আহ্বান জানান। তিনি বলেন, আন্তর্জাতিক পুঁজি সংক্রান্ত কার্যপ্রণালি ঢেলে সাজাতে সরকার ১৮০ দিনের একটি কর্মপরিকল্পনা বাস্তবায়ন করছে। এর মাধ্যমে আমলাতান্ত্রিক জটিলতা হ্রাস, সরকারি সেবার ডিজিটালাইজেশন,

নীতির ধারাবাহিকতা নিশ্চিতকরণ এবং বিনিয়োগবান্ধব পরিবেশ গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। সরকারপ্রধান আরও জানান, চট্টগ্রামের আনোয়ারায় চীনা অর্থনৈতিক ও শিল্পাঞ্চল এবং মোংলায় দ্বিতীয় অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলা হচ্ছে। পাশাপাশি চীনা বিনিয়োগকারীদের আরও কার্যকর সেবা দেওয়ার লক্ষ্যে শিগগির চীনে বাংলাদেশের প্রথম ‌‌'বিনিয়োগ কার্যালয়, চালু করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## ৩০ হাজার কোটি টাকার মনোরেল প্রকল্পে জালিয়াতির অভিযোগ

চট্টগ্রাম নগরীতে প্রায় ৩০ হাজার কোটি টাকার মনোরেল প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (এমওইউ) শেষ পর্যন্ত বাতিল করেছে চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক)। মিশরের দুটি খ্যাতনামা নির্মাণ প্রতিষ্ঠান ওরাসকম কনস্ট্রাকশন ও দ্য আরব কন্ট্রাক্টরসের প্রতিনিধি পরিচয়ে চসিকের সঙ্গে চুক্তি করা ব্যক্তি প্রকৃতপক্ষে প্রতিষ্ঠান দুটির অনুমোদিত প্রতিনিধি নন বলে ঢাকাস্থ মিশরীয় দূতাবাস বাংলাদেশ সরকারকে জানায়। এরপরই চুক্তি বাতিলের সিদ্ধান্ত নেয় চসিক। বৃহস্পতিবার (২৫ জুন) মেয়র ডা. শাহাদাত হোসেন স্বাক্ষরিত এক অফিস আদেশে মনোরেল প্রকল্প-সংক্রান্ত সমঝোতা স্মারক ও সংশ্লিষ্ট চুক্তিপত্র বাতিল করা হয়। চসিক সূত্রে জানা যায়, ২০২৫ সালের ১ জুন 'আরব কন্ট্রাক্টরস ও ওরাসকম পেনিনসুলা কনসোর্টিয়াম, এর পক্ষে দাবি করে কাউসার আলম চৌধুরী চসিকের সঙ্গে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। পরে প্রকল্পটির সম্ভাব্যতা যাচাই ও বাস্তবায়নের বিষয়ে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) সহযোগিতাও চাওয়া হয়। বিষয়টি বিভিন্ন সরকারি দপ্তর ও মন্ত্রণালয়ের আলোচনাতেও স্থান পায়। তবে গত ২২ জুন ঢাকাস্থ মিশরীয় দূতাবাস পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিডাকে জানায়, কাউসার আলম চৌধুরীর সঙ্গে ওরাসকম কনস্ট্রাকশন কিংবা দ্য আরব কন্ট্রাক্টরসের কোনো প্রতিনিধিত্বমূলক, চুক্তিভিত্তিক বা অনুমোদিত সম্পর্ক নেই। তিনি প্রতিষ্ঠান দুটির পক্ষে কোনো আলোচনা, চুক্তি স্বাক্ষর বা প্রকল্প প্রচারের অনুমোদনও পাননি। এদিকে চুক্তি বাতিলের ঘটনায় মনোরেল প্রকল্প বাস্তবায়নের পুরো প্রক্রিয়া এবং সংশ্লিষ্ট যাচাই-বাছাই নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। কীভাবে বিদেশি প্রতিষ্ঠানের প্রতিনিধিত্বের দাবি যাচাই না করেই এত বড় প্রকল্পের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলো, তা নিয়েও আলোচনা শুরু হয়েছে। দূতাবাসের এই বার্তার পর পররাষ্ট্র মন্ত্রণালয় বিষয়টি চসিককে অবহিত করে। পরদিনই চুক্তি বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## মাদকের ৮০ হাজার মামলা বিচারাধীন, পৃথক ট্রাইব্যুনাল গঠনের উদ্যোগ

দেশে মাদকসংক্রান্ত প্রায় ৮০ হাজার মামলা বিচারাধীন থাকায় বিচারপ্রক্রিয়া দীর্ঘসূত্রতায় পড়ছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, এই জট কমাতে মাদক মামলার জন্য পৃথক ট্রাইব্যুনাল গঠনের উদ্যোগ নেওয়া হয়েছে। বৃহস্পতিবার (২৫ জুন) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে 'মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২০২৬, উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। পরে দিবসটি উপলক্ষে নির্বাচিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর মধ্যে সরকারি অনুদানের চেক বিতরণ করা হয়। সালাহউদ্দিন আহমদ বলেন, বিদ্যমান মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন দিয়ে কার্যকরভাবে মাদকের বিরুদ্ধে লড়াই করা যাচ্ছে না। মাদক কারবারিদের অনেকেরই সশস্ত্র গ্রুপ রয়েছে, অথচ অভিযানে যাওয়া অধিদপ্তরের পরিদর্শকদের কাছে কোনো অস্ত্র নেই। এ পরিস্থিতিকে তিনি 'ঢাল-তলোয়ারবিহীন নিধিরাম সর্দারের, সঙ্গে তুলনা করেন। মন্ত্রী বলেন, মাদক শনাক্তকরণে পর্যাপ্ত পরীক্ষাগার নেই। ফলে জব্দ হওয়া মাদকের দ্রুত পরীক্ষা ও আইনি প্রক্রিয়া সম্পন্ন করতেও সমস্যা হচ্ছে। অন্যদিকে মামলা পরিচালনায় বিদ্যমান আদালতগুলোকে হিমশিম খেতে হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## তারেক রহমান-শি জিনপিং বৈঠক কাল, আজ প্রধানমন্ত্রী লি কিয়াংয়ের সঙ্গে

চীনের প্রধানমন্ত্রী লি কিয়াং এবং প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে বৈঠক করবেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার (২৫ জুন) বেইজিংয়ে এক সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন এ তথ্য জানান। তিনি বলেন, চীনের স্থানীয় সময় বৃহস্পতিবার বিকেল ৫টায় বেইজিংয়ের গ্রেট হলে প্রধানমন্ত্রী লি কিয়াংয়ের সঙ্গে তারেক রহমানের বৈঠক অনুষ্ঠিত হবে। বৈঠকের পর দুই দেশের প্রধানমন্ত্রীর উপস্থিতিতে বাংলাদেশ ও চীনের মধ্যে বিভিন্ন বিষয়ে ১৫টি সমঝোতা স্মারক (এমওইউ) সই হবে। পরে চীনের প্রধানমন্ত্রী বাংলাদেশের প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীদের সম্মানে রাষ্ট্রীয় ভোজের আয়োজন করবেন। মাহদী আমিন আরও বলেন, শুক্রবার (২৬ জুন) স্থানীয় সময় সকাল সাড়ে ১০টায় গ্রেট হলে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে প্রধানমন্ত্রী তারেক রহমানের সাক্ষাৎ অনুষ্ঠিত হবে। এসব বৈঠকে বাংলাদেশের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় তুলে ধরা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## আনোয়ারায় মা-মেয়ে হত্যা: ৭ কার্যদিবসে চার্জশিট

চট্টগ্রামের আনোয়ারায় মা ও মেয়েকে ছুরিকাঘাতে আলোচিত হত্যা মামলায় মাত্র সাত কার্যদিবসের মধ্যে আদালতে অভিযোগপত্র (চার্জশিট) দিয়েছে পুলিশ। তদন্তে সংগৃহীত সাক্ষ্য-প্রমাণ, আসামির স্বীকারোক্তিমূলক জবানবন্দি ও

ময়নাতদন্ত প্রতিবেদনের ভিত্তিতে অভিযোগপত্র দাখিল করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ। বুধবার (২৪ জুন) রাতে চট্টগ্রাম জেলা পুলিশের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। মামলার তদন্তকারী কর্মকর্তা আনোয়ারা থানার উপপরিদর্শক (এসআই) মোহাম্মদ জুয়েল মিয়া আদালতে অভিযোগপত্র জমা দেন। এতে দণ্ডবিধির ৩২৩, ৩০৭ ও ৩০২ ধারায় আসামির বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে। গত ১৩ জুন রাতে আনোয়ারা উপজেলার পরৈকড়া ইউনিয়নের চেনামতি গ্রামে নিজ বাড়িতে এনি বড়ুয়া ও তার মেয়ে প্রিয়ন্তী বড়ুয়াকে ছুরিকাঘাতে হত্যা করা হয়। এ ঘটনায় আরেক শিশু গুরুতর আহত হয়। খবর পেয়ে পুলিশ ও জেলা গোয়েন্দা শাখার (ডিবি) সদস্যরা ঘটনাস্থলে গিয়ে তদন্ত শুরু করেন। পুলিশ জানায়, ঘটনার পরদিন পটিয়া রেলস্টেশন এলাকা থেকে তেজপ্রিয় বড়ুয়া (৪০) নামের এক ব্যক্তিকে গ্রেফতার করা হয়। জিজ্ঞাসাবাদে তিনি হত্যাকাণ্ডে জড়িত থাকার কথা স্বীকার করেন। তার দেওয়া তথ্যের ভিত্তিতে হত্যাকাণ্ডে ব্যবহৃত ছুরি ও নিহতদের ব্যবহৃত স্মার্টফোন উদ্ধার করা হয়। পরে আদালতে দেওয়া ১৬৪ ধারার জবানবন্দিতেও তিনি অপরাধের কথা স্বীকার করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## বিএনপি ও চীনের কমিউনিস্ট পার্টির মধ্যে প্রথম সমঝোতা স্মারক স্বাক্ষর

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ও চীনের কমিউনিস্ট পার্টির (সিপিসি) মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। এটি বিএনপি ও চীনের কমিউনিস্ট পার্টির মধ্যে প্রথমবারের মতো স্বাক্ষরিত কোনো সমঝোতা স্মারক। বৃহস্পতিবার (২৫ জুন) চীনের স্থানীয় সময় সকাল ৮টা ৪৫ মিনিটে বেইজিংয়ের রাষ্ট্রীয় অতিথি ভবন দিয়াওইউতাইয়ে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি শাহাদাৎ স্বাধীন এ তথ্য জানান। বিএনপির পক্ষে প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা ও বিএনপির যুগ্ম মহাসচিব (আন্তর্জাতিক সম্পর্ক) হুমায়ুন কবির এবং চীনের কমিউনিস্ট পার্টির আন্তর্জাতিক বিভাগের মন্ত্রী লিউ হাইশিং সমঝোতা স্মারকে সই করেন। এসময় তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দীন স্বপন, পানিসম্পদ মন্ত্রী শহীদউদ্দীন চৌধুরী এ্যানি, বেসামরিক বিমান ও পর্যটন প্রতিমন্ত্রী এম. রশিদুজ্জামান মিল্লাত এবং ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

## আদালত অবমাননার নোটিশ অবমাননা করে পাউবোর ৩ কর্মকর্তাকে পদোন্নতি

হাইকোর্টে বিচারাধীন আদালত অবমাননা মামলাকে অবমাননা করে পদোন্নতি দেওয়া হচ্ছে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) তিন কর্মকর্তাকে। এ লক্ষ্যে সিনিয়র কর্মকর্তাকে বাদ দিয়ে জুনিয়র তিন কর্মকর্তাকে দেওয়া হয়েছে `চলতি দায়িত্ব,। বিষয়টিকে চ্যালেঞ্জ করে রিট করেন পদোন্নতি-বঞ্চিত এক সিনিয়র কর্মকর্তা। শুনানি শেষে হাইকোর্টের এক বেঞ্চ সিনিয়র কর্মকর্তার বিরুদ্ধে দেওয়া অধিকতর তদন্তের আদেশ স্থগিত করেন। স্থগিতাদেশ সত্ত্বেও সেই আদেশ অগ্রাহ্য করে এগিয়ে নেওয়া হয় তিন জুনিয়র কর্মকর্তার পদোন্নতির নোট। তারই পরিপ্রেক্ষিতে পাউবোর মহাপরিচালককে আদালত অবমাননার নোটিশ দেওয়া হয়। তবে সেই নোটিশ অগ্রাহ্য করে তিনি সিনিয়র কর্মকর্তাকে বাদ দিয়ে পদোন্নতির সারসংক্ষেপ পাঠান পানিসম্পদ মন্ত্রণালয়ে। রিটকারী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রধান প্রকৌশলী (পুর) মো. রাফিউস সাজ্জাদের আইনজীবী তাপস কুমার বিশ্বাসের দেওয়া তথ্যমতে, রাফিউস সাজ্জাদের বিরুদ্ধে একটি বিভাগীয় মামলা ছিল। পাউবোর (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক এবং বাংলাদেশ পানি উন্নয়ন আইন-২০০০ অনুযায়ী, পাউবোর মহাপরিচালক কর্তৃক মামলাটি নিষ্পত্তি করার কথা। কিন্তু তৎকালীন মহাপরিচালক মামলাটি নিষ্পত্তি না করে তদন্ত প্রতিবেদন পানিসম্পদ মন্ত্রণালয়ে পাঠিয়ে দেন। পরে মন্ত্রণালয় গত ১৩ এপ্রিল বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধি ৫১(২)(৩) অনুযায়ী অধিকতর তদন্তপূর্বক পাউবোর মহাপরিচালককে নির্দেশনা দেওয়া হয়। সে অনুযায়ী পাউবো একটি নতুন তদন্ত কমিটি গঠন করে। অথচ বিভাগীয় মামলাটি প্রবিধি ৫২ ধারা অনুযায়ী দায়ের করায় এটা অধিকতর তদন্তের জন্য নতুন করে তদন্ত কমিটি গঠনের সুযোগ নেই। পাউবোর মহাপরিচালক চাকরি প্রবিধানমালা-২০১৩ এবং বাংলাদেশ সার্ভিস রুলস-২০২৮ এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী আইনসঙ্গতভাবে বিভাগীয় মামলা নিষ্পত্তি করেননি। এর পরিপ্রেক্ষিতে পাউবোর প্রধান প্রকৌশলী (পুর) মো. রাফিউস সাজ্জাদ রিট করেন। শুনানি শেষে হাইকোর্টের বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী এবং বিচারপতি আবদুর রহমানের সমন্বয়ে গঠিত বেঞ্চ অধিকতর তদন্তের আদেশটি ছয় মাসের জন্য স্থগিত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৫.০৬.২০২৬ রিহাব)

# BBC

## EUROPE'S HEATWAVE SHIFTS EAST AS FRANCE RAISES HEALTH ALERT TO HIGHEST LEVEL

Heatwave conditions that have left Spain, France and the UK sweltering for days are set to shift to the east, with forecasters in Germany and the Czech Republic warning of extreme conditions. Temperatures in Germany could hit 40C in some western and south-western areas on Thursday, and across the country on Friday. An extreme weather warning is now in place in much of the Czech Republic. In France, Prime Minister Sebastien Lecornu has

announced that the health alert level is being raised to its highest, to boost hospital staffing and protect the vulnerable. Health Minister Stephenie Rist said they were now seeing deaths among young people linked to the extreme temperatures, as well as the elderly. Meanwhile, a three-year-old child has been found dead in a car in the Paris region, days after two young children were found dead in the family's car in the southern town of Carpentras. (BBC News Web Page: 25/06/26, FARUK)

**US RESPONSE WILL BE 'BIG AND FAST' AS NATIONS AROUND THE WORLD PLEDGE HELP: RUBIO**

US Secretary of State Marco Rubio says he has spoken to Venezuela's acting president Delcy Rodriguez and explains US response to the earthquakes in Venezuela will be "big, it'll be fast, and it'll be effective". Speaking to the media, he says the US is already deploying search and rescue teams from Virginia and Los Angeles, adding that Venezuela will need a lot of help searching collapsed buildings. He says the airport in the Venezuelan capital Caracas has been damaged and explains one of its runways has been cracked. (BBC News Web Page: 25/06/26, FARUK)

**30 AFTERSHOCKS AND AN IMF RECONSTRUCTION FUND: ACTING PRESIDENT**

Venezuela's acting president Delcy Rodriguez speaking on the state-run television channel Venezolana de Television says, there have been 30 aftershocks following the two earthquakes. She confirms that 164 people have been registered as killed by the earthquakes, with 971 injured. Rodriguez adds that a fund of $200m has been created from the International Monetary Fund (IMF) to aid the reconstruction of damaged infrastructure and homes. (BBC News Web Page: 25/06/26, FARUK)

**EARTHQUAKE IS DEVASTATING BLOW TO VENEZUELA AT TIME OF UNCERTAINTY**

With the number of people killed in the powerful twin quakes which struck Venezuela on Wednesday still rising, there is no doubt that this natural disaster is a devastating blow to a country already mired in uncertainty. It has been less than six months since Nicolas Maduro, the left-wing leader who had ruled the country since 2013, was seized by US forces in a dawn raid on his presidential compound in the capital, Caracas, and taken to New York to stand trial on drug-trafficking charges. Venezuela has since been governed by Maduro's ally and former vice-president, Delcy Rodriguez, much to the chagrin of opposition supporters who had hoped the Trump administration would put opposition leader Maria Corina Machado in charge. Rodriguez's response to the quake has revealed some of the things which have - and have not - changed since the January raid, as well as the many challenges facing the country's battered infrastructure. (BBC News Web Page: 25/06/26, FARUK)

**SUPPORT AND SOLIDARITY EXTENDED BY WORLD LEADERS**

World leaders have expressed their support for Venezuela following Wednesday's earthquake:

*Emmanuel Macron, France's president, says in a post on X that he extends solidarity to the victims, their loved ones, and those mobilized on the ground.

* Spanish Prime Minister Pedro Sanchez says all of his support, "and that of Spain", is with those in Venezuela, adding that his and the country's thoughts are with the victims and their families.

* China's foreign ministry spokesperson Guo Jiakun told a news briefing that the country would do what it could to help Venezuela, adding there had been no reports so far of Chinese casualties.

* President of El Salvador Nayib Bukele says 300 rescuers and paramedics alongside 50 tons of equipment, medicines and essential supplies are ready to be sent to Caracas from the country.

* Earlier, US President Donald Trump said he had "instructed all agencies of our government to get ready to move quickly", while Secretary of State Marco Rubio said the country was "immediately deploying search and rescue teams, medical resources and humanitarian assistance" to Venezuela. (BBC News Web Page: 25/06/26, FARUK)

**POLICE SEAL OFF KEY ROADS IN NAIROBI AS KENYA BRACES FOR GEN Z PROTESTS**

Police in Kenya have sealed off key roads leading into central Nairobi ahead of planned nationwide protests marking two years since deadly Gen-Z-led anti-government demonstrations. Protesters say they are demanding justice for more than 80 people killed

and dozens more injured during the 2024 anti-tax demonstrations and anniversary protests last year. There have been pockets of clashes between police and protesters, with security forces firing tear gas and demonstrators throwing stones in some areas. But central Nairobi is deserted after security forces blocked access, stranding commuters on the city's outskirts, while many businesses and schools remained closed. The planned protests, largely mobilized through social media platforms, are expected to take place in major towns including Nairobi, Mombasa and parts of central Kenya.
(BBC News Web Page: 25/06/26, FARUK)

**TRUMP ASKS CONGRESS FOR BILLIONS FOR IRAN WAR, AFTER TENSION WITH REPUBLICANS**

The White House has asked lawmakers to approve $87.6bn, mostly for "urgent needs" connected with the US war on Iran, a day after Congress passed a resolution rebuking the military action. The bulk of the funding - $67bn - is for the US Department of Defence, the White House said. But the proposal faces an uphill battle in Congress. The Iran conflict is unpopular with voters ahead of the US midterm elections in November, though a ceasefire is currently in effect. US President Donald Trump has also found himself at odds with some members of his Republican Party over the issue of Iran, and is alleged to have ended up in an angry exchange with one senator on Wednesday. The senator, Bill Cassidy of Louisiana, was one of a handful of Republicans who defied the president on Tuesday by voting to pass a measure demanding that he halt the war or seek congressional approval before continuing military action. (BBC News Web Page: 25/06/26, FARUK)

**OIL PRICES FALLS BACK TO PRE-IRAN WAR LEVELS**

The price of oil has fallen to levels not seen since before the Iran war as traffic through the key Strait of Hormuz shipping route gradually resumes. Global benchmark Brent crude briefly fell below $72.48 a barrel, the price it was at the day before the US and Israel launched attacks on Iran on 28 February, before edging up to $72.63. Energy prices have been on a wild ride since Iran responded to the strikes by effectively closing the strait, a critical waterway for oil and gas shipments. The cost of crude has been moving sharply lower since the US and Iran signed a Memorandum of Understanding (MoU) on 17 June which set out a 60-day period for negotiations on Tehran's nuclear programme and other measures to end the war. (BBC News Web Page: 25/06/26, FARUK)

**PHILIPPINES BANS VIDEO GAME PLAYED BY ALLEGED HIGH SCHOOL SHOOTER**

The Philippines has temporarily blocked gaming app Gorebox after an initial investigation found that a teenage suspect in a rare school shooting had been playing the game. Three students were killed and 20 others wounded after two suspects - aged 15 and 14 - allegedly fired handguns inside a classroom in Tacloban, south-east of Manila, on Monday. Police said the 14-year-old was a player of Gorebox, a game where players can "obliterate anything they desire" and "engage in brutal combat with an extensive arsenal of weapons and explosives", according to its Google Play listing. "We cannot ignore possible online influences that may have contributed to this tragic incident," the country's cyber-security agency said. (BBC News Web Page: 25/06/26, FARUK)

**INDEPENDENT MPs LAUNCH NEW AUSTRALIAN CENTRIST PARTY**

Two independent Australian MPs have banned together to launch a new centrist political party which they say is a response to an increasingly divisive landscape. The Community Strong Australia party - launched in Canberra on Thursday - will offer "unity over division and reason over rage", will have no leader and will allow members to vote freely, rather than along party lines. Its two members - Sydney MPs Zali Steggall and Allegra Spender - are from a group of independent MPs known as "teals" who share socially liberal values and want greater climate action. The party will offer an "alternate political force" to the current two-party system in Australia, the pair said. (BBC News Web Page: 25/06/26, FARUK)

**::--::THE END::--::**